আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১



২৬ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৭ || সংখ্যা ৪৬ || সোমবার || ভাদ্র ০৬ || ১৪৩০ || সফর ০৫ || ১৪৪৫ || Vol. 27 || Issue 46 || August 21 || 2023 || USA. FREE in NY, Other State $1



আলাদীন
Aladdin
২৯-০৩ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086


## নিউইয়র্ক সিটির সরকারি ডিভাইসে টিকটক ব্যবহারে নিষেধাজ্ঞা



**বাংলা পত্রিকা ডেস্কঃ** নিউইয়র্ক সিটি সরকারি ডিভাইসগুলো থেকে টিকটকের অ্যাপ মুছে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে। সিটি কর্তৃপক্ষের যে (বাকি অংশ ১৮ পাতায়)

# ভাড়া বাড়লো নিউইয়র্কের সাবওয়ে, বাস ও রেলের



**বাংলা পত্রিকা রিপোর্টঃ** নিউইয়র্ক বসবাসের জন্য ব্যয়বহুল সে কথা সকলেরই জানা। আর প্রতিনিয়তই বাড়ছে সেই ব্যয়ের মাত্রা। রোববার থেকে বাড়লো আরও এক দফা। বিশেষ করে যারা সাবওয়ে, বাস কিংবা ট্রেনে করে যাতায়াত করেন তাদের ওপর নতুন খরচের খাড়া নামলো। এই দিন থেকে কার্যকর করা হলো সাবওয়ে, বাস ও ট্রেন তিনটিরই ভাড়া। মেট্রোপলিটন ট্রান্সপোর্ট অথরিটি এই সিদ্ধান্ত বাস্তবায়ন করছে। সাবওয়ের প্রতি রাইডের ভাড়া ২.৭৫ ডলার থেকে বাড়িয়ে ২.৯০ ডলার করা হয়েছে। যারা ৭ দিনের আনলিমিটেড টিকেট কিনে নেন তাদের জন্য দাম এক ডলার বেড়ে সপ্তাহে খরচ ৩৪ ডলার করা হয়েছে। আর যারা ৩০ দিনের কার্ড কিনে নেন তাদের জন্য দাম বাড়লো ৫ ডলার। আগে যে টিকেট ১২৭ ডলারে কেনা যেতো এখন তা ১৩২ ডলারে দাঁড়ালো। নগরীর সকল স্থানে যে সাবওয়ে যোগে যাওয়া সম্ভব তা নয়। আর তাতে সময়ও বেশি লাগে। ফলে যাত্রীদের সুবিধার জন্য চালু রয়েছে এক্সপ্রেস বাস। অফিসগামীদের জন্য এই বাস বেশ কার্যকর। অপেক্ষাকৃত বেশি ভাড়া দিয়ে হলেও যাত্রীরা তাদের প্রয়োজনে এই রাইড নেয়। সেটা আরও ব্যয়বহুল হয়ে উঠলো। আগে এর ভাড়া ছিলো প্রতি রাইড ৬.৭৫ ডলার। যা এখন বেড়ে (বাকি অংশ ১৮ পাতায়)

## ১০০ বছর বয়সে মারা গেলেন নিউইয়র্কের সেনেটর জেমস বাকলে

**বাংলা পত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্র সিনেটে এক সময়ে নিউইয়র্কের প্রতিনিধিত্বকারী কনজারভেটিভ পাটির্র সদস্য জেমস বাকলে মারা গেছেন। তার বয়স হয়েছিলো ১০০ বছর। বাকলে ছিলেন খ্যাতনামা কনজারভেটিভ সাংবাদিক উইলিয়াম এফ. বাকলে;র ভাই। (বাকি অংশ ১৮ পাতায়)

## ৮০৪,০০০ জনের শিক্ষাঋণ মওকুফ




**বাংলা পত্রিকা ডেস্কঃ** গেলে সপ্তাহের গোড়া থেকেই শুরু হয় প্রক্রিয়া। যুক্তরাষ্ট্রের ৮ লাখ ৪ হাজার ঋণগ্রহীতার শিক্ষা ঋণ মওকুফ শুরু করেছে বাইডেন প্রশাসন। সোমবার থেকেই কেন্দ্রীয় শিক্ষাঋণ গ্রহীতারা বার্তা পেতে শুরু করেন। এতে বলা হচ্ছে- ‘আপনার শিক্ষাঋণ মওকুফ করা হয়েছে। বাইডেন প্রশাসন আগেই ঘোষণা করেছিলো ঋণ মওকুফের পরিকল্পনায় যারা এর আওতাভুক্ত হয়েও মওকুফ পায়নি তেমন ৮০৪০০০ জনকে এবার নিশ্চিত করেই মওকুফ সুবিধা দেওয়া হবে। আগে না দিতে পারাটা প্রশাসনেরই ব্যর্থতা বলে মনে করছে কর্তৃপক্ষ। ধারণা করা হচ্ছে আগামী কয়েক সপ্তাহের মধ্যে ৮ লাখেরও (বাকি অংশ ১৮ পাতায়



## আশ্রয় প্রার্থীদের রাখা হবে পরিত্যাক্ত জেলখানায়!

**বাংলা পত্রিকা ডেস্কঃ** এক সময় দাগী সব আসামিদের রাখা হতো এই জেলে। কিন্তু সেটি এখন পরিত্যাক্ত। এখানেই আত্মহত্যা করেছিলেন যৌন সহিং-সতার অপরাধে দণ্ডিত ফাইন্যান্সিয়ার জেফরি এপসটেইন। এরপর এক পর্যায়ে জেলখানাটি বন্ধ করে দেওয়া হয়। কিন্তু এই ভবনটিকেই এখন ভাবা হচ্ছে সম্ভাব্য আশ্রয়কেন্দ্র হিসেবে। প্রতিদিন শত শত নব্য অভিবাসী এসে ভীর করছে নিউইয়র্কে। তাদের সামাল দিতে (বাকি অংশ ১৮ পাতায়)

## নির্বাচনে হস্তক্ষেপ: জর্জিয়াতেও অভিযুক্ত ট্রাম্প



**বাংলা পত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্রের ২০২০ সালের নির্বাচনে জর্জিয়া অঙ্গরাজ্যে পরাজয়ের ফল পাল্টে দেওয়ার চেষ্টার অভিযোগে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অভিযুক্ত করা হয়েছে। (বাকি অংশ ১৮ পাতায়)

## আউটডোর ডাইনিংয়ের স্থায়ী ব্যবস্থা, ১ লাখ কর্মসংস্থানের প্রত্যাশা নিউইয়র্কে

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** গেলো বুধবারে নিউইয়র্কের ব্রঙ্কসে কিউবান রেস্তোঁরা হ্যাভানা ক্যাফের সামনে সাইডওয়াকে পাতা টেবিলে বসে হাস্যোজ্জ্বল চেহারায় মেয়র এরিক অ্যাডামস সাক্ষর করেন (বাকি অংশ ১৮ পাতায়)


APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
• TAX Liens Charge-Offs • Inquiries • Collections
• Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

WIN ZONE REALTY INC
Licensed Real Estate Broker
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-899-7000
F: 718-899-2000
khanf04@yahoo.com
Ferdous Khan
Licensed Real Estate Sales Associate
Zillow
81-15 Queens Blvd. 2Fl
Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax · Sales Tax · Payroll · Notary Public
Bookkeeping · Business Formation
Financial Statement · Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেভ $589+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

# ২৩ জানুয়ারি ২০২৩ থেকে ট্যাক্স ফাইলিং শুরু হচ্ছে

## কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান তাহলে সর্বাধিক রিফাণ্ড পাবেন এবং ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।

We are Top 500 intuit Company

AUTHORIZED IRS e-file PROVIDER






Steven M. Levy, CPA

আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।

# Southeast USA Income Tax Services

**জ্যাকসন হাইটস**
74-09 37th Avenue, Suite # 206
Jackson Heights, NY 11372
**Phone: 718-639-6207**
**Cell: 917-566-1612**

**জ্যামাইকা**
168-16, Hillside Avenue
Jamaica, NY 11432
**Phone: 646-464-5944**
**718-487-4507**

**ব্রংক্স**
1445 Unionport Roa, Bronx, NY
পার্কচেস্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
**Phone: 347-621-0378**
**718-427-5919**

**email: usa.bd54@gmail.com**

বাংলা পত্রিকা ৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika




# রাশিয়ার চার অঞ্চলে ইউক্রেনের ড্রোন হামলা

**ঢাকা ডেস্ক, ২১ আগস্ট :** রাশিয়ার চারটি অঞ্চলে ড্রোন হামলা করেছে ইউক্রেন। এই হামলায় অন্তত পাচঁজন আহত হয়েছেন। মস্কোর দুটি বিমানবন্দর সাময়িকভাবে ফ্লাইটের রুট পরিবর্তন করেছে। রোববার ভোরে ইউক্রেন সীমান্ত অঞ্চল বেলগোরোড, কুরস্ক ও রোস্তভেও ড্রোন হামলা চালায়। খবর রয়টার্সের। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, মস্কো অঞ্চলে ইউক্রেন ড্রোন হামলা করেছে। একটি জনবসতিহীন এলাকায় ড্রোন বিধ্বস্ত হয়েছে। ভনুকোভো এবং ডোমোদেডোভো বিমানবন্দরে ফ্লাইটগুলো সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছিল। কুরস্ক অঞ্চলের গর্ভনর বলেন, ড্রোন হামলায় রেল স্টেশনে আগুন লেগে পাচঁজন আহত হয়েছেন। এদিকে রোস্তভ অঞ্চলের গর্ভনর বলেন, এ হামলায় কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের ঘটনা ঘটেনি। পরে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, বেলগোরোড অঞ্চলে দুটি পৃথক ড্রোন হামলা প্রতিরোধ করা হয়েছে। স্থানীয় গভর্নর টেলিগ্রামে বলেছেন, বেলগোরোড শহরের দিকে ১২টি লক্ষ্যবস্তু ধ্বংস করা হয়েছে।

# শেখ হাসিনা হারলে অস্থিতিশীলতার মুখে পড়বে বাংলাদেশ: দ্য হিন্দু

ঢাকা ডেস্ক, ২১ আগস্ট : শেখ হাসিনা জানুয়ারিতে অনুষ্ঠেয় নির্বাচনে হারলে বাংলাদেশ দীর্ঘ রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিতিশীলতার মুখে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। রোববার বাংলাদেশের আগামী জাতীয় নির্বাচন নিয়ে ভারতের প্রভাবশালী দৈনিক দ্য হিন্দু এক নিবন্ধে এ আশঙ্কা প্রকাশ করেছে।

সাংবাদিক প্রণয় শর্মার ওই প্রতিবেদনে বলা হয়েছে, শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের ক্ষমতা থেকে বিদায় কেবল ভারতের জন্য উদ্বেগের নয়, এতে দক্ষিণ এশিয়ায় আঞ্চলিক সহিংসতা ও অস্থিরতা বৃদ্ধির আশঙ্কা রয়েছে।

প্রণয় শর্মা লিখেছেন, প্রতিবেশীদের মধ্যে যে ভারতবিরোধী মনোভাব আছে, সেখানে শেখ হাসিনার সরকার খুব সম্ভবত ভারতের সবচেয়ে নির্ভরশীল ও ঘনিষ্ঠ মিত্র। যদিও ভারতকে দক্ষিণ এশিয়ায় 'বিগ পাওয়ার' হিসাবে ধরা হয় কিন্তু সাম্প্রতিক সময়ে তাদের এই অবস্থানে চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে চীন। আর দক্ষিণ এশিয়ায় চীন দিনের পর দিন তার অবস্থান শক্ত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

এতে বলা হয়েছে, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসন বাংলাদেশের গণতান্ত্রিক ধারা বিনষ্টকারীদের বিরুদ্ধে এক গুচ্ছ শাস্তিমূলক ব্যবস্থার ঘোষণা দিয়েছে এবং জানুয়ারিতে একটি সুষ্ঠু ও স্বাভাবিক নির্বাচন নিশ্চিত করতে চাইছেন। এর অংশ হিসাবে মার্কিন পররাষ্ট্র দপ্তর নির্বাচনে কারচুপির চেষ্টাকারীদের ভিসা নিষেধাজ্ঞার হুমকি দিয়েছে। যুক্তরাষ্ট্র ইতোমধ্যে পুলিশের এলিট ফোর্স র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) বর্তমান ও সাবেক বেশ কয়েকজন কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দিয়েছে। র‍্যাবের বিরুদ্ধে গত নির্বাচনে আওয়ামী লীগের জয়ে সহায়তা করার অভিযোগ রয়েছে। ২০০৯ সাল থেকে ক্ষমতায় থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে নির্বাচনে কারচুপি এবং রাজনৈতিক বিরোধীদের ভয়ভীতি দেখানোর অভিযোগ রয়েছে। এর মাধ্যমে তিনি নিজের অবস্থান শক্ত করেছেন এবং বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বেশি সময় ক্ষমতায় থাকার রেকর্ড গড়েছেন।

শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে সবসময় সুষ্ঠু নির্বাচন হচ্ছে। তবে সুষ্ঠু নির্বাচনের জন্য দলীয় নেতাকর্মী, সরকারি সংস্থা ও কর্মকর্তাদের লাগাম টেনে ধরতে তার ওপর চাপ দিচ্ছে যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন।



এর প্রমাণ পাওয়া যায় ঢাকার উপনির্বাচনে। যেখানে নির্বাচনে অংশ নেওয়া এক প্রার্থীর ওপর হামলা চালিয়েছিল আওয়ামী লীগের সমর্থকরা। ওই হামলার পর ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) কড়া ভাষায় সরকারের সমালোচনা করে বিবৃতি দিয়েছিল।

প্রতিবেদনে আরও বলা হয়, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন যুক্তরাষ্ট্রে আয়োজিত গণতান্ত্রিক সম্মেলন থেকে বাংলাদেশকে বাদ দিয়েছেন। যেখানে ভারত-পাকিস্তানসহ অন্যান্য দেশকে আমন্ত্রণ জানানো হয়েছিল। এছাড়া মে মাসে প্রধানমন্ত্রী বিশ্বব্যাংকের অনুষ্ঠানে যোগ দিতে ওয়াশিংটন গেলে বাইডেন প্রশাসন তাকে উপেক্ষা করেছে।

শেখ হাসিনাও মনে করেন, বাইডেন বাংলাদেশের গণতন্ত্রকে রক্ষা ধ্বংস করতে উঠেপড়ে লেগেছেন। সংসদে তিনি একবার বলেছেন, 'যুক্তরাষ্ট্র বিশ্বের যে কোনো দেশের সরকারকে ক্ষমতাচ্যুত করতে পারে, বিশেষ করে সেটা যদি মুসলিম দেশ হয়।'

প্রতিবেদনে বলা হয়েছে, নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রের অবস্থানের কারণে বাংলাদেশের বিরোধী দলগুলোকে পুনরুজ্জীবিত করেছে। দেশের সবচেয়ে বড় বিরোধী দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এখন অবাধে সমাবেশ করে সরকারের কঠোর সমালোচনা করছে।

বিএনপি নেতা আমির খসরু মাহমুদ চৌধুরীর একটি বক্তব্য তুলে ধরা হয়েছে এই প্রতিবেদনে। আমির খসরু বলেছেন, 'যদি নির্বাচন সুষ্ঠু হয়, তাহলে আওয়ামী লীগ ধ্বংস হয়ে যাবে।' প্রকৃতপক্ষে জামায়াত ও তাদের সমমনা দলগুলো নিয়ে বিএনপি বাংলাদেশে শাসন পরিচালনা করবে-এমন সম্ভাবনা ঢাকা ও দিল্লিতে উদ্বেগ ও শঙ্কা তৈরি করেছে।

হিন্দুর প্রতিবেদনে বলা হয়েছে, প্রায় এক দশক ধরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি একটি শক্তিশালী, বিশ্বস্ত এবং নির্ভরতার সম্পর্ক তৈরি করেছেন, যা দুই দেশ এবং এ অঞ্চলের জন্যই মঙ্গলজনক। ভারতের বর্তমান ক্ষমতাসীন দল বিজেপির নেতাদের মুসলিম-বিদ্বেষী এবং বাংলাদেশবিরোধী বক্তব্যকে শেখ হাসিনা যে পাত্তা দেননি-এর মাধ্যমে প্রমাণ হয়েছে দুই পক্ষের মধ্যে শক্তিশালী ও বিশ্বস্ত সম্পর্ক বিদ্যমান রয়েছে।

প্রতিবেদনে সংসদ-সদস্য সাবের হোসেন চৌধুরীর একটি বক্তব্য উল্লেখ করা হয়েছে। তিনি বলেছেন, 'বাংলাদেশ-ভারত সম্পর্ক বাণিজ্য ও বিনিয়োগ থেকে একটি সহযোগিতা এবং নিরাপত্তামূলক সম্পর্কে পরিণত হয়েছে। যেই সম্পর্কে মানুষের সঙ্গে মানুষের সরাসরি যোগাযোগ একটি প্রভাবক হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।' সাবের হোসেন চৌধুরী আরও বলেছেন, বাংলাদেশ ও ভারত সরকার দুই পক্ষের মধ্যে একটি উইন-উইন পরিস্থিতি সৃষ্টি করেছে এবং উভয় দেশের সরকারই অগ্রগতি, উন্নতি এবং আঞ্চলিক স্থিতিশীলতার ক্ষেত্রে একে-অপরের ওপর নির্ভরশীল।

দ্য হিন্দুর প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ ও ভারতের মধ্যকার এই সম্পর্কের মাধ্যমে দিল্লি এমন একটি উদাহরণ তৈরি করতে সম্মত হয়েছে, যেখানে দেখা যাচ্ছে ভারতের সঙ্গে ভালো সম্পর্ক থাকলে প্রতিবেশীরা কীভাবে সুফল পেতে পারে।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ভারত অগ্রগামী ভূমিকা পালন করেছে। কিন্তু পরবর্তীতে দ্বিপক্ষীয় সম্পর্কে চিড় ধরে। বাংলাদেশের বেশ কয়েকটি শাসক গোষ্ঠী সক্রিয়ভাবে বাংলাদেশের ভূখণ্ড ব্যবহার করে ভারতবিরোধী তৎপরতায় উৎসাহ দিয়েছে। কিন্তু শেখ হাসিনা ক্ষমতায় এসে দ্বিপক্ষীয় সম্পর্ক স্থিতিশীল করেছেন এবং দেশ থেকে ভারতবিরোধী সত্তা উপড়ে ফেলেছেন। তবে নয়াদিল্লি এবং ঢাকা আশঙ্কা করছে বাংলাদেশের বিরুদ্ধে নেওয়া বাইডেন প্রশাসনের সম্প্রতিক পদক্ষেপ সেই সম্পর্ককে ঝুঁকিতে ফেলতে পারে।

প্রতিবেদনের শেষ দিকে বলা হয়েছে, শেখ হাসিনা যদি নির্বাচনে হেরে যান, তাহলে বাংলাদেশে রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিতিশীলতা দীর্ঘায়িত হতে পারে। এমনকি আবারও বাংলাদেশ উগ্রবাদীদের আঁতুড় ঘরে পরিণত হতে পারে। ফলে আওয়ামী লীগের প্রস্থানের বিষয়টি শুধু ভারত নয়, পুরো দক্ষিণ এশিয়ার জন্য দুর্ভাবনার কারণ হয়ে দাঁড়াবে।








The International Association of Lions Club

## NEW YORK BANGLADESHI AMERICAN LIONS CLUB
## DISTRICT 20-R2, NEW YORK

# *Installation Ceremony 2023 & 10th Charter Anniversary*

**Saturday, August 26, 2023 | 7:00 pm.**

*Invited Guests only*



VENUE
**LAGUARDIA AIRPORT MARRIOTT**
102-05 DITMARS BLVD, EAST ELMHURST, NY 11369

## CONVENING COMMITTEE

**CONVENER**
LN. ROCKY AALIYAN
718-300-5194

**MEMBER SECRETARY**
LN. FEMD ROCKY
917-664-1405

**CHIEF COORDINATOR**
LN. HARUN BHUYAN

**EVENT COORDINATOR**
LN. ALAMGIR KHAN ALAM

**COORDINATOR**
LN. AMENA NAWAZ

**CHIEF LIAISON COORDINATOR**
LN. FAHAD R. SOLAIMAN

**MEMBERS**
LN. AKHUND MAHABBAT, LN. DAISY YEASMIN, LN. AKM RAFIQUEL ISLAM (DALIM),
LN. KAMRUL MOZUMDER, LN. MD LITU ANAM, LN. MOSTOFA RAJ (ANIK),
LN. MOHAMMED K. CHISHTI, LN. GOLAM N. HAIDER MUKUT,
LN. MOHAMMAD GOLAM SARWAR, LN. ASSMAIN NISHAN, LN. ASADUR RAHMAN JHANGIR JOY
LN. ABDUR RASHID BABU, LN. MASUD RANA TAPAN.

**LN. AHSAN HABIB**
President
646-331-3892

**LN. HASSAN ZILANI**
Secretary
917-971-7793

**LN. SHAH M. NAWAZ**
President (Elect)
646-591-8396

**LN. JFM RASEL**
Secretary (Elect)
917-306-0361

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

# সক্ষমতা ও সদিচ্ছার মাইলফলক

প্রাপ্তবয়স্ক সকল নাগরিককে অবসর ভাতার আওতায় আনয়নের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৃহস্পতিবার যেই সর্বজনীন পেনশন কর্মসূচি উদ্বোধন করিয়াছেন, উহা নিঃসন্দেহে দেশের সামাজিক সুরক্ষা খাতে একটি মাইলফলক হইয়া থাকিবে। নূতন এই ব্যবস্থা উদ্বোধনের মধ্যে দুইটি তাৎপর্য আমরা দেখিতে পাই। প্রথমত, যেই দেশে নির্বাচনের পূর্বে প্রতিশ্রুতি দিয়া পরবর্তী সময়ে ভুলিয়া যাওয়াই রেওয়াজ, তথায় ইহা ব্যতিক্রমী দৃষ্টান্ত।

আমাদের স্মরণে রহিয়াছে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে আওয়ামী লীগের ইশতেহারে যখন এই প্রতিশ্রুতি দেওয়া হইয়াছিল, তখন অনেকে প্রকল্পটির বাস্তবায়নযোগ্যতা লইয়া প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন। আমরা উৎসাহের সঙ্গে দেখিয়াছি, গত বৎসরের আগস্টেই 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল-২০২২' জাতীয় সংসদে উত্থাপিত এবং চলতি বৎসর জানুয়ারিতে অনুমোদন পাইয়াছিল। এখন উহার আনুষ্ঠানিক বাস্তবায়নও সূচিত হইল। বস্তুত এইখানেই নিহিত দ্বিতীয় তাৎপর্য–বর্তমান বাংলাদেশের অর্থনৈতিক সক্ষমতা ও সদিচ্ছার প্রমাণ। এইরূপ প্রকল্প বিশ্বের বিভিন্ন উন্নত দেশে বিদ্যমান। কিন্তু অধিকাংশ দেশের জনসংখ্যা আমাদের তুলনায় অনেক কম। ১৭ কোটি মানুষের দেশে সর্বজনীন অবসর ভাতা প্রদানের উদ্যোগকে দুঃসাহস বলিয়া আখ্যা দিলে অত্যুক্তি হইবে না।

আমরা জ্ঞাত, বর্তমান সরকারের টানা তৃতীয় মেয়াদে সামাজিক সুরক্ষা ব্যবস্থা বিশেষ মনোযোগ পাইয়াছে। প্রচলিত সামাজিক সুরক্ষা ব্যবস্থার সহিত মুক্তিযোদ্ধা ভাতা, বিধবা ভাতা, বয়স্ক ভাতাসহ নূতন কিছু সুরক্ষা ব্যবস্থা চালুর মাধ্যমে ইতোমধ্যে প্রশংসিত হইয়াছে। সতর্ক থাকিবার প্রশ্নটি এইখানেই। অপরাপর সামাজিক সুরক্ষা ব্যবস্থার সহিত ইহার আকার ও ব্যাপ্তিগত ব্যবধান বিশাল। খোদ অর্থমন্ত্রী গত বাজেট অধিবেশনে বলিয়াছিলেন, প্রকল্পটি চালু হইলে অর্থ রাখিবার স্থান পাওয়া যাইবে না। স্মরণে রাখিতে হইবে, এই বিপুল অর্থ নাগরিকগণের নিকট হইতে শুধু গ্রহণের বিষয় নহে; বর্ধিত অঙ্কে প্রদানও করিতে হইবে। ইহার উপর সর্বজনীন অবসর ভাতার ক্ষেত্রে 'সমতা' নামক একটি স্কিম রহিয়াছে, যথায় অতিদরিদ্রদের মাসিক চাঁদার অর্ধাংশ সরকার পরিশোধ করিবে। এই বিপুল ভর্তুকি ও লভ্যাংশ পরিশোধও সহজ কার্য নহে।

আমরা বিশ্বাস করি, এই অবসর ভাতা নিঃসন্দেহে অর্থনৈতিক শ্রেণি নির্বিশেষে বয়স্ক নাগরিকদের টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা বেষ্টনীতে আনিতে সহায়ক হইবে। কিন্তু ইহার ব্যবস্থাপনা হইবে বৃহৎ চ্যালেঞ্জ। সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা ড. এবি মির্জ্জা মো. আজিজুল ইসলামের সহিত আমরা একমত, সরকার কীভাবে বৃহৎ তহবিলটি ব্যবস্থাপনা করিবে, উহার উপরেই অনেক কিছু নির্ভর করিবে। প্রয়োজন হইবে বিপুল ও লাভজনক বিনিয়োগ ক্ষেত্রও। আর বিনিয়োগ পরিস্থিতি নির্ভর করে সামগ্রিক সুশাসন ও স্থিতিশীলতার উপর–কে না জানে! সর্বজনীন অবসর ভাতা ব্যবস্থাটি পরিচালনায়ও দক্ষতা ও সুশাসনের বিকল্প নাই। সরকারি কর্মচারীদিগের জন্য নির্ধারিত অবসর ভাতা লইয়া বিভিন্ন সময়ে যেই অনিয়ম ও অদক্ষতার অভিযোগ গোচরীভূত হয়; সর্বজনীন অবসর ভাতার ক্ষেত্রে উহার পুনরাবৃত্তি হইবে আত্মঘাতী।

# আরসেপ জোটে যোগদান কতটা যৌক্তিক হবে

॥ ড. ইফতেখার উদ্দিন চৌধুরী ॥

দেশে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের অসহনীয় ঊর্ধ্বগতি এবং ডলার-জ্বালানি সংকটসহ নানামুখী সমস্যায় অর্থনীতির এ সংকটময় মুহূর্তে পণ্য রপ্তানির অব্যাহত প্রবৃদ্ধিতে দেশের আর্থসামাজিক সংকট উত্তরণের সম্ভাবনা দেখা দিয়েছে।

রপ্তানির ওপর ভর করে আগামী দিনে দেশের অর্থনীতি পুনরায় ঘুরে দাঁড়াবে বলে মনে করছে কেন্দ্রীয় ব্যাংকসহ বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক সংস্থা। দেশের খ্যাতনামা অর্থনীতিবিদদের মতে, আমদানি ব্যয় নিয়ন্ত্রণে আসার সঙ্গে সঙ্গে রপ্তানি আয় ও রেমিট্যান্স বেড়ে যাওয়ায় বৈদেশিক মুদ্রার ওপর যে চাপ তৈরি হয়েছিল, তা ধীরে ধীরে প্রশমিত হচ্ছে। সম্প্রতি দেশের অর্থনীতির ভিত আরও সুদৃঢ় করতে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের দেশগুলোর মুক্তবাণিজ্য জোট রিজিওনাল কম্প্রেহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ (আরসিইপি) বা আরসেপে যোগদানের বিষয়ে সরকারের সিদ্ধান্তে নতুন আশার সঞ্চার হয়েছে।

স্বল্পোন্নত দেশ তথা এলডিসি থেকে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলা করে অর্থনীতিকে এগিয়ে নিতে যে কোনো বাণিজ্যিক জোটের সঙ্গে সরকারের কাজ করার আগ্রহ অবশ্যই ইতিবাচক। একই সঙ্গে এককভাবে বিভিন্ন দেশের সঙ্গে মুক্তবাণিজ্য বা অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি করার জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্যমতে, ২০২৬ সালে উন্নয়নশীল দেশে উত্তরণের প্রাক্কালে বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের প্রেফারেন্সিয়াল ট্রেড অ্যাগ্রিমেন্ট (পিটিএ) এবং ফ্রি ট্রেড অ্যাগ্রিমেন্ট (এফটিএ) করার জোরালো প্রচেষ্টা অব্যাহত রয়েছে। জোটে যুক্ত হয়ে জোটের অধীন দেশগুলোর সঙ্গে পিটিএ, এফটিএ চুক্তি এবং বিশ্বের প্রায় এক-তৃতীয়াংশ অর্থনীতির বাজারে শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা পেতে সেপ্টেম্বরের মধ্যেই আরসেপের সদস্যপ্রাপ্তির জন্য বাংলাদেশের পক্ষ থেকে আবেদন করার প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা পাওয়ার পরপরই এ জোটে যোগ দেওয়ার যাবতীয় প্রস্তুতি শুরু করে মন্ত্রণালয়। আরসেপে যোগ দেওয়ার পর কীভাবে দেশের স্বার্থ সংরক্ষিত হবে, সে বিষয়ে বিশেষজ্ঞরা কাজ শুরু করেছেন। অচিরেই আরসেপে যোগদানসংক্রান্ত আইনের খসড়া মন্ত্রিসভায় উত্থাপন করা হবে। বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন সমীক্ষার মাধ্যমে আরসেপে যোগদানের সুবিধা-অসুবিধাগুলো পর্যালোচনা করে জোটে যোগ দেওয়ার পক্ষে মতামত দিয়েছে।

তাদের সমীক্ষা মতে, বেশকিছু চ্যালেঞ্জ থাকলেও আরসেপে যোগ দেওয়া দেশের অর্থনীতির জন্য লাভজনক। আরসেপে যোগ দিলে বিশ্ববাজারে বাংলাদেশের রপ্তানি ১৭ দশমিক ৩৭ শতাংশ বাড়বে, যার পরিমাণ ৫০০ কোটি মার্কিন ডলারেরও বেশি। এ কারণে বাংলাদেশের দ্রুত আরসেপে যোগ দেওয়া প্রয়োজন।

সংশ্লিষ্ট ব্যক্তিদের মতে, 'আন্তঃমন্ত্রণালয় সভায় কিছু পূর্বসতর্কতাসহ আরসেপে বাংলাদেশের যোগদানের পক্ষে নীতিগত সিদ্ধান্ত হয়েছে। নিয়মানুযায়ী চলতি বছরের ১ জুলাই থেকে অন্য দেশও আরসেপে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারছে। ইতোমধ্যে শ্রীলংকা ও হংকং এ জোটে যোগ দেওয়ার জন্য আবেদন করেছে।' বিশেষজ্ঞদের মতানুসারে, একবিংশ শতাব্দীতে বিশ্ব অর্থনীতির প্রাণকেন্দ্র হিসাবে আসিয়ানসহ পূর্ব এশিয়ার, বিশেষ করে আরসেপে অন্তর্ভুক্ত দেশগুলোর মর্যাদা অপরিসীম।

ফলে বিশ্ব অর্থনীতির প্রাসঙ্গিক একীভূত কেন্দ্রের সঙ্গে বাংলাদেশের সংযুক্ত থাকা যৌক্তিক হবে। উল্লেখ্য, বাংলাদেশ এখন যেসব দেশের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি স্বাক্ষর করার বিষয়ে আলোচনা করছে, তার মধ্যে ছয়টি দেশ আরসেপে অন্তর্ভুক্ত হয়েছে। আরসেপভুক্ত দেশগুলো নিজেদের শুল্ক কমানোর জন্য ১০ থেকে ২৫ বছর পর্যন্ত সময় নিয়েছে। বাংলাদেশ আরসেপে অন্তর্ভুক্তির জন্য আবেদন করলে আরসেপভুক্ত ১৫টি দেশ এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। এক্ষেত্রে প্রতিটি দেশের সঙ্গে বাংলাদেশকে পৃথকভাবে দরকষাকষি করতে হবে।

২০২০ সালের ১৫ নভেম্বর চীন, জাপান, দক্ষিণ কোরিয়া, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড এবং অ্যাসোসিয়েশন অব সাউথইস্ট এশিয়ান নেশনস (আসিয়ান) জোটের ১০ সদস্য ব্রুনাই, ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া, থাইল্যান্ড, মিয়ানমার, মালয়েশিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, ফিলিপাইনসহ ১৫টি দেশ এই বাণিজ্য জোটে যোগদানের চুক্তি স্বাক্ষর করে এবং ২০২২ সালের জানুয়ারিতে ১৫ দেশের বাণিজ্যিক জোট আরসেপ যাত্রা শুরু করে। ২০১২ সালে আরসেপ গঠনের পরিকল্পনা সর্বপ্রথম জনসম্মুখে প্রকাশ পেলেও ২০১৭ সালে যুক্তরাষ্ট্র প্যাসিফিক পার্টনারশিপ (টিপিপি) চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার পর আরসেপ গঠনের উদ্যোগ গতি পায়। এছাড়া কোভিড-১৯ মহামারি শুরুর আগে যুক্তরাষ্ট্র-চীন বাণিজ্য যুদ্ধের ফলে আঞ্চলিক অর্থনীতি পাঁচ বছরের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে পৌঁছলে আরসেপের উদ্যোগ আরও বেগবান হয়।

জোটভুক্ত দেশগুলোর মোট জনসংখ্যা ২৩০ কোটি এবং সম্মিলিত জিডিপির পরিমাণ ২৬ লাখ ২০ হাজার কোটি ডলার। এ জোটের অর্থনীতির আয়তন বিশ্বের মোট জিডিপির ৩০ শতাংশ। ফলে এ চুক্তি বিশ্বের সবচেয়ে বড় অবাধ বাণিজ্য এলাকা তৈরি করেছে। এশিয়ার নতুন এ বাণিজ্য অঞ্চলটির পরিধি যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোর মধ্যে বিদ্যমান মুক্তবাণিজ্য অঞ্চল বা ইউরোপের চেয়েও বড় বলে বিজ্ঞজনদের ধারণা।

এ চুক্তির মূল লক্ষ্য হচ্ছে, সদস্য দেশের মধ্যে আন্তঃবাণিজ্য শুল্কের পরিমাণ হ্রাস, বাণিজ্যসেবার উন্মুক্তকরণ এবং উদীয়মান অর্থনীতির সদস্য দেশে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে বিশ্বের অন্যান্য অঞ্চলের সঙ্গে তাল মিলিয়ে আর্থসামাজিক উন্নয়ন।

অর্থনীতিবিদদের মতে, আরসেপ চীনের নেতৃত্বাধীন বাণিজ্যিক ব্লক হলেও যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ মিত্র জাপান, দক্ষিণ কোরিয়া ও অস্ট্রেলিয়া এ ব্লকের সদস্য। এছাড়া ভারতকে যে কোনো সময় এ জোটে ফাউন্ডার মেম্বার হিসাবে অন্তর্ভুক্তির সুযোগ উন্মুক্ত রাখা হয়েছে। আরসেপে যোগ দিলে বাংলাদেশের আমদানি-রপ্তানি বাড়বে। একই ভাবে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ শিল্পের কাঁচামাল ও মূলধনি যন্ত্রপাতি আমদানিতে আরসেপ থেকে লাভবান হওয়ার সুযোগ রয়েছে।

তবে দেখতে হবে আরসেপে যোগ দিলে কী কী শর্ত পূরণ করতে হবে। যদি দেশের জন্য ক্ষতিকর কোনো শর্ত না থাকে, তাহলে



বাংলাদেশের উচিত যোগ দেওয়া। যে কোনো জোটে যাওয়া কিংবা চুক্তি করার আগে বিষয়গুলোর সমীক্ষা প্রয়োজন। তবে এ ধরনের উদ্যোগ ভালো। দেশের অর্থনীতি বড় হচ্ছে, আমরা স্বল্পোন্নত বা এলডিসি থেকে বেরিয়ে যাচ্ছি। জীবনযাত্রার মান আরও উন্নত করতে হলে অবশ্যই দেশের রপ্তানি বাণিজ্য বাড়াতে হবে। সেক্ষেত্রে আরসেপ একটি গুরুত্বপূর্ণ জোট হতে পারে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) সাবেক চেয়ারম্যান গণমাধ্যমকে জানিয়েছেন, 'চীনের নেতৃত্বাধীন আরসেপ প্রাথমিকভাবে বাণিজ্যিক জোট মনে হলেও যতই দিন যাবে, ততই এটি রাজনৈতিক জোট হিসাবে আবির্ভূত হবে। এসব জোটে যুক্ত হলে সবার আগে দেশের স্বার্থ দেখতে হবে। দেশের স্বার্থবিরোধী হয় এমন কোনো শর্ত পূরণ করে জোটে যুক্ত হওয়া যাবে না। পাশাপাশি এসব দেশের সঙ্গে আমদানি-রপ্তানিতে কী ধরনের সুবিধা বাংলাদেশ পাবে, তা-ও যুক্ত হওয়া উচিত।'

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও অর্থনীতিবিদ ড. এবি মির্জ্জা মো. আজিজুল ইসলাম বলেন, 'আরসেপে যুক্ত হওয়ার আগে দেখতে হবে সাউথ এশিয়ান ফ্রি ট্রেড এরিয়া (সাফটা) চুক্তিসহ বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক যেসব চুক্তি রয়েছে, সেগুলোর সঙ্গে এটি সাংঘর্ষিক হয় কি না। আমি মনে করি, আরসেপে যুক্ত হওয়া উচিত বাংলাদেশের। এতে জোটভুক্ত দেশগুলোর সঙ্গে বাংলাদেশের সুসম্পর্ক বেড়ে যাবে। দেশের বাণিজ্য সম্প্রসারিত হবে।'

সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) একজন সম্মানিত ফেলো গণমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন, 'এটি ভালো উদ্যোগ। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের প্রাক্কালে বাংলাদেশের আরসেপে যোগাদান এবং বিভিন্ন দেশের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি (এফটিএ) নিয়ে আলোচনা একটি সময়োপযোগী পদক্ষেপ। আরসেপে যোগদান করতে হলে বাণিজ্য উদারীকরণ ও শুল্ক হ্রাসকরণ করতে হয়। স্থানীয় শিল্পের প্রতিযোগিতা-সক্ষমতা বাড়ানোর জন্য মান বাড়ানো, সমন্বয় ও মান নিয়ন্ত্রণব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আসিয়ান চুক্তিতে দুই ধরনের নিয়ম ছিল। কম্বোডিয়াসহ কয়েকটি দেশ অন্যদের চেয়ে অতিরিক্ত সুবিধা পেত। বাংলাদেশও আরসেপে থেকে একই ধরনের সুবিধা পেতে পারে। অর্থাৎ বাংলাদেশ আরসেপভুক্ত দেশগুলো থেকে বেশি সুবিধা পাবে।'

তিনি আরও বলেন, 'বাংলাদেশ আরসেপে যোগ দিলে এসব দেশ থেকে পণ্য আমদানির সময় শুল্ক থেকে সরকারের আয় কমে যাবে। সরকারকে রপ্তানি বাড়িয়ে এর ক্ষতি পোষাতে বিদেশি বিনিয়োগের ওপর গুরুত্ব দিতে হবে। বাংলাদেশ আরসেপভুক্ত দেশগুলো থেকে বিনিয়োগ বাড়ালে রপ্তানিও বাড়বে। এর মাধ্যমে রপ্তানি বহুমুখীকরণও সম্ভব হবে।'

এতৎসংক্রান্ত বিশ্লেষণ-পরামর্শ পর্যালোচনায় এটি স্পষ্ট যে, উন্নয়নশীল বিশ্বে পদার্পণের চূড়ান্ত পর্যায়ের চলমান পরিক্রমায় আরসেপ জোটে যোগদান অতীব গুরুত্বপূর্ণ। দেশের স্বার্থ সুরক্ষায় এবং প্রাগ্রসর সমাজে রূপান্তরে সরকারের এ ধরনের জোটে যোগদানের উদ্যোগ দেশকে স্বাবলম্বী হওয়ার পথে এগিয়ে নেবে।

*ড. ইফতেখার উদ্দিন চৌধুরী : শিক্ষাবিদ; সাবেক উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়*

## নামাজের সময়-সূচী

| আগস্ট | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ | ২৭ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৪.৫০ | ৪.৫১ | ৪.৫২ | ৪.৫৪ | ৪.৫৫ | ৪.৫৬ | ৪.৫৭ |
| সূর্যোদয় | ৬.১০ | ৬.১১ | ৬.১২ | ৬.১৩ | ৬.১৪ | ৬.১৫ | ৬.১৬ |
| জোহর | ১.০০ | ১২.৫৯ | ১২.৫৯ | ১২.৫৯ | ১২.৫৯ | ১২.৫৮ | ১২.৫৮ |
| আসর | ৫.৪৮ | ৫.৪৭ | ৫.৪৬ | ৫.৪৫ | ৫.৪৪ | ৫.৪৩ | ৫.৪১ |
| মাগরিব | ৭.৪৮ | ৭.৪৬ | ৭.৪৫ | ৭.৪৩ | ৭.৪২ | ৭.৪০ | ৭.৩৯ |
| এশা | ৯.১০ | ৯.০৮ | ৯.০৬ | ৯.০৪ | ৯.০২ | ৯.০১ | ৮.৫৯ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**- সম্পাদক।**

# ডলার সঙ্কট সহসাই কাটছে না

॥ মো: মাঈন উদ্দীন ॥

ডলার সঙ্কট দেশের সার্বিক অর্থনীতিতে বড় ধরনের আঘাত করছে। শিল্প খাত ছাড়াও বিনিয়োগ ও কর্মসংস্থানসহ সার্বিক উৎপাদন ও বাজার ব্যবস্থাপনায় বড় ধরনের সমস্যা তৈরি হচ্ছে। মূল্যস্ফীতির ঊর্ধ্বগতি ঠেকানো যাচ্ছে না। ২০২২ সালের এপ্রিল থেকে ডলারের দাম বাড়তে থাকে। ২০২২ সালে এক ডলারের দাম ছিল ৮৪ টাকা এখন তার দাম বেড়ে ১০৯ টাকা ৫০ পয়সা ছাড়িয়ে গেছে। দাম বেড়েছে ২৫ টাকা ৫০ পয়সা। এ বৃদ্ধির হার ৩০ শতাংশ। ডলারের ক্রমাগত বৃদ্ধির ফলে পণ্য ও জ্বালানিসহ অন্যান্য সেবার মূল্যবৃদ্ধির চাপ জনগণকে ভোগ করতে হচ্ছে। ডলারের দাম বৃদ্ধির প্রভাবে আমদানি পণ্যের দামও বেড়ে গেছে। ফলে বিনিয়োগ খুব একটি বাড়ছে না। কর্মসংস্থানও সঙ্কুচিত হচ্ছে। ডলার সঙ্কটের কারণে চলতি অর্থবছরটিও মূল্যস্ফীতি বৃদ্ধিসহ বেশ কিছু চ্যালেঞ্জের মধ্য দিয়ে অতিক্রম করতে হবে। গত ২৪ ফেব্রুয়ারি রাশিয়া-ইউক্রেন আক্রমণ করলে আন্তর্জাতিক বাজারে পণ্যের দাম হু হু করে বাড়তে থাকে। আমদানি ব্যয়ও বাড়তে থাকে। জ্বালানিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়ে যায়। পরিস্থিতি সামাল দিতে গত এপ্রিল থেকে কেন্দ্রীয় ব্যাংক আমদানিতে ২৫ শতাংশ এলসির মার্জিন আরোপ করে। পরে ধাপে ধাপে তা বাড়িয়ে শতভাগ করা হয়। কেবলমাত্র খাদ্য, জ্বালানি, কৃষি-শিল্পের যন্ত্রপাতি, কঁ-াচামাল ও জীবন রক্ষাকারী ওষুধ আমদানি ছাড়া সব পণ্য আমদানিতে নিয়ন্ত্রণ আরোপ করা হয় যা এখনো অব্যাহত রয়েছে। আমদানি কম হওয়ার ফলে অর্থনীতিতে শিল্পের কাঁচামাল সরবরাহ বিঘ্ন হচ্ছে, জ্বালানি/বিদ্যুৎ খাতে সমস্যা হচ্ছে, মূলধনী যন্ত্রপাতির ঘাটতি দেখা দিচ্ছে। ফলে উৎপাদন ব্যাহত হচ্ছে। বাজারের ওপর এর প্রভাব ক্রমান্বয়ে তীব্র হচ্ছে। এক হিসাবে দেখা যায়, ২০২২-২৩ অর্থবছরে আমদানি ঋণপত্র (এলসি) খোলা ২৫-৩০ শতাংশ হ্রাস পেয়েছে। এতে ব্যবসায়-বাণিজ্য নানা সঙ্কটে পতিত হচ্ছে। বাংলাদেশ ব্যাংক ডলারের সঙ্কটের কারণে প্রয়োজনীয় আমদানি ব্যয় মিটাতে হিমশিম খাচ্ছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য থেকে দেখা যায়, একসময় আমাদের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল ক্রমাগত ঊর্ধ্বমুখী। এ রিজার্ভ ৩৫ বিলিয়ন ডলার, ৪০ বিলিয়ন ডলার, এর পর ৪২ বিলিয়ন, এক পর্যায়ে বেড়ে হয় ৪৮ বিলিয়ন ডলার। এ রিজার্ভের বৃদ্ধিতে একশ্রেণীর রফতানিকারক ও ব্যবসায়ীদের মাথা গরম হয়ে যায়। তারা উন্নয়নের কথা বলে রিজার্ভ নিয়ে ব্যবসা শুরুর পরামর্শ দিলো যার পরিপ্রেক্ষিতে রফতানিকারকদের রিজার্ভের ডলার থেকে সাত-আট বিলিয়ন ডলার দিয়ে দেয়া হয়। বিদেশী রাষ্ট্রকেও (শ্রীলঙ্কা) ডলার দেয়া হয়। এ দিকে করোনা মহামারী উত্তরণের পরপরই রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে আমদানি ব্যয় বৃদ্ধি পায়। আমদানির নামে কেউ কেউ অর্থ পাচারও করে। রফতানিতে ভাটা পড়ে। রেমিট্যান্সও হ্রাস পেতে থাকে। হুন্ডির ব্যাপকতার কারণে ব্যাংকিং চ্যানেলে বৈদেশিক মুদ্রা আহরণও হ্রাস পেতে থাকে। ফলে দেশে রিজার্ভের ঘাটতি শুরু হয়। কেন্দ্রীয় ব্যাংকের প্রতিবেদন থেকে দেখা যায়, বৈদেশিক মুদ্রা আয়ের প্রধান দু'টি খাত পোশাক রফতানিসহ রফতানি খাত ও রেমিট্যান্সের প্রবৃদ্ধিও নগণ্য। অথচ ডলারের মাধ্যমে ব্যয় হিসাব অনেক বড় হচ্ছে। প্রভাবে বৈদেশিক মুদ্রায় ঘাটতি হচ্ছে। এই ঘাটতির কারণে ডলারের দামও বাড়ছে।

২০২২-২৩ অর্থবছরে রেমিট্যান্স বেড়েছিল ২ দশমিক ৭৫ শতাংশ। ২০২১-২২ অর্থবছরে কমেছিল ১৫ শতাংশেরও বেশি। ২০২১-২২ অর্থবছরে রেমিট্যান্স এসেছিল ২ হাজার ১০৩ কোটি ডলার। ২০২২ সালে এসেছে ২ হাজার ১৬১ কোটি ডলার। এক বছরে রেমিট্যান্স বেড়েছে ৫৮ কোটি ডলার। রফতানি আয়ের প্রবৃদ্ধিও কমেছে। ২০২২-২৩ অর্থবছরে রফতানি আয় বেড়েছে ৬ দশমিক ৬৭ শতাংশ। ২০২১-২২ অর্থবছরে বেড়েছে ৩৪ দশমিক ৩৮ শতাংশ। বৈদেশিক মুদ্রার অনুদানের ক্ষেত্রে ২০২১-২২ অর্থবছরে জুলাই-মে সময়ে নিট বৈদেশিক অনুদান বেড়েছিল ৫৭ শতাংশ। একই সময়ে এফডিআই কমেছে। ২০২১-২২ অর্থবছরে এই সময়ে এফডিআই (সরাসরি বৈদেশিক বিনিয়োগ) এসেছিল ১৭৬ কোটি ডলার। ২০২২-২৩ অর্থবছরে এসেছে ১৬৪ কোটি ডলার। বাংলাদেশ ব্যাংক আমদানি কমানোর ওপর জোর দিলেও আমদানির দেনা ও বৈদেশিক ঋণ পরিশোধের ক্ষেত্রে ডলারের যে সংস্থান দরকার তা হচ্ছে না। বর্তমানে গড়ে প্রতি মাসে ৭০০ কোটি ডলারের আয় হচ্ছে। এর বিপরীতে তাৎক্ষণিক আমদানি ডলার মেটাতে হচ্ছে ৬৫০ কোটি ডলার। বকেয়া ঋণ পরিশোধের ব্যয় হচ্ছে কমপক্ষে ১০০ কোটি ডলার। এই হিসাবে মাসে ঘাটতি হচ্ছে ৫০ কোটি ডলার। এ ছাড়া বিদেশে বিভিন্ন সভা, রয়্যালিটি, মুনাফা প্রত্যাবাসনসহ সব মিলিয়ে আরো বেশ কিছু ডলার খরচ হচ্ছে। এতে প্রতি মাসে ডলারের ঘাটতি হচ্ছে। আগে বৈদেশিক ঋণ নিয়ে স্বল্প মেয়াদি দায় মেটানো হতো। এখন ঋণ গ্রহণের পরিমাণ কমে গেছে। ফলে ডলার সঙ্কট আরো প্রকট হচ্ছে। রফতানি বৃদ্ধির জন্য তৈরী পোশাকের পাশাপাশি যদি কৃষি ও কৃষিজাত পণ্য রফতানি বাড়ানো যায় তাহলে এই বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ানো সম্ভব। বৈশ্বিক তৈরী পোশাকের সরবরাহকরী দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান এখন দ্বিতীয় হলেও বাংলাদেশী রফতানিককরা তুলনামূলকভাবে দাম পাচ্ছেন অনেক কম। বিশ্বব্যাপী গত বছর পোশাক বাজারের আকার ছিল ৫৭৬ বিলিয়ন বা ৫৭ হাজার ৬০০ কোটি ডলার। এর মধ্যে বাংলাদেশ ২০২২ সালে বিশ্ব বাজারে ৪ হাজার ৫০০ কোটি ডলারের পোশাক সরবরাহ করেছে। বৈশ্বিক পর্যায়ে পোশাক রফতানিতে প্রতিযোগী দেশগুলোর মধ্যে বাংলাদেশের পরের অবস্থানের রয়েছে ভিয়েতনাম, তুরস্ক, ভারত, ইন্দোনেশিয়া, ইতালি। যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগের অধীন অফিস অব টেক্সটাইলস অ্যান্ড অ্যাপারেলসের (ওটিএক্সএ) পরিসংখ্যানে দেখা যায়, ২০২২ সালে দেশটিতে বাংলাদেশের সরবরাহ করা পোশাকের মূল্য ছিল ৯৭৪ কোটি ৬১ লাখ ৬০ হাজার ডলার যেখানে প্রতি বর্গমিটারের জন্য রফতানিকারকরা দাম পেয়েছে তিন ডলার এক সেন্ট। অথচ ইন্দোনেশিয়া, ভারত, ভিয়েতনাম প্রতি বর্গমিটারের জন্য গড়ে চার ডলারেরও বেশি পায়। রফতানি করা পণ্যের দাম বেশি পেতে হলে প্রয়োজন উৎপাদিত পণ্যে বৈচিত্র্য নিয়ে আসা। পোশাকে কৃত্রিম তন্তু ব্যবহার করা। রফতানিকারকরা তাদের পোশাক রফতানিতে চাহিদা অনুযায়ী উৎপাদনে নানা বৈচিত্র্য নিয়ে আসলে দামও বেশি পাবেন। ফলে বৈদেশিক মুদ্রাও বেশি আহরিত হবে।

**ডলার সঙ্কট দেশের সার্বিক অর্থনীতিতে বড় ধরনের আঘাত করছে। শিল্প খাত ছাড়াও বিনিয়োগ ও কর্মসংস্থানসহ সার্বিক উৎপাদন ও বাজার ব্যবস্থাপনায় বড় ধরনের সমস্যা তৈরি হচ্ছে। মূল্যস্ফীতির ঊর্ধ্বগতি ঠেকানো যাচ্ছে না। ২০২২ সালের এপ্রিল থেকে ডলারের দাম বাড়তে থাকে। ২০২২ সালে এক ডলারের দাম ছিল ৮৪ টাকা এখন তার দাম বেড়ে ১০৯ টাকা ৫০ পয়সা ছাড়িয়ে গেছে। দাম বেড়েছে ২৫ টাকা ৫০ পয়সা। এ বৃদ্ধির হার ৩০ শতাংশ। ডলারের ক্রমাগত বৃদ্ধির ফলে পণ্য ও জ্বালানিসহ অন্যান্য সেবার মূল্যবৃদ্ধির চাপ জনগণকে ভোগ করতে হচ্ছে। ডলারের দাম বৃদ্ধির প্রভাবে আমদানি পণ্যের দামও বেড়ে গেছে। ফলে বিনিয়োগ খুব একটি বাড়ছে না। কর্মসংস্থানও সঙ্কুচিত হচ্ছে। ডলার সঙ্কটের কারণে চলতি অর্থবছরটিও মূল্যস্ফীতি বৃদ্ধিসহ বেশ কিছু চ্যালেঞ্জের মধ্য দিয়ে অতিক্রম করতে হবে। গত ২৪ ফেব্রুয়ারি রাশিয়া-ইউক্রেন আক্রমণ করলে আন্তর্জাতিক বাজারে পণ্যের দাম হু হু করে বাড়তে থাকে। আমদানি ব্যয়ও বাড়তে থাকে। জ্বালানিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়ে যায়।**

ডলারের রিজার্ভ বাড়াতে হলে আমাদের রফতানি আয় বৃদ্ধি করতে হবে। রেমিট্যান্স বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। এ জন্য প্রশিক্ষিত জনশক্তি বিদেশে পাঠাতে হবে। কূটনৈতিক তৎপরতা ও আন্তঃদেশীয় সম্পর্ক বাড়ানোর মাধ্যমে আমাদের যে ব্যাপক বেকার, শিক্ষিত, অল্পশিক্ষিত জনবল রয়েছে তা বিদেশে পাঠাতে হবে। তারাই আমাদের রিজার্ভ বৃদ্ধির ক্ষেত্রে বড় ধরনের ভূমিকা রেখে যাচ্ছে এবং ভবিষ্যতেও রেখে যাবে। এ ছাড়া বৈদেশিক ঋণ বা বিনিয়োগ পাওয়ার মাধ্যমেও বৈদেশিক মুদ্রা রিজার্ভ বাড়ানো যেতে পারে। এ দিকে আমাদের রেমিট্যান্স প্রবাহেও সথ গতি দেখা দিয়েছে। জনশক্তি রফতানি বাড়লেও রেমিট্যান্স বাড়ছে না। কারণ হুন্ডিওয়ালাদের খপ্পরে পড়ছে রেমিট্যান্স ব্যবসা। হুন্ডিওয়ালারা অবৈধ ব্যবসায়ে অর্থ জোগানোর উদ্দেশ্যে বিদেশে ডলার সংগ্রহ করে বেশি দামে। ঘরে ঘরে মুহূর্তের মধ্যে টাকা পৌঁছে দিচ্ছে। ফলে প্রবাসীরা বেশি টাকা পাচ্ছে। এতে ব্যাংকিং চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ কমে যাচ্ছে। কিন্তু ইদানীং বৈদেশিক ঋণের বা বিনিয়োগের তেমন ভালো লক্ষণ দেখা যাচ্ছে না। তাই রিজার্ভ বাড়ানোর জন্য আমাদের রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির ব্যবস্থা নিতে হবে। ব্যাংকসমূহকে প্রবাসীদের দ্বারে দ্বারে গিয়ে দ্রুত রেমিট্যান্স পাঠানোর ব্যবস্থা করতে হবে।

আমাদের রফতানির বাজার হচ্ছে ইউরোপ ও মার্কিন যুক্তরাষ্ট্র। এসব দেশে পোশাক রফতানির পাশাপাশি চামড়া ও চামড়াজাত পণ্য, চা, হিমায়িত চিংড়ি, বিভিন্ন ফল ও সবজি, আলু, কপিসহ কৃষিপণ্যের রফতানি বৃদ্ধি করতে হবে। কৃষিপণ্যের রফতানি বাড়াতে হলে কৃষি খাতের সমস্যাগুলো দূর করে দক্ষ ও প্রযুক্তিনির্ভর কৃষি উৎপাদন জোরদার করতে হবে।

খাদ্য নিরাপত্তা ও দেশের মূল্যস্ফীতিকে সহনীয় রাখতে হলে কৃষি উন্নয়ন ও কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের প্রতি গুরুত্ব দিতে হবে। পুষ্টির অভাবে বাংলাদেশের পাঁচ বছর বয়সী ৩৯ লাখ শিশু খর্বাকার। তাই দেশের বৃহৎ জনগোষ্ঠীর পুষ্টি নিশ্চিত করতে হবে। বর্তমানে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা ও মূল্যস্ফীতি সহনীয় রাখা বড় চ্যালেঞ্জ। তাই কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষিতে প্রযুক্তির সন্নিবেশ ঘটানোর জন্য সরকারকে পরিকল্পনা গ্রহণ করতে হবে। অনাবাদী জমি কৃষি উৎপাদনের কাজে লাগাতে হবে। পাশাপাশি, মৎস্য ও পশু পালন জোরদার করার জন্য যুবসমাজকে কাজে লাগাতে হবে। চাকরির পেছনে যুবকদের না ঘুরে ধান উৎপাদন, সবজি ও ফল উৎপাদন এবং মৎস্য খামার স্থাপনসহ হাঁস-মুরগি ও গবাদিপশুর খামার করে আত্মকর্মসংস্থানের মাধ্যমে দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি করতে হবে। এ ক্ষেত্রে সরকারের যে পরিকল্পনা রয়েছে তা জবাবদিহিতা, স্বচ্ছতার সাথে বাস্তবায়ন করতে হবে। এতে কৃষি থেকে শিল্পের কাঁচামাল সরবরাহ সহজ হবে। কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ উন্নত করে বিদেশেও রফতানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের সম্ভাবনাকে কাজে লাগাতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠ্য বইতে দেশপ্রেম বৃদ্ধি ও দেশের সম্পদ সুরক্ষা, অপচয় রোধ করা ও নৈতিকতা, মান-বিকতা ও সততার চর্চাবিষয়ক পাঠ্য সংযুক্ত করা উচিত। আমাদের যে ব্যাপক জনবল রয়েছে, তারাই আমাদের বড় সম্পদ। এই ব্যাপক জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের মাধ্যমে শুধু ডলার সঙ্কট নয়, দেশের সব আর্থসামাজিক সমস্যারও উত্তরণ ঘটানো সম্ভব।

**লেখক : অর্থনীতি বিশ্লেষ**



# কম্বোডিয়ার মতো পরিস্থিতি সৃষ্টি হলে!

॥ জসিম উদ্দিন ॥

কম্বোডিয়ার সরকারবিরোধীরা ভোটাধিকার হারিয়েছেন। দেশটিতে এতদিন ধরে প্রহসনের যে নির্বাচন চলছিল, সেই নির্বাচনেও অংশগ্রহণ হতে বিরোধীদের এবার বঞ্চিত করে দেয়া হয়েছে। আমরা তাদের চেয়ে একটু এগিয়ে আছি। ভোটে প্রার্থী হওয়ার সুযোগ কিছু ক্ষেত্রে আমাদের রয়েছে। তবে আমরা জয় পেতে পারব না! এই প্রক্রিয়ায় একদিন দেখা যাবে, বিরোধীদের জন্য নির্বাচনে অংশগ্রহণের অধিকার কম্বোডিয়ার মতোই কখনো কেড়ে নেয়া হতে পারে। বর্তমান পরিস্থিতি তার আভাস দেয়, হয়তো এখন কেবল সময়ের ব্যাপার। স্বৈরশাসকরা এভাবেই তাদের চূড়ায় ওঠে। এ ধরনের একটি নির্বাচন আয়োজন করে বিনা প্রতিদ্বন্দ্বিতায় কম্বোডিয়ান পিপলস পার্টির নেতা স্বৈরশাসক হুন সেন নিরঙ্কুশ জয় পেয়েছেন। চার দশক ধরে চেপে বসা এই ডিকটেটর জয়ের আনন্দের ঢেঁকুর তুলতে পারেনি। আমেরিকা তার ক্ষমতাবিত্তের প্রধান ব্যক্তিদের বিরুদ্ধে স্যাংশন দিয়েছে।

স্যাংশন খাওয়া হুন সেন ক্ষমতা তার ছেলে হুন মানেতের হাতে তুলে দিতে যাচ্ছেন। ক্ষমতা তিনি ছেলের হাতে তুলে দেয়ার জন্য আগে থেকে মনস্থির করেছেন, না নিষেধাজ্ঞা পাওয়ার পর তড়িঘড়ি এটা করতে যাচ্ছেন নিশ্চিত বলা যাচ্ছে না। সরকারের প্রধান ব্যক্তি ও তার সহযোগীরা যদি সুপার পাওয়ার আমেরিকার তালিকায় নিষিদ্ধ হন তাতে ব্যক্তি হিসেবে হুনসেন গোষ্ঠী পশ্চিমা দুনিয়ায় অচ্ছুত হয়ে যাবেন। এ জন্য তার দেশকে নানা বিধিনিষেধের মধ্য দিয়ে যেতে হবে। তবে তার ছেলে মানেতের রয়েছে আমেরিকার সাথে সম্পর্ক। তিনি স্নাতকোত্তর পড়াশোনা করেছেন নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ে। তার একটি পিএইচডি ডিগ্রিও রয়েছে আমেরিকার ব্রিসটল বিশ্ববিদ্যালয় থেকে। এ ছাড়া যুক্তরাষ্ট্রের মিলিটারি বিশ্ববিদ্যালয় থেকে তার স্নাতক ডিগ্রি রয়েছে। নব্য একনায়কদের এই প্রবণতা খুব বেশি। তারা শাসনব্যবস্থা হিসেবে রাশিয়া ও চীনকে বেছে নেন। বাদবাকি অন্য সব কিছুর জন্য তারা পশ্চিমাদের পছন্দ করতে চান। এমনকি মানুষ হত্যা করে নিজের দেশকে শ্মশান বানিয়ে দিলেও নিজেদের রিটায়ার্ড লাইফটি তারা পশ্চিমে সুখে শান্তিতে কাটাতে চান। কিংবা ক্ষমতাবৃত্ত থেকে ছিটকে পড়লে তারা পশ্চিমে যেতে চান। নিরাপদ দেশ হিসাবে তারা চীন রাশিয়াকে বেছে নেন না।

বাবাসহ পুরো শাসকগোষ্ঠী স্যাংশন খেলেও সরকার প্রধান হিসেবে হুন মানেতের যুক্তরাষ্ট্রে শুধু প্রবেশ নয়, সুসম্পর্ক গড়ে তোলার সুযোগও থাকবে। হুন সেন সম্ভবত পুত্রের আমেরিকা প্রীতিকে কাজে লাগাতে চান। তবে বিরোধীরাও তাদের গণতান্ত্রিক অধিকার ফিরে পেতে যুক্তরাষ্ট্রের মুখাপেক্ষী হয়েছে। আপাতত সবাই সুপার পাওয়ার আমেরিকার দিকে তাকিয়ে আছে। আমাদের দেশের পরিস্থিতি কি এর সাথে এককাতারে মিলে যায়? আমাদের স্তব্ধ হয়ে যাওয়া রাজনৈতিক পরিস্থিতিকে আমেরিকা ইতোমধ্যে নরম বাতাসের দোলা দিয়েছে। ঘরে বসে যাওয়া বিরোধী দল রাস্তায় নেমে ক্ষোভ প্রকাশ করছে। গুম খুন বিচারবহির্ভূত হত্যার শিকার হওয়া মানুষের পরিবার কথা বলতে শুরু করেছে। যে খুন গুমের সূত্র ধরে দেশে দম বন্ধ হওয়ার পরিস্থিতি তৈরি হয়েছে তাতে খামোশ এসেছে একটি স্যাংশনের সূত্র ধরে। নাগরিকদের কান্না দুঃখ শোক কোনো কিছুকে সরকার আমলে নেয়নি। আমলে নিয়েছে আমেরিকার স্যাংশন। দেশটি হয়তো চাইছে এবার বাংলাদেশকে গণতন্ত্রের ধারায় ফেরাতে। সে জন্য তারা আসন্ন নির্বাচনকে ঘিরে অগ্রিম পদক্ষেপ নিচ্ছে। কম্বোডিয়ার শাসকদের বিরুদ্ধে যে কঠোর স্যাংশন নির্বাচনের পরে দিয়েছে বাংলাদেশের ক্ষেত্রে সেটা নির্বাচনের আগেই দেয়ার লক্ষণ ফুটে উঠতে যাচ্ছে!

মার্কিন পররাষ্ট্র দফতরের বৈশ্বিক দুর্নীতি দমন বিভাগের সমন্বয়ক রিচার্ড নেফিউ ঢাকায় সফর করে গেছেন। তিনি মূলত একজন স্যাংশন বিশেষজ্ঞ। আর্ট অব স্যাংশন নামে তার একটি পুস্তক রয়েছে। বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থা হারিয়ে গেছে দুর্নীতি, অর্থ পাচার ও মানবাধিকার লঙ্ঘনকারীদের হাতে। গড়ে ওঠা একটা অশুভ চক্র সব কিছুর ওপর নিয়ন্ত্রণ নিয়েছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারলেই এ

**মার্কিন পররাষ্ট্র দফতরের বৈশ্বিক দুর্নীতি দমন বিভাগের সমন্বয়ক রিচার্ড নেফিউ ঢাকায় সফর করে গেছেন। তিনি মূলত একজন স্যাংশন বিশেষজ্ঞ। আর্ট অব স্যাংশন নামে তার একটি পুস্তক রয়েছে। বাংলাদেশের গণতান্ত্রিক ব্যবস্থা হারিয়ে গেছে দুর্নীতি, অর্থ পাচার ও মানবাধিকার লঙ্ঘনকারীদের হাতে। গড়ে ওঠা একটা অশুভ চক্র সব কিছুর ওপর নিয়ন্ত্রণ নিয়েছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারলেই এ দেশে গণতান্ত্রিক ব্যবস্থা ফিরে পাওয়া যাবে, আশা করা যায়। নেফিউ মন্তব্য করেছেন ‘দুর্নীতি দমনে স্যাংশন একটি হাতিয়ার’।**

দেশে গণতান্ত্রিক ব্যবস্থা ফিরে পাওয়া যাবে, আশা করা যায়। নেফিউ মন্তব্য করেছেন ‘দুর্নীতি দমনে স্যাংশন একটি হাতিয়ার’। নেফিউকে অন্যান্য সাধারণ আমেরিকান সরকারি কর্মকর্তার মতো দেখা গেল না। তার মাথায় ঝাঁকড়া চুল। ঘনকালো দীর্ঘ চুল পিঠ পর্যন্ত নেমে গেছে। তীক্ষ্ণ দুটো চোখ। গোঁফ দাড়ি মিলিয়ে তার সামগ্রিক চেহারা হুবহু ইংরেজ লোককাহিনীর রবিনহুডের মতো। প্রচলিত আছে রবিনহুড ছিলেন দক্ষ তীরন্দাজ ও অসিযোদ্ধা। তিনি ধনী ও লুটেরা শ্রেণীর যম ছিলেন। সম্পদ লুণ্ঠনকারী ও খুনিদের শায়েস্তা করে গরিব অধিকার বঞ্চিতের রক্ষা করতেন। তার বীরত্বগাথা লোকমুখে ছড়িয়ে পড়ে। পরে সেটা ইংরেজি সাহিত্যের জায়গা করে নেয়। এই চরিত্রটিকে নিয়ে বহু নাটক সিনেমা রচিত হয়েছে। রবিনহুডকে উপজীব্য করে নির্মিত ইংরেজি সিরিয়াল বাংলাদেশে জনপ্রিয় হয়েছে।

বৈশ্বিক দুর্নীতি দমন বিভাগের সমন্বয়ক রিচার্ড নেফিউর বাংলাদেশ সফর ও সংশ্লিষ্টদের সাথে সাক্ষাৎ ও ‘দুর্নীতির বিরুদ্ধে স্যাংশন একটি টুল’ হিসেবে মন্তব্য আমাদের দেশে বড় আলোচনার বিষয় হয়েছে। আমাদের দেশ থেকে বছর প্রতি প্রায় এক লাখ কোটি টাকা করে পাচার হয়ে যাওয়ারও খবর আছে। এর সাথে বাংলাদেশের ব্যাংক লুট, পণ্যমূল্যের সিন্ডিকেট ও উন্নয়ন কর্মে হরিলুটের সম্পর্ক রয়েছে। দুর্নীতির মহামারীতে জনগণ পিষ্ট অসহায়। তারা কোনো পথ খুঁজে পাচ্ছে না এই কঠিন অবস্থা থেকে মুক্তির। নেফিউ ইতোমধ্যে জানাচ্ছেন বাংলাদেশের মুদ্রাপাচার ও দুর্নীতি নিয়ে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা এফবিআই কাজ করছে। এই খবরে দেশের মানুষ উৎফুল্ল। তারা চায়, নিজেরা ব্যর্থ হলেও শক্তিমান কেউ লুটেরাদের বিরুদ্ধে ব্যবস্থা নিক।

ভোটের অধিকার হারিয়ে কম্বোডিয়ার বিরোধী দল কোনো প্রতিরোধ করতে পারেনি। কেউ কেউ ব্যালট পেপার ছিঁড়ে বাক্সে ঢুকিয়ে অভিনব কায়দায় প্রতিবাদ জানিয়েছে। তবে হুনসেন সরকার এই প্রতিবাদকারীদেরও খুঁজে বের করার অভিযান চালাচ্ছে। আমেরিকা ব্যাপক স্যাংশনের পাশাপাশি সে দেশে তাদের সহয়তা কার্যক্রমও প্রত্যাহার করেছে। এ অবস্থায় দেশটির বিরোধী নেতারা আমেরিকার কাছে আরো শক্ত প্রতিকার চাইছে। সাবেক পার্লামেন্ট সদস্য, অন্যতম বিরোধী দল রেসকিউ পার্টির নেতা মু সোচুয়া এ নিয়ে আলজাজিরায় নিবন্ধ লিখেছেন। সেখানে তিনি যুক্তরাষ্ট্রকে সরাসরি আবেদন জানিয়েছেন, তার দেশের মাফিয়া সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর ভিসা নিষেধাজ্ঞা প্রয়োগ ও তাদের সম্পদ জব্দের জন্য। নির্যাতিত মানুষেরা যখন ব্যর্থ হয়ে যায়, তারা এমন সূত্র থেকে সাহায্য পেতে শুরু করে যা আগে ধারণা করা যায় না। বিশ্বের বহু জায়গায় এমনটি হয়। যেখানেই কম্বোডিয়ার মতো পরিস্থিতি সৃষ্টি হবে। সেখানেই স্যাংশনের ফাঁদে পড়ার সম্ভাবনাকে উড়িয়ে দেয়া যায় না।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভেনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
আমেরিকায় ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার L ১(এ) এর সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক বিষয়াদিসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

### আনিসুল হকের গদ্যকার্টুন

# মেয়র, আপনার ফাঁপর কোথায়!

॥ আনিসুল হক ॥

প্রথম আলোর ব্যবস্থাপনা সম্পাদক ও সাহিত্যিক

আমরা তো জালিয়াতির মধ্যেই আছি। সাগরে পেতেছি শয্যা, শিশিরে কী ভয়! আমাদের ঢাকা উত্তরের মেয়র আতিক সাহেবের তাই প্রতারণা-জালিয়াতি বিষয়ে কোনো বাতিক নেই, ছুতমার্গ নেই। পাশে স্থানীয় সরকারমন্ত্রী মো. তাজুল ইসলামকে নিয়ে তিনি দেনদরবার করে, মঞ্চ বানিয়ে, শামিয়ানা টাঙিয়ে, মাইক লাগিয়ে, চারদিকে টেলিভিশনের ক্যামেরা চালিয়ে, ফটোসাংবাদিকদের ক্যামেরার ক্লিক ক্লিক বাজিয়ে উদ্বোধন করলেন মশা মারার এক বিশেষ পদ্ধতি–জৈব কীটনাশক প্রয়োগ। সেই কীটনাশকের নাম বাসিলাস থুরিনজেনসিস ইসরায়েলেনসিস (বিটিআই)। এটা পানিতে দিলে মশার লার্ভা মারা যাবে।

ঢাকা উত্তর সিটি করপোরেশন বলেছিল, এই জৈব আনতে হবে সিঙ্গাপুর থেকে। তো সরবরাহকারীরা হলুদ রঙের প্যাকেটে 'মেড ইন সিঙ্গাপুর' দেখিয়ে একটা জিনিস ধরিয়ে দিয়েছেন মেয়র ও বেচারা মন্ত্রীর হাতে! শুধু কি হলুদ প্যাকেট, সঙ্গে এনেছে একজন হলুদ মানুষকে, তাঁর নাম তারা বলেছে মি. লি শিয়াং; পরিচয় দিয়েছে সিঙ্গাপুরের বেষ্ট কেমিক্যালের রপ্তানি ব্যবস্থাপক (এক্সপোর্ট ম্যানেজার) এবং বিটিআই বিশেষজ্ঞ।

এ খবর দেখে সিঙ্গাপুরের বেষ্ট কেমিক্যালের চক্ষু চড়কগাছ! তারা ফেসবুকে প্রতারণা সতর্কবার্তা প্রকাশ্যে প্রচার করেছে, লি শিয়াং নামের তাদের কোনো কর্মকর্তা নেই এবং ঢাকার মার্শাল অ্যাগ্রোভেটের মাধ্যমে পাঁচ টন বিটিআই লার্ভিসাইড সরবরাহ করা হয়নি। ঢাকার মার্শাল অ্যাগ্রোভেট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড সিঙ্গাপুরের বেষ্ট কেমিক্যালের নিযুক্ত কোনো পরিবেশকও নয়।

**কিন্তু তা যতক্ষণ না হচ্ছে, ততক্ষণ আমাদের এ তালিকায় আতিক সাহেবের নামটাই রাখতে হচ্ছে। সিঙ্গাপুরের কোম্পানি প্রতারণার সতর্ক সংকেত জারি করার পরও যাঁর বিশ্বাসে চিড় ধরছে না। আতিক সাহেব রবীন্দ্রানুরাগী, তিনি বিশ্বাস করেন, মানুষের ওপরে বিশ্বাস হারানো পাপ!**

সিঙ্গাপুরওয়ালারা স্পষ্ট অক্ষরে লিখে দিয়েছে, যা হয়েছে তা হয়েছে ফ্রডলি, মানে প্রতারণাপূর্ণ, মানে জালিয়াতিময়।

শুনে মরমে মরমে শরমে মরে যাই। এত বড় অনুষ্ঠান শেষে এত বড় প্রতারণার শিকার হওয়ার পর ঢাকার একজন নাগরিক এবং মেয়র আতিকের বানানো ফুটপাতগুলোর একজন পথিক হিসেবে আমি পরম শরমিন্দা। নগরের পিতা আতিক কাকার কোনো বিকার দেখছি না। তিনি বলছেন, সাপ্লায়ারকে নোটিশ দেওয়া হয়েছে, তারা প্রমাণ করুক যে তারা সিঙ্গাপুর থেকেই জৈবটি এনেছে। আমাদের কী! আমরা পরীক্ষা করে দেখেছি, এই জৈব দৈব গুণসম্পন্ন, এতে কাজ 'হইব'। আমাদের চাই কাজ! বটে!

আমাদের নগরপিতা আশায় আশায় আছেন, তাঁর সরবরাহকারী প্রমাণ করবেন, ওষুধ সিঙ্গাপুর থেকেই আনা হয়েছে এবং বেষ্ট কেমিক্যাল থেকেই আনা হয়েছে। যদি তা হয়, তাহলে নগরের সবচেয়ে বোকা লোকের নামের তালিকায় আমরা মার্শাল অ্যাগ্রোভেটের নাম বসিয়ে দেব।

টেন্ডারে আপনি যদি বলেন, সিঙ্গাপুর থেকে আনতে হবে, আর সাপ্লায়ার যদি আনে চীন থেকে, তা ঘোরতর নিয়মভঙ্গ। আর সিঙ্গাপুরের বেষ্ট কোম্পানির লি শিয়াং নামে অভিনয় করতে যে অভিনেতাকে ভাড়া করে আনা হয়েছিল, তার ব্যাপারে কী হবে, আতিক স্যার! এ ব্যাপারও কি মার্শালকেই প্রমাণ করতে হবে যে এই লি শিয়াং আসলেই সিঙ্গাপুরের বেষ্ট কেমিক্যালের কর্মীই ছিলেন!

বলছি, আমরা জালিয়াতির ভেতরেই আছি। দিনে আছি এবং রাতে আছি। জোটে আছি এবং ভোটে আছি। রাতে মশা, দিনে মাছি! এ নিয়ে ঢাকা শহরে আছি। প্রতারণার অনেক গল্পই তো আমরা শুনে এসেছি। বীরবলের গল্প আছে।

বাদশা আকবরের কাছে এল এক বিদেশি ঘোড়া ব্যবসায়ী। বাদশা তাঁকে ১৫টা ঘোড়ার দাম দিলেন অগ্রিম। পরের বছর ঘোড়াগুলো সে এনে দেবে। বীরবল তখন রাজ্যের সবচেয়ে বড় বোকার নামের তালিকা তৈরি করছিলেন। এক নম্বর নামটা বীরবল লিখলেন বাদশা আকবরের। বাদশা বললেন, সে কী! কেন! বীরবল বললেন, যে মানুষ একজন অচেনা বিদেশিকে ঘোড়ার দাম অগ্রিম দিতে পারে, তার চেয়ে বড় বোকা আর কে হতে পারে? বাদশা বললেন, একটা বছর অপেক্ষা করো। সামনের বছর ঘোড়া নিয়ে তো এই ব্যবসায়ী আসতেও পারে।

বীরবল বললেন, তাহলে তো খুব সোজা। আপনার নামটা কেটে আমি এই ব্যবসায়ীর নাম বোকার তালিকায় বসিয়ে দেব।

আমাদের নগরপিতা আশায় আশায় আছেন, তাঁর সরবরাহকারী প্রমাণ করবেন, ওষুধ সিঙ্গাপুর থেকেই আনা হয়েছে এবং বেষ্ট কেমিক্যাল থেকেই আনা হয়েছে। যদি তা হয়, তাহলে নগরের সবচেয়ে বোকা লোকের নামের তালিকায় আমরা মার্শাল অ্যাগ্রোভেটের নাম বসিয়ে দেব।

কিন্তু তা যতক্ষণ না হচ্ছে, ততক্ষণ আমাদের এ তালিকায় আতিক সাহেবের নামটাই রাখতে হচ্ছে। সিঙ্গাপুরের কোম্পানি প্রতারণার সতর্ক সংকেত জারি করার পরও যাঁর বিশ্বাসে চিড় ধরছে না। আতিক সাহেব রবীন্দ্রানুরাগী, তিনি বিশ্বাস করেন, মানুষের ওপরে বিশ্বাস হারানো পাপ!

সবই না হয় হবে, কিন্তু বেষ্ট কেমিক্যালের প্রতিনিধি হিসেবে যে লি শিয়াংকে আনা হলো, সে ব্যাপারটার ব্যাখ্যা কী!

পৃথিবীর ইতিহাসে প্রতারণার অনেক বড় বড় ঘটনা এর আগেও হয়েছে। তাজমহল তিন-তিনবার বিক্রি করে দিয়েছিল ভারতের নটবর লাল, যিনি মারা গেছেন সম্ভবত ২০০৯ সালে। আর প্যারিসের আইফেল টাওয়ার দু-দুবার বিক্রি করে দিয়েছিল আমেরিকান প্রতারক ভিক্টোর লাস্টিগ। এটা ঘটেছিল আজ থেকে ৮০-৯০ বছর আগে।

আমাদের লোককাহিনি অবলম্বনে কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী কবিতা লিখেছিলেন–'উলঙ্গ রাজা'। রাজাকে এক প্রতারক বলল, আমি এমন কাপড় এনে দেব, তা শুধু বুদ্ধিমানেরা দেখে, বোকারা কেউ দেখে না। তারপর রাজাকে সে তুলে দিল তার কাল্পনিক না-পোশাক। রাজা নিজেকে বোকা প্রমাণ না করার স্বার্থে তা-ই পরে নগ্নবেশে জনাকীর্ণ রাজপথ দিয়ে হাঁটতে শুরু করলেন।

নীরেন্দ্রনাথ চক্রবর্তী লিখেছেন:


সবাই দেখছে যে, রাজা উলঙ্গ, তবুও
সবাই হাততালি দিচ্ছে।
সবাই চেঁচিয়ে বলছে; শাবাশ, শাবাশ!
কারও মনে সংস্কার, কারও ভয়;
কেউ-বা নিজের বুদ্ধি অন্য মানুষের কাছে বন্ধক দিয়েছে;
কেউ-বা পরান্নভোজী, কেউ
কৃপাপ্রার্থী, উমেদার, প্রবঞ্চক...
জমে উঠছে
স্তাবকবৃন্দের ভিড়।
কিন্তু সেই শিশুটিকে আমি
ভিড়ের ভেতরে আজ কোথাও দেখছি না।
...
সে এসে একবার এই উলঙ্গ রাজার সামনে
নির্ভয়ে দাঁড়াক।
সে এসে একবার এই হাততালির ঊর্ধ্বে গলা তুলে
জিজ্ঞাসা করুক:
রাজা, তোর কাপড় কোথায়?

আতিক সাহেবকে এত কড়া কথা বলতে পারব না, তবে এটা তো বলতে পারব, মেয়র, আপনার ফাঁপর কোথায়!

আনিসুল হক প্রথম আলোর ব্যবস্থাপনা সম্পাদক ও সাহিত্যিক



# MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

**Citizenship Without Exam** N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State

Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।


ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

**40-19 73rd St. Woodside, NY 11372**
**Tel: 718-701-2666**

# রুমী ডেন্টাল ল্যাব



কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

**Princeton Court Building**
**35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372**
**(Bet. 35th & 37th Avenue)**

**Tel: 718-672-0209, 718-414-4760**

# DR. SADI ALAM, DPM

## Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী




বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



# PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# ইমিগ্রেশন ও আপনি


এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**কানাডা সরকার ইউএসএ'তে এইচওয়ান বি ভিসাধারীদের জন্য নতুন ওয়ার্ক পারমিট ঘোষণা করেছেঃ**

কানাডার ইমিগ্রেশন রিফিউজি এবং সিটিজেনশীপ মন্ত্রী গত মাসে একটি নতুন ভিসা কর্মসূচি ঘোষণা করেছে। এই নতুন ভিসা কর্মসূচির অধীনে একজন নন ইমিগ্র্যান্ট এইচওয়ান বি বিসারাধারী শ্রমিক কানাডায় ওয়ার্ক পারমিট এবং স্থায়ী রেসিডেন্ট ভিসার জন্য আবেদন করতে পারেন। এই কর্মসূচি যারা এইচওয়ান বি স্ট্যাটাসের মেয়াদ উত্তীর্ন হতে যাচ্ছে এবং এরপর আর ইউএসএ অবস্থান করা সম্ভব হবে না। তাদের জন্য সহায়ক হবে। এই কর্মসূচির অধীনে যারা অনুমোদন লাভ করবেন, তারা ৩ বছর পর্যন্ত ওপেন ওয়ার্ক পারমিট পাবে। এই পারমিট থেকেই যে কোন মালিকের অধীনে কানাডার যে কোন স্থানে কাজ করতে পারবেন। অনুমোদন প্রাপ্ত ব্যক্তির স্বামী/স্ত্রী এবং তার উপর নির্ভরশীল সন্তান রেসিডেন্ট ভিসা এবং কাজ করার অথবা অধ্যয়নর করার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে।

বর্তমান অবস্থায় কানাডা মাত্র ১০ হাজার আবেদন গ্রহণ করছে। প্রকাশিত খবর থেকে জানা য়ায় যে, নতুন ভিসা নীতির ঘোষণার ৪৮ ঘন্টার মধ্যে উপযুক্ত ১০ হাজার আবেদন পেয়ে গেছে।

**যোগ্যতাঃ**

উল্লেখ্য যে, এই ভসার কেবলমাত্র যাদের উপযুক্ত এইচওয়ান বি ভিসা আছে এবং আবেদন করার সময় ইউএসএর অবস্থান করছেন তাদের জন্য। ইউএসর অবস্থান করার প্রমাণ হিসেবে এইচওয়ান বি ভিসার চলমান কপি, আবেদনকারীর অতি সাম্প্রতিক এইচওয়ান বি'র এপ্রুভাল নোটিশ এবং ইউএ-সএ'র এপ্রুভাল নোটিশ এবং ইউএসএর অবস্থানর কার কাগজ দেখাতে হবে। রেসিডেন্সির প্রমাণের মধ্যে আবেদনকারীর অতি সাম্প্রতিক আই-৯৪, সাম্পতিক ইউটিলিটি বিল, ইনকাম ট্যাক্সর কপি, অথবা অনৈ কান প্রুফ অব রেসিডেন্সি অন্তর্ভুক্ত। এই ভিসা যখন পওয়া যাবে তখন আমরা এই ভিসা সম্পর্কে আর বিস্তারিত জানাবো আপনারা কানাডার ইমিগ্রেশনের অফিসিয়াল ওয়েবসাইটে খোঁজ নিতে পারেন।



**ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) সেপ্টেম্বর ২০২৩ ভিসা বুলেটিনঃ**

পরিবার ভিত্তিক ভিসা অগ্রাধিকারঃ

প্রথম (এফ-)ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্রও কন্যাঃ জানুয়ারি ০১, ২০১৫।

দ্বিতীয়ঃ স্বামী-স্ত্রী এবং পুত্র বা কন্যা পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র ও কন্যাঃ

এ. (এফ-২এ)– পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তানেরাঃ জানুয়ারি ০১, ২০১৮।

বি. (এফ-২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের (২১ বছর বয়স বা তদুর্ধ) অবিবাহিত পুত্র ও কন্যাঃ সেপ্টেম্বর ২২, ২০১৫।

তৃতীয় (এফ-৩) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যাঃ জানুয়ারি ০৮, ২০০০।

চতুর্থ (এফ-৪)ঃ বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোনরোঃ এপ্রিল ২২, ২০০৭।

চকারি ভিত্তিক অগ্রাধিকার বিষয়ে আরও বিশদ জানতে ডিওএস'র ওয়েব সাইট ভিজিট করুন।

**নিউইয়র্ব থেকে আবুল কাশেমের প্রশ্নঃ**

আমি একজন ইউএস সিটিজেন হিসেবে আমার স্ত্রীর জন্যে আবেদন করেছিলাম। আমার স্ত্রী গ্রিনকার্ড নিয়ে এদেশে এসেছে। এখানে উল্লেখ্য যে আমার স্ত্রীর গ্রিনকার্ড হচ্ছে কন্ডিশনার গ্রিনকার্ড। অল্প কিছু দিনের মধ্যে তার গ্রিনকার্ডের মেয়াদ শেষ হয়ে যাবে। যে কারণে তার পারমানেন্ট গ্রিনকার্ডের জন্যে আবেদন করা হয়েছিল। আবেদনের প্রেক্ষিতে তার ফিঙ্গারপ্রিন্স দেয়া হয়েছে। আমাদের কাছে আবেদেরন এপ্রুভ লেটার আছে।

আমরা এখন অপেক্ষায় আছি। পারমানেন্ট গ্রিনকার্ডের জন্যে আমাদের আরো কিছু করণীয় আছে কিনা?

**আবুল কামেশের প্রশ্নের উত্তরঃ**

আপনার স্ত্রীর গ্রিনকার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রিনকার্ড। আপনার স্ত্রী যদি ম্যারেজ ভিত্তিতে তার গ্রিনকার্ড পেয়ে থাকেন। আর সেই গ্রিনকার্ড যদি বিয়ের দুই বছরের মধ্যে ইস্যু করা হয়ে থাকে তবে তাকে কন্ডিশনাল গ্রিনকার্ড বলে। নিয়ম অনুযায়ী কন্ডিশ-নাল গ্রিনকার্রে মেয়াদ শেষ হবার আগে আপনার স্ত্রীকে অবশ্যই ইমিগ্রেশনের এই কন্ডিশনাল রিমুভ করার জন্যে এবং পার্মানেন্ট গ্রিনকার্ড ইস্যু করার জন্যে আবেদন জানাতে হবে। যা ১০ বছরের জন্য ভেলিড থাকবে।

পারমানের্ন্ট গ্রিনকার্ড ইস্যু করার জন্য আপনাকে ফরম আই-৭৫১ ফাইল করতে হবে। সেখানে আপনাদের স্বামী-স্ত্রীর উভয়কেই সই করতে হবে। আই-৭৫১ এর জন্য এবং ফিঙ্গার প্রিন্টের জন্য সাম্প্রতিক ফিস দিতে হবে। আর আবেদনের সাথে আপনারা যে একত্রে বসবাস করেন তার যে প্রমাণ হিসেবে নিম্নে উল্লেখিত তথ্যপত্র সংযোগ করে দিতে হবেঃ

বাড়ির লিজ অথবা মালিকানার তথ্যপত্র,
ইউটিলিটি বিল, ক্রেডিট কার্ড বিল এবং ডাকযোগে প্রাপ্ত কোন জিনিস যা আপনারা এক্ষত্রে পেয়ে থাকেন,
ইন্স্যুরেন্স পলিসি অথবা হেল্থ ইন্স্যুরেন্স কার্ড,
ব্যাংক স্টেটমেন্ট, ব্যাংক কার্ড,
যৌথ ট্যাক্স রিটার্ন,
গাড়ির ইন্স্যুরেন্স, রেজিষ্ট্রেশন কার্ড এবং ড্রাইভিং লাইসেন্স,.
বাচ্চা থাকলে তাদের বার্থ সার্টিফিকেট,
এক্ষত্রে ভ্রমনের ডকুমেন্ট,
পরিবারের সাথে ছবি ইত্যাদি।

**ইউএসএতে সিটিজেনশীপ লাভের জন্যে কি কি প্রয়োজন- এ ব্যাপারে আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে-**

আবেদন করার সময় বয়স ১৮ হতে হবে
৫ অথবা ৬ বছরের জন্য বৈধ পার্মানেন্ট রেসিডেন্ট হতে হবে। (এটা নির্ভর করবে কোন ক্যাগারির আবেদন করবেন তার উপর)
ইউএসএ'তে অব্যাহত রেসিডেন্সি এবং শারীরিকভাবে উপস্থিত থাকতে হবে,
ইউএস সিটিজেনশী এবং ইমিগ্রেশন ডিস্ট্রিক্ট যেখানে থাকতে চান সেই স্টেটের রেসিডেন্সি প্রমাণ করা,
ইংরেজি বলা এবং লেখার দক্ষতা,
ইউএসএ'র ইতিহাস ও সরকার সম্পর্কে জ্ঞানের প্রমাণ,
সৎ চরিত্রের অধিকরী হতে হবে।
সিলেকটিভ সার্ভিসের জন্য রেজিস্টার করতে হবে (যদি নির্দিষ্ট বয়সের পুরুষ হয়) এবং যখন প্রয়োজন তখন সার্ভিসের জন্য সম্মত ও ইউএসএর প্রতি আনুগত্যের শপথ গ্রহণ।

এ ব্যাপারে ইতোপূর্বে আমরা এই বিভাগে আলোচনা করেছি। প্রয়োজনে একজন এটর্নীর সাথেও আলোচনা করতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# ‘বিদেশে আমাদের বন্ধু আছে, প্রভু নেই’

॥ মীযানুল করীম ॥

ক্ষমতাসীন ১৪ দলের মুখপাত্র ও সমন্বয়ক প্রবীণ নেতা, আমির হোসেন আমু বলেছেন, বিএনপির ষড়যন্ত্র এ দেশের মাটিতে টিকবে না। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের (ওকে) বলেছেন, বিদেশের প্রভুদের কাছ থেকে সাড়া না পেয়ে বিএনপি নেতারা দিশেহারা। আর তথ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর ঘনিষ্ঠ তরুণ ড. হাছান মাহমুদ বলেছেন, বিএনপিকে ডেঙ্গুর মতো উৎখাত করতে হবে। আমু এবং কাদেরের বক্তব্য যে দিন আসে পত্রিকায়, একই দিন একটি খবরের দিকে চোখ যায়। খবরটি হলো- নয়াদিল্লিতে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সভাপতি জগৎ প্রকাশ (জেপি) নাড্ডার সাথে বৈঠক করেছে আওয়ামী লীগের প্রতিনিধিদল। ভারতের দিল্লিতে দেশটির ক্ষমতাসীন প্রধানমন্ত্রী মোদির সাম্প্রদায়িক দল ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সাথে বৈঠক করেছেন আওয়ামী লীগের প্রতিনিধিরা। সোমবার ৭ আগস্ট দুপুরে ভারতে সফররত প্রতিনিধিদলটি বিজেপির সভাপতি জগৎ প্রকাশ (জেপি) নাড্ডা ও সাধারণ সম্পাদক বিনোদ তড়ের সাথে পৃথক বৈঠক করে। আওয়ামী লীগের সভাপতিম-লীর সদস্য ও কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাকের নেতৃত্বে দলের যুগ্ম সাধারণ সম্পাদক এবং তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ, সাংগঠনিক সম্পাদক সুজিত রায় নন্দী, কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য মেরিনা জাহান কবিতা ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য আরমা দত্ত গুণ বিজেপি প্রেসিডেন্ট জেপি নাড্ডার বাসভবনে তার সাথে বৈঠক করেন।

মাত্র দুই দিন আগে গণভবনে আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা নিয়ে নয়া দিগন্তের প্রধান খবর, ‘কৌশলে এগোচ্ছে আওয়ামী লীগ’। এটাই কি আওয়ামী লীগের বিশেষ কৌশল? বিএনপি বরাবরই বলে, ‘বিদেশে আমাদের প্রভু নেই; বন্ধু আছে।’ আওয়ামী লীগ কেন ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দল বিজেপির সাথে বৈঠক করবে? তাহলে কি ওই দল আওয়ামী লীগের প্রভু? এটাতো হতে পারে না কিছুতেই। নোয়াখালীর লোকরা বলছে, আমিন মৌলভী সাহেবের নাতি ও মোশারফ মিয়া হেডমাস্টারের মেধাবী ছেলে, ওবায়দুল কাদের কোনো উত্তেজনাকর ও উসকানিমূলক বক্তব্য না রাখাই ভালো। তার প্রতি দলের বাইরেরও অনেকের সফট কর্নার আছে। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের (ওকে) মার্কিন রাষ্ট্রদূত হাসকে নিজেদের অফিসে ‘ওকে’ জানালেন।

মার্কিন রাষ্ট্রদূত যদিও আওয়ামী লীগকে সরাসরি সমর্থন করেন না। তবুও ওবায়দুল কাদের তার কথাকে নিজেদের দিকে টেনে নিলেন। কোনো বিদেশী রাষ্ট্রদূত বা বিশিষ্ট ব্যক্তির কথা আওয়ামী লীগের পক্ষের মনে হলে ওই ব্যক্তিকে গণতন্ত্রের প্রতিভূ এবং নিজেদের পক্ষপাতী মনে করা আমাদের দেশের রীতি হয়ে গিয়েছে। আর তার কথা পছন্দ না হলে তিনি গণতন্ত্রের শত্রু এবং প্রতিপক্ষের লোক বলে ধারণা করা হয়। অথচ এটা মোটেও ঠিক না। বিদেশী কূটনীতিকরা সাধারণত অন্য দেশের ক্ষমতাসীন বা প্রধান বিরোধী দলবিশেষকে সমর্থন করেন না। এটাই তাদের রীতি।

আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলের নেতারা বলেছেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে বিএনপি। তবে তা সফল হবে না। এ দেশের মাটিতে কোনো ষড়যন্ত্র টিকবে না। সব চক্রান্তকে নস্যাৎ করে দেশের উন্নয়নের গতি বজায় রাখা হবে। গত ৭ আগস্ট সোমবার বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ১৪ দলের কথিত শান্তি সমাবেশে নেতারা এ কথা বলেন। নামে শান্তি সমাবেশ হলেও কামে এটি ছিল রাজনৈতিক প্রতিপক্ষ বিএনপির বিরুদ্ধে বিষোদগারের মহাসুযোগ। আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদ সদস্য, ১৪ দলের মুখপাত্র ও সমন্বয়ক আমির হোসেন আমু এতে বলেন, কোনো ষড়যন্ত্র এ দেশের মাটিতে টিকবে না। চক্রান্তের মধ্য দিয়ে উন্নয়নের অগ্রযাত্রায় অংশগ্রহণ করা যাবে না।

তিনি বিএনপিকে ‘পাকিস্তানপন্থী’ হিসেবে উল্লেখ করে বলেন, শেখ হাসিনার নেতৃত্বে আমাদের দেশ সব সূচকে পাকিস্তানকে পেছনে ফেলে এগিয়ে যাওয়ার কারণে দেশটির দোসরদের এত গাত্রদাহ। তিনি বিএনপির উদ্দেশে বলেন, শেখ হাসিনা গোটা বিশ্বে আদরণীয় আর তখন তোমাদের আন্দোলন-সংগ্রামের কথা মনে পড়ে। হাসিনার চাইতে গণতন্ত্র কেউ বেশি দিতে পারেন না। বেগম খালেদা জিয়ার ক্ষেত্রে তা প্রমাণিত হয়েছে। ‘তিনি’ বিএনপি নেতাদের এমন অবাধ স্বাধীনতা দিয়েছেন যে, তারা সরকারবিরোধী আন্দোলন করেও বারবার কারাবন্দী বেগম জিয়ার সাথে দেখা করেন। এভাবে বেগম জিয়াকে নির্দেশ দেয়ার সুযোগ তারা দিচ্ছেন। কিন্তু শেখ হাসিনা তো বাধা দিচ্ছেন না। বিএনপিকে উদ্দেশ করে আমু বলেন, আপনারা আর কী চান, আর কত গণতন্ত্র চান? এর চেয়ে বেশি গণতন্ত্র ও সুবিধা কোনো দিন কোনো দেশের সরকার দেয়নি। শেখ হাসিনা আর কত দিতে পারে? ক্ষমতাসীন আওয়ামী লীগের অন্যতম সভাপতি মোফাজ্জল হোসেন মায়া বলেন, বিএনপি-জামায়াত আগুন সন্ত্রাস দিয়ে আবার শান্তি নষ্ট করতে চায়। তাদেরকে দেশ থেকে তাড়াতে না পারলে তারা সন্ত্রাস চালাবে; আমরা শান্তি চাই। আওয়ামী লীগের সভাপতিম-লীর সদস্য, সাবেক মন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেন, ‘বিএনপি-জামায়াত দেশের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এসব ষড়যন্ত্র ও অপশক্তির বিরুদ্ধে রুখে দাঁড়াতে দলের নেতাকর্মীদের এগিয়ে আসতে হবে। নির্বাচনকালীন সরকারের দায়িত্ব পালন প্রধানমন্ত্রী শেখ হাসিনাই করবেন।’ এভাবে আওয়ামী লীগ ষড়যন্ত্রের পুরো দায় বিএনপির গায়ে চাপাতে চায় আর নিজেরা বিদেশী শক্তির সাথে বৈঠক করতে চায়। অথচ ১৪ দলের ওই শান্তি সমাবেশে জোট সদস্য, সাম্যবাদী দলের সাধারণ সম্পাদক দিলীপ বড়ুয়া বলেন, ক্ষমতায় যাওয়ার লোভে বিদেশীদের সাথে নিয়ে যারা ষড়যন্ত্র করছে, বিদেশীদের চাপ এবং তাদের ষড়যন্ত্র কোনোভাবেই প্রধানমন্ত্রীকে দুর্বল করতে পারবে না। হাসিনা ক্ষমতায় থাকার কারণে গঙ্গার পানিচুক্তি বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, বিএনপির তথাকথিত আন্দোলন ব্যর্থ হওয়ায় মির্জা ফখরুল ইসলামরা এখন পাগলের প্রলাপ বকছেন। বিদেশী প্রভুদের কাছ থেকে প্রত্যাশিত সাড়া না পেয়ে এবং জনগণ দ্বারা বার বার প্রত্যাখ্যাত হয়ে বিএনপি নেতারা দিশেহারা হয়ে পড়েছেন। তিনি বলেন, বিএনপি এক এক সময় এক এক কথা বলে। কখনো বিদেশী প্রভুদের কৃপা প্রত্যাশায় তাদের স্তুতি করে। আবার কাঙ্ক্ষিত সাড়া না পেয়ে তাদের বিরুদ্ধে বিষোদগার করে।


কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি দেয়া হয় না)

Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# বিশ্বাসযোগ্যতা অর্জন ইসির জন্য এক বড় চ্যালেঞ্জ

## ॥ আবদুল লতিফ মন্ডল ॥

বাংলাদেশের সংবিধান রাষ্ট্রপতি পদের এবং জাতীয় সংসদের নির্বাচনের জন্য ভোটার তালিকা তৈরির তত্ত্বাবধান, নির্দেশ ও নিয়ন্ত্রণ এবং অনুরূপ নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের (ইসি) ওপর ন্যস্ত করেছে {অনুচ্ছেদ ১১৯(১)} ।

তাছাড়া স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর নির্বাচনি আইনে প্রদত্ত ক্ষমতাবলে ইসি এসব প্রতিষ্ঠানে নির্বাচন পরিচালনা করে আসছে। বাংলাদেশে এ যাবৎ ১১টি জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দুর্ভাগ্যজনক হলেও সত্য, অন্তর্বর্তীকালীন ও নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অনুষ্ঠিত চারটি-পঞ্চম (২৭ ফেব্রুয়ারি ১৯৯১), সপ্তম (১২ জুন ১৯৯৬ জুন), অষ্টম (১ অক্টোবর ২০০১) ও নবম (২৯ ডিসেম্বর ২০০৮) জাতীয় সংসদ নির্বাচন ছাড়া দলীয় সরকারের অধীনে অনুষ্ঠিত ৭টি যথা-প্রথম (৭ মার্চ ১৯৭৩), দ্বিতীয় (১৮ ফেব্রুয়ারি ১৯৭৯), তৃতীয় (৭ মে ১৯৮৬), চতুর্থ (৩ মার্চ ১৯৮৮), ষষ্ঠ (১৫ ফেব্রুয়ারি ১৯৯৬), দশম (৫ জানুয়ারি ২০১৪) ও একাদশ (৩০ ডিসেম্বর ২০১৮) জাতীয় নির্বাচন সুষ্ঠু ছিল না।

দলীয় সরকারের অধীনে অনুষ্ঠিত সংসদ নির্বাচনগুলো পরিচালনায় মুখ্য ভূমিকায় ছিল ক্ষমতায় থাকা সরকারগুলো। ইসির ভূমিকা ছিল গৌণ। একাদশ জাতীয় সংসদ নির্বাচন অন্যসব নির্বাচনকে ছাপিয়ে ওঠে। এ নির্বাচনে নজিরবিহীন অনিয়মের অভিযোগ ওঠে। এসব অভিযোগের মধ্যে সবচেয়ে গুরুতর ছিল, নির্বাচন অনুষ্ঠানে নির্ধারিত দিনের আগের রাতে ক্ষমতাসীন দলের প্রার্থীদের ব্যালট বাক্সে ভোট প্রদান।

বর্তমান ইসি তার দেড় বছরের কার্যকালে এমন কোনো উদাহরণ সৃষ্টি করতে পারেনি যা জনগণকে আশ্বস্ত করতে পারে যে ইসি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানে সক্ষম হবে। বরং বর্তমান ইসি অনেকটা প্রতিদ্বন্দ্বিতাহীন এবং জনগণের অংশগ্রহণহীন বেশকিছু উপনির্বাচন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচন সম্পন্ন করে সন্তোষ প্রকাশ করেছে। এটা গণতন্ত্রের জন্য অশনিসংকেত। ইসি সম্প্রতি এমন কিছু সিদ্ধান্ত নিয়েছে যা সুষ্ঠু দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানে সহায়ক হবে না। এসব সিদ্ধান্ত পর্যালোচনা করাই এ নিবন্ধের উদ্দেশ্য।

গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) ১৯৭২-এর ৯১ অনুচ্ছেদের (এ) দফায় ইসি প্রস্তাবিত সংশোধনী জাতীয় সংসদে পাশ হওয়ায় খর্ব হলো ইসির ক্ষমতা।

সংশোধনের আগে ৯১ অনুচ্ছেদের (এ) দফায় যা বলা হয়েছিল তা হলো, ‘ঃযব ঈড়সসরংংরড়হ সধু ংঃড়ঢ় ঃযব ঢ়ড়ষষং ধঃ ধহু ঢ়ড়ষষরহম ংঃধঃরড়হ ড়ৎ বহঃরৎব পড়হংঃরঃঁবহপু, ধং ঃযব পধংব সধু নব, ধঃ ধহু ংঃধমব ড়ভ ঃযব বষবপঃরড়হ রভ রঃ রং পড়হারহপবফ ঃযধঃ রঃ ংযধষষ হড়ঃ নব ধনষব ঃড় বহংঁৎব ঃযব পড়হফঁপঃ ড়ভ ঃযব বষবপঃরড়হ লঁংঃষু, ভধরৎষু ধহফ রহ ধপপড়ৎফধহপব রিঃয ষধ ফঁব ঃড় সধষঢ়ৎধপঃরপবং, রহপষঁফরহম পড়বৎপরড়হ, রহঃরসরফধঃরড়হ ধহফ ঢ়ৎবংংঁৎব, ঢ়ৎবাধরষরহম ধঃ ঃযব বষবপঃরড়হ’, যার বাংলা অর্থ দাঁড়ায়, কমিশন যদি এ মর্মে সন্তুষ্ট হয় যে, নির্বাচনে বল প্রয়োগ, ভীতি প্রদর্শন এবং চাপ সৃষ্টিসহ বিভিন্ন বিরাজমান অপকর্মের কারণে যুক্তিযুক্ত, ন্যায়সংগত এবং আইনানুগভাবে নির্বাচন পরিচালনা নিশ্চিত করতে সক্ষম হবেন না, তা হলে কমিশন যে কোনো ভোটকেন্দ্র বা ক্ষেত্রমতো সম্পূর্ণ নির্বাচনি এলাকায় নির্বাচনের যে কোনো পর্যায়ে ভোটগ্রহণসহ নির্বাচনি কার্যক্রম বন্ধ করতে পারবে।

সংশোধনীতে ধঃ ধহু ংঃধমব ড়ভ ঃযব বষবপঃরড়হ শব্দগুলোর ‘বষবপঃরড়হ’ শব্দকে ‘ঢ়ড়ষষরহম’ শব্দ দিয়ে প্রতিস্থাপন করা হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, ইলেকশন বলতে বোঝায় তফসিল ঘোষণার পর থেকে ফল ঘোষণা পর্যন্ত সময়কালকে। এখন বষবপঃরড়হ শব্দের স্থলে ঢ়ড়ষষরহম শব্দ প্রতিস্থাপনের ফলে কমিশন তার ওপর প্রদত্ত ক্ষমতা শুধু ভোটের দিন প্রয়োগ করতে পারবে। তাছাড়া এ সংশোধনী একটি আসনের পরিবর্তে সুনির্দিষ্ট সেন্টারের নির্বাচন স্থগিতের ক্ষমতা কার্যত নির্বাচন কমিশনের ক্ষমতা সংকুচিত করেছে।

বিরোধী রাজনৈতিক দলগুলো এ সংশোধনীকে ভালোভাবে নেয়নি। ইসির ক্ষমতা হ্রাস করে আরপিওর সংশোধনীকে নিরপেক্ষ নির্বাচনের পথ রুদ্ধ করতে ক্ষমতাসীনদের ‘মহাপরিকল্পনার অংশ’ বলেছে বিএনপি। গণতন্ত্র মঞ্চের নেতারা বলেছেন, আরেকটি পাতানো নির্বাচনের নীলনকশা অনুযায়ী আরপিওর নতুন সংশোধনী আনা হয়েছে। আরপিও সংশোধন করে ভোট বাতিলে নির্বাচন কমিশনের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। ভোট গ্রহণের আগে ইসি চাইলেও এখন আর নির্বাচন বন্ধ করতে পারবে না।

সংশোধনী বিলটি জাতীয় সংসদে উপস্থাপন থাকাকালে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) মন্তব্য করে, প্রস্তাবিত সংশোধনী পাশ হলে কমিশনের কাছে নির্বাচনি আইন লঙ্ঘনের কারণে যে কোনো নির্বাচনি এলাকায় চলমান নির্বাচন বাতিলের যে ক্ষমতা বিদ্যমান আইনে রয়েছে, তা কেড়ে নেওয়া হবে।

ইসি তাদের দেওয়া ব্যাখ্যায় বষবপঃরড়হ শব্দটিকে ঢ়ড়ষষরহম শব্দ দ্বারা প্রতিস্থাপনকে ধসবহফসবহঃ না বলে পড়ৎৎবপঃরড়হ বলেছে। তারা আরও বলেছে, এটিকে ক্ষেত্রভেদে সমার্থক ভাবা যেতে পারে, আবার বিভাজিত করেও ভাবা যেতে পারে। আসলে ইসির এ ব্যাখ্যা শাক দিয়ে মাছ ঢাকা বৈ কিছু নয়। ইসি তাদের ব্যাখ্যায় আরও দাবি করেছে যে, অনুচ্ছেদ ৯১-এর দফা (এ)-এর পর নতুন উপদফা (এএ) সংযুক্ত হওয়ার কারণে কমিশন, আবশ্যক মনে করলে, এখন ফল গেজেটে প্রকাশ করা স্থগিত রাখতে পারবে, যা আগে পারত না।

তদন্ত করতে পারবে, যা আগে পারত না। ইসির দ্বিতীয় ব্যাখ্যাটি নিয়ে কারও কোনো দ্বিমত থাকার কথা নয়। তবে আরপিওর ৯১ অনুচ্ছেদের (এ) দফার সংশোধনীতে ধঃ ধহু ংঃধমব ড়ভ ঃযব বষবপঃরড়হ শব্দগুলোর ‘বষবপঃরড়হ’ শব্দকে ‘ঢ়ড়ষষরহম’ শব্দ দিয়ে প্রতিস্থাপনের মাধ্যমে নির্বাচনকালীন ইসির ক্ষমতা যে কিছুটা সংকুচিত হয়েছে তা নিয়ে সন্দেহ নেই। ইসির এ ক্ষমতা হ্রাস সুষ্ঠু সংসদ নির্বাচন অনুষ্ঠানে সহায়ক হবে না।

ইসির দ্বিতীয় যে সিদ্ধান্ত আগামী দ্বাদশ সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানে বাধা হয়ে দাঁড়াবে, তা হলো সিসিটিভি ক্যামেরা ব্যবহার না করা। সম্প্রতি পত্রপত্রিকায় প্রকাশিত খবরে বলা হয়েছে, ইসির দুজন নির্বাচন কমিশনার মো. আলমগীর ও রাশেদা সুলতানা ইঙ্গিত দিয়েছেন, আসন্ন দ্বাদশ জাতীয় নির্বাচনে ভোটকেন্দ্রে সিসিটিভি ক্যামেরা বসিয়ে পর্যবেক্ষণ করার কোনো পরিকল্পনা নেই।

নির্বাচন কমিশনার রাশেদা সুলতানা আরও বলেছেন, নির্বাচনে সিসিটিভি ক্যামেরা ব্যবহারের কোনো আইনি বাধ্যবাধকতা নেই, তাই কমিশন ক্যামেরা ব্যবহার করতে বাধ্য নয়। প্রাপ্ত তথ্যে জানা যায়, ২০২২ সালের ফেব্রুয়ারিতে বর্তমান কমিশন দায়িত্ব গ্রহণের পর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ওই বছরের অক্টোবরে নিজেদের কর্মপরিকল্পনা ঘোষণা করেছিল। সেখানে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু করার পথে ১৪টি চ্যালেঞ্জ বা বাধা চিহ্নিত করেছিল তারা। এসব বাধা উত্তরণে ইসি নিজেদের কর্মপরিকল্পনায় ১৯টি উপায়ও উল্লেখ করেছিল।

তার একটি ছিল প্রতিটি ভোটকক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপন। ইসির মূল্যায়নের বরাত দিয়ে একটি সূত্র বলেছে, সিসিটিভি ক্যামেরা স্থাপনের ফলে কিছু সুফল পাওয়া গেছে। এতে জাল ভোট দেওয়ার প্রবণতা কমেছে, যারা ভোটকেন্দ্রে অনিয়ম করেন, তাদের মধ্যে একধরনের ভয় কাজ করেছে। প্রধান নির্বাচন কমিশ-নার কাজী হাবিবুল আউয়ালও এ ধরনের কথা গণমাধ্যমে বলেছেন।

আর ভোটকক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপনের সুফল জনগণও ইতোমধ্যে প্রত্যক্ষ করেছে। এক্ষেত্রে ২০২২ সালের অক্টোবরে গাইবান্ধার একটি আসনে অনুষ্ঠিত ও বাতিল ঘোষিত উপনির্বাচনের উদাহরণ প্রণিধানযোগ্য। ২০২২ সালের ১২ অক্টোবর অনুষ্ঠিত গাইবান্ধা-৫ আসনের উপনির্বাচন ইসি সিসিটিভিতে পর্যবেক্ষণ করে অনিয়ম সংঘটিত হওয়ার কারণে মাঝপথে নির্বাচন বন্ধ করে দেয়। তাছাড়া তদন্ত করে বিভিন্ন পর্যায়ের ১৩৪ জন নির্বাচনসংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নেয় কমিশন। জনগণ ইসির এসব সিদ্ধান্তের প্রশংসা করেছিল।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানে ভোটকক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপন না করার প্রাথমিক সিদ্ধান্ত থেকে ইসিকে সরে আসতে হবে। অন্যথায়, সুষ্ঠু দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্ভব হবে না।

ইসির তৃতীয় যে সিদ্ধান্তটি মিডিয়া ও সচেতন মহলে আলোচনার বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে তা হলো, আগামী জাতীয় সংসদ নির্বাচনে পর্যবেক্ষক নিবন্ধন। ১১ আগস্ট একটি দৈনিকে প্রকাশিত সংবাদের শিরোনাম ছিল ‘নামসর্বস্ব ও দল-ঘনিষ্ঠদের সংস্থাও হচ্ছে পর্যবেক্ষক’। বলা হয়েছে, কোনো কার্যক্রম নেই, এমন কয়েকটি বেসরকারি সংস্থাকে নির্বাচন পর্যবেক্ষক সংস্থা হিসাবে নিবন্ধন দেওয়ার জন্য নির্বাচিত করেছে ইসি। নিবন্ধনের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৬৮টি সংস্থার মধ্যে কয়েকটির বিরুদ্ধে রাজনৈতিক সম্পৃক্ততারও অভিযোগ উঠেছে। বেশির ভাগ সংস্থারই পর্যাপ্ত লোকবল নেই। ফলে নিরপেক্ষভাবে নির্বাচন পর্যবেক্ষণ করার মতো দক্ষতা ও সক্ষমতা এসব সংস্থার আসলেই আছে কি না, সে প্রশ্ন সামনে এসেছে। উল্লেখ্য, ইসির নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা অনুযায়ী, যেসব সংস্থা গণতন্ত্র, সুশাসন ও মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে আসছে এবং তাদের গঠনতন্ত্রে এ বিষয়সহ সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান বিষয়ে নাগরিকদের মধ্যে তথ্য প্রচার ও উদ্বুদ্ধ করার অঙ্গীকার রয়েছে, কেবল সেসব বেসরকারি সংস্থাই নির্বাচন পর্যবেক্ষক সংস্থা হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করতে পারে।

ইসি যেসব সংস্থাকে বাছাই করেছে, সেগুলোর গঠনতন্ত্রে এমন কথা থাকলেও বাস্তবে প্রায় কোনো সংস্থারই অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে তথ্য প্রচার বা জনগণকে উদ্বুদ্ধ করার কোনো কার্যক্রম নেই। এ ব্যাপারে যা বলতে চাই তা হলো, নির্বাচনব্যবস্থাকে সুষ্ঠু করতে পর্যবেক্ষক সংস্থা নিবন্ধনে তাদের দক্ষতা, সক্ষমতা ও নিরপেক্ষতা সম্পর্কে নিশ্চিত হতে হবে ইসিকে।

সবশেষে যা বলতে চাই তা হলো, আগামী দ্বাদশ সংসদ নির্বাচনের আগে ইসির এমন কোনো সিদ্ধান্ত নেওয়া উচিত নয়, যা সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সহায়ক হবে না। যে পদ্ধতির সরকারের অধীনেই এ নির্বাচন অনুষ্ঠিত হোক, ইসিকে পূর্ণ নিরপেক্ষতা নিয়ে কাজ করতে হবে, যাতে ইসির ওপর জনগণের আস্থা বহাল থাকে।

***আবদুল লতিফ মন্ডল : সাবেক সচিব, কলাম লেখক***

# বাংলাদেশ আমেরিকার যৌথ প্রযোজনার

(শেষের পাতার পর)

তিনি ।তিনি জানান-বাংলা চলচ্চিত্রের সুদিন ফিরে আসতে শুরু করেছে। সাথে চলছে বাংলা চলচ্চিত্রের বিশ্বায়ন। বাংলা সিনেমা নতুন সংযোজন হিসেবে নিউ ইয়র্ক, নিউ জার্সি, কানেকটিকাট এবং পেনসিভেনিয়ার বিভিন্ন মনোরম লোকেশনে নির্মিত হচ্ছে চলচ্চিত্র ‘Flush it’. পরিচালক রনি ভৌমিক পরিচালিত এই চলচ্চিত্রে অভিনয় করেছেন বাংলাদেশি, আমেরিকান , কলম্বিয়ান, ইন্ডিয়ান এবং স্প্যানিশ অভিনয় শিল্পীরা। আমেরিকান প্রযোজনা প্রতিষ্ঠান “ রক পেপার সিজারস মুভিজ” প্রযোজিত এই সিনেমা বাংলাদেশ, আমেরিকা, কানাডা, কলাম্বিয়া সহ পৃথিবীর আরও অনেক দেশে একই সাথে মুক্তি দেওয়ার পরিকল্পনা রয়েছে ।বাংলাদেশের সহযোগী প্রযোজনা প্রতিষ্ঠান হিসেবে আছে টোস্টার প্রোডাকশন। চলচ্চিত্র “Flush It” এ অভিনয় করেছেন অভিনেতা আনিসুর রহমান মিলন (বাংলাদেশ) , কলম্বিয়ান বংশদ্ভুত নিউ ইয়র্কের ব্রডওয়ে তারকা জেমিনা এরিকা এবং গ্যাব্রিয়েলা মরেনো, প্রিতম চৌধুরী(বাংলাদেশ), ফিলিপ ডোনেহ এবং স্কট লয়ের, রেমন্ড কেরামডাইক এবং বিল ফথ (আমেরিকা), সানিয়া প্রভাকর ও নিঝুম বড়ুয়া (ভারত)। আরও অন্যান্য চরিত্রে অভিনয় করেছেন সেলভিয়া রোথী, অলিভ আহমেদ, শিশু শিল্পী রাফাজ খান, দুররে মাকনুন, শাহরিয়ার তৈমুর এবং জামান মনির সহ আরো অনেকে। উলেখ যে অভিনেতা আনিসুর রহমান মিলনই একমাত্র বাঙালি অভিনেতা যে একই সাথে হলিউড এবং ঢালিউডে




সমানতালে অভিনয় করে যাচ্ছেন।

চলচ্চিত্র “Flush It” বাংলাদেশ থেকে আশা একজন সাধারণ মানুষের চোখে স্বপ্নের রাজ্য আমেরিকাকে এক্সপোর করার গল্প। চলচ্চিত্রটি তে উঠে আসবে তার উথান, পতন, প্রাপ্তি অপ্রাপ্তি ও ঘুরে দাঁড়ানোর চেষ্টা। গল্পকার অপূর্ব পাল অর্ক রচিত “Flush it” এর সংলাপ লিখেছেন স্নেহাশিস চক্রবর্তী অভি এবং নোভা ফিরোজ । চিত্রনাট্য তৈরী করেছেন রনি ভৌমিক, অপূর্ব পাল অর্ক ও স্নেহাশিস চক্রবর্তী অভি এবং সংগীত পরিচালনা করেন ইমন সাহা ।

পরিচালক রনি ভৌমিক বলেন- আমি আমার শ্রম এবং মেধা দিয়ে চেষ্টা করেছি। বাকিটা দর্শক ভালো বলতে পারবেন। আর আমার সিনেমায় গল্প সবসময় নায়ক থাকে এবারও তার ব্যতিক্রম হবে না।

রক পেপার সিজরস মুভিজ এর পক্ষ থেকে জানানো হয়-বাংলা মুভির বিশ্বব্যাপী একটা পটেনশিয়ালিটি তৈরী হয়েছে। আর আমেরিকায় বাঙালি কমিউনিটি অনেক বড় তাই এটাকে আমরা গুরুত্বের সাথে নিয়েছি। সকলের সহযোগীতা পেলে আমাদের এই ধারা অব্যাহত থাকবে।

# বর্ণাঢ্য আয়োজনে শেষ হলো ৩ দিনের মুনা কনভেনশন










(শেষের পাতার পর)

কনভেনশনে চারটি মহাদেশ থেকে অর্ধশত ইসলামিক স্কলার যোগ দিয়ে বিভিন্ন বিষয়ে আলোচনা পেশ করেন। তবে, কনভেনশনজুড়ে বাংলাদেশের প্রখ্যাত আলেম মাওলানা ড. মিজানুর রহমান আজহারীকে নিয়ে ছিলো বাড়তি আগ্রহ। কনভেনশনের দ্বিতীয় ও সমাপনী দিন তিনি দুটি আলাদা সেশনে বক্তব্য রাখেন।

সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে মাওলানা মিজানুর রহমান আজহারী বলেন, পৃথিবীতে টিকে থাকার জন্য রিজেকের সন্ধানে সবাইকে সচেষ্ঠ থাকতে হয়। কিন্তু মনে রাখতে হবে, রিজিক মহান আলাহর তরফ থেকে নির্ধারিত। প্রচেষ্ঠার মাধ্যমে সেগুলো আহরণ করে নিতে হবে। কিন্তু রিজিকের সন্ধানে পাগলপারা হয়ে জীবনের আসল উদ্দেশ্য আলাহর ইবাদত থেকে বিচ্যুত হওয়া যাবে না।

বিশেষ অতিথি হিসেবে আলোচনায় বাংলাদেশের প্রখ্যাত আলেম মাওলানা লুৎফুর রহমান বলেন শত প্রতিকূলতা সত্ত্বেও আলাহর রহমত থেকে নিরাশ হওয়া যাবে না।

কনভেনশনে বিভিন্ন সেশনে আলোচনা পেশ করেন ইমাম ড. ওমর সুলায়মান, ইমাম সিরাজ ওহহাজ, ইমাম দেলোয়ার হোসেন, ইমাম ড. আবু তালেব, ওস্তাদ ওহাজ তারিন, সিস্টার দুনিয়া শুয়াইব, শেখ মাজেদ মোহাম্মদ, ড. আসিফ হিরানি, মুফতি হোসাইন কামানি, ড. আলতাফ হোসাইন, আবু আহমেদ নুরুজ্জামান , ড. ফারহান আব্দুল আজিজ, ইমাম সুলায়মান হানি, ড. সায়েদুর রহমান চৌধুরী, শায়খ আব্দুল নাসের জাংদা, ড. জাহিদ বুখারি, ওস্তাদ আবদেল রহমান মারফি, শায়খ খলিলুর রহমান চিশতি, নিহাদ আওয়াদ, আবু সামিহা সিরাজুল ইসলাম , ওসামা জামাল, ড. আয়মান হামাস, মাকসুদ আহমেদ, মুহাদ্দিস মাহমুদুল হাসান, ড. নাকিবুর রহমান, ড. মহসিন আনসারী, ড. আব্দুস সালাম আজাদী, ওস্তাদ আব্দুল রশিদ, ইমাম রফিক মোহাম্মদ, ইমাম শামসি আলী, আহমেদ আল সারদারী, ড. তাহির ওয়াত, ইসমাহান আব্দুলাহি, ওস্তাদ তাইমিয়াহ জুবায়ের, ড. চৌধুরী মাহমুদ হাসান ও ইমাম বাবা গালা বারি।

মুনার পক্ষ থেকে ন্যশনাল প্রসিডেন্ট হারুন ও রশীদ ও কনভেনশন চেয়ার আরমান চৌধুরী সিপিএ বক্তব্য রাখেন।

মুনার এ কনভেনশনে সাধারণ সেশনের পাশাপাশি তরুণ তরুণীদের জন্য ছিলো আকাদা সেশন। এসব সেশনে ব্যক্তিগত জীবনে ইসলামের অনুশীলন বিষয়ক কুরআন-হাদীসের আলোকে আলোচনা পেশ করেন বক্তারা।







# চিত্রে মহানগর আ'লীগের শোক দিবস উদযাপন



















# বঙ্গোপসাগর নিয়ে জাপান যে কারণে আগ্রহী

॥ তিতলি বসু ॥

ইন্দো-প্যাসিফিক অঞ্চলে কানেক্টিভিটি নির্মাণ এবং যৌথ ভবিষ্যৎ তৈরিতে নেতৃত্ব দিচ্ছে জাপান। দেশটি এটি করছে ‘ট্রিপল আই’ কৌশল তথা অবকাঠামো, বিনিয়োগ ও শিল্প নেটওয়ার্ক গড়ার অংশ হিসেবে। এর উদ্দেশ্য অর্থনৈতিক করিডোর, পণ্যের প্রতিযোগিতা, উৎপাদনশীলতা ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করা। জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও এ বছরের মার্চ মাসে দিল্লিতে অবাধ ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিকের (এফওআইপি) জন্য নতুন পরিকল্পনা ঘোষণা করেন। সেখানে জাপানের কৌশলের চারটি স্তম্ভের একটি হিসাবে বহু স্তরে কানেক্টিভিটির রূপরেখা তুলে ধরা হয়। এ লক্ষ্যে দক্ষিণ-পূর্ব এশিয়া, দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জকে গুরুত্ব দিচ্ছে টোকিও।

ইন্দো-প্যাসিফিক অঞ্চলে কানেক্টিভিটি নির্মাণ এবং যৌথ ভবিষ্যৎ তৈরিতে নেতৃত্ব দিচ্ছে জাপান। দেশটি এটি করছে ‘ট্রিপল আই’ কৌশল তথা অবকাঠামো, বিনিয়োগ ও শিল্প নেটওয়ার্ক গড়ার অংশ হিসেবে। এর উদ্দেশ্য অর্থনৈতিক করিডোর, পণ্যের প্রতিযোগিতা, উৎপাদনশীলতা ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করা। জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও এ বছরের মার্চ মাসে দিল্লিতে অবাধ ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিকের (এফওআইপি) জন্য নতুন পরিকল্পনা ঘোষণা করেন। সেখানে জাপানের কৌশলের চারটি স্তম্ভের একটি হিসাবে বহু স্তরে কানেক্টিভিটির রূপরেখা তুলে ধরা হয়। এ লক্ষ্যে দক্ষিণ-পূর্ব এশিয়া, দক্ষিণ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জকে গুরুত্ব দিচ্ছে টোকিও।

বেইজিংয়ের বেল্ট অ্যান্ড রোড উদ্যোগ ব্যাপক রাজনীতির জন্ম দিয়েছে। এর পর অবকাঠামো অর্থায়নে এ ধরনের কয়েকটি বিকল্প উদ্যোগও দেখা গেছে। এফওআইপির জন্য জাপানের নতুন পরিকল্পনা হলো, ২০৩০ সালের মধ্যে ইন্দো-প্যাসিফিক অঞ্চলে অবকাঠামো খাতে সরকারি-বেসরকারি মিলে ৭৫ বিলিয়ন ডলারের বেশি তহবিল সংগ্রহ করা। এ তহবিল আসবে বেসরকারি বিনিয়োগ, ইয়েনের মাধ্যমে ঋণ প্রদান ও অন্য খাত থেকে। তবে টোকিওর কৌশলগত পরিকল্পনা শুধু কানেক্টিভিটির মধ্যেই সীমাবদ্ধ নয়। জাপান একে বড় শিল্প করিডোরে রূপান্তরের কথা ভাবছে। দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাপানের উন্নয়ন সহায়তা (ওডিএ) এবং বিনিয়োগের সফলতা স্পষ্ট। দক্ষিণ অর্থনৈতিক করিডোর ও পূর্ব-পশ্চিম অর্থনৈতিক করিডোরের মধ্যে সংযোগ ঘটিয়ে আঞ্চলিক উৎপাদন নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত করাও এ সহায়তা ও বিনিয়োগের লক্ষ্য।

টোকিও এখন ইন্দো-প্যাসিফিকের আরেক জটিল বিষয়কে অগ্রাধিকার দিচ্ছে—বঙ্গোপসাগর। ভারত মহাসাগরে জাপানের কৌশলগত সামুদ্রিক এলাকা ও প্রাকৃতিক সম্পদ রয়েছে। এর বাইরেও বঙ্গোপসাগর দেশটির অগ্রাধিকারে থাকার কারণ, এ উপসাগর বাংলাদেশ ও ভারতের মতো দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশকে এবং এটি বিশ্ব জনসংখ্যার এক-চতুর্থাংশের বেশি মানুষকে ধারণ করে আছে। এ দেশগুলোতে জনসংখ্যার উল্লেখযোগ্য অংশ তরুণ এবং নগরায়ণও দ্রুত হচ্ছে। এ অঞ্চলকে গুরুত্ব দিয়ে উত্তর-পূর্ব ভারত-বঙ্গোপসাগর শিল্প ভ্যালু চেইন চালু করেছে জাপান।

এ লক্ষ্যে ভারত ও বাংলাদেশের সঙ্গে সহযোগিতা করছে জাপান। জাপান উন্নয়ন সহায়তার দিক থেকে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ ও ভারতকে অগ্রাধিকার দিচ্ছে। জাপানের অবাধ ও উন্মুক্ত ইন্দো-প্যাসিফিক (এফওআইপি) পরিকল্পনার জন্য ভারত অপরিহার্য অংশীদার। বঙ্গোপসাগরে জাপানের আগ্রহ দিল্লির আঞ্চলিক অবকাঠামো ও কানেক্টিভিটি পরিকল্পনার জন্যও যথার্থ। ভারতের ইন্দো-প্যাসিফিক সমুদ্র উদ্যোগের (আইপিওআই) জন্য যেমন এটি উপযোগী, তেমনি ২০১৯ সালে জাতিসংঘ জলবায়ু সম্মেলনে ঘোষিত কোয়ালিশন ফর ডিজাস্টার রেজিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচারের (সিডিআরআই) জন্যও কার্যকর।

এ উদ্যোগের অংশীদার হিসেবে ঢাকারও নিজস্ব অবকাঠামো ও কানেক্টিভিটির বিশেষ লক্ষ্য রয়েছে। কারণ বাংলাদেশ ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়সম্পন্ন এবং ২০৪১ সালের মধ্যে উচ্চ আয়ের দেশ হতে চাইছে। পাশাপাশি দক্ষিণ এশিয়ায় ভারতের সবচেয়ে বড় উন্নয়ন ও ব্যবসায়িক অংশীদার হিসেবে আবির্ভূত হয়েছে বাংলাদেশ। ফলে বাংলাদেশ-ভারত-জাপানের মধ্যকার ত্রিপক্ষীয় সহযোগিতার সম্প্রসারণ আমরা দেখব।

টোকিওর কৌশলগত লক্ষ্য ‘কানেক্টিভিটির মধ্যে সংযোগ স্থাপন’। উদাহরণ হিসেবে বলা যায়, বাংলাদেশে জাপানের বিগ-বি প্রকল্পের সঙ্গে উত্তর-পূর্ব ভারতে তাদের (জাপান) উত্তর-পূর্ব রোড কানেক্টিভিটি উন্নয়ন প্রকল্পের সংযোগ ঘটানো। এটি এমন একটি অর্থনৈতিক করিডোর তৈরি করছে, যা বাংলাদেশের মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দরকে চট্টগ্রাম ও ঢাকার মধ্য দিয়ে উত্তর-পূর্ব ভারতের ত্রিপুরার সঙ্গে সংযুক্ত করবে। পরবর্তী সময়ে এর মাধ্যমে নেপাল ও ভুটানের সঙ্গে সংযোগ স্থাপন করা সম্ভব হবে। একই সঙ্গে এগুলো বিদ্যমান আঞ্চলিক বড় প্রকল্পের সঙ্গে সমন্বয় করবে। এর মধ্যে রয়েছে বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপাল (বিবিআইএন) উপআঞ্চলিক প্রকল্প, দক্ষিণ এশিয়া উপআঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতা (এসএএসইসি) রোড কানেক্টিভিটি উদ্যোগ, এশিয়ান হাইওয়ে, ত্রিপক্ষীয় হাইওয়ে এবং মাস্টারপ্ল্যান অন আসিয়ান কানেক্টিভিটি (এমপিএসি) ২০২৫।

বাংলাদেশের বাইরে শ্রীলঙ্কার সহযোগিতার কাজও চলমান। যদিও কলম্বোর ইস্ট কনটেইনার টার্মিনাল (ইসিটি) প্রকল্প নিয়ে টোকিও ও দিল্লির তিক্ত অভিজ্ঞতা রয়েছে। এ প্রকল্পে রাজাপাকসের রাজনৈতিক অবস্থার কারণে সংকট তৈরি হয়েছিল। কিন্তু জাপান যেহেতু ভারত ও ফ্রান্সকে সঙ্গে নিয়ে শ্রীলঙ্কার ঋণ পুনর্গঠনের কাজ করছে, সে কারণে কলম্বো সেই প্রকল্পগুলো পুনরায় বাস্তবায়ন করতে চাইছে। বিশেষ করে নবায়নযোগ্য জ্বালানি, গ্রিড কানেক্টিভিটি প্রকল্প, তেলের পাইপলাইন হাবের জন্য ত্রিনকোমালি বন্দরের উন্নয়ন বিষয়ে শ্রীলঙ্কা জোর দিচ্ছে।


চীন যদিও ইতোমধ্যে বেল্ট অ্যান্ড রোড উদ্যোগের আওতায় বঙ্গোপসাগরে কিছু বড় প্রকল্পের ব্যাপারে আগ্রহ দেখিয়েছে, জাপান সেখানে অবকাঠামোগত অর্থায়নে সম্ভাব্য শক্তি। জাপান উন্মুক্ততা, স্বচ্ছতা, অর্থনৈতিক দক্ষতায় বৈশ্বিক মানের ওপর গুরুত্ব দিচ্ছে। বঙ্গোপসাগরের ভূ-কৌশলগত গুরুত্বের কারণেই মানসম্পন্ন অবকাঠামো এবং আঞ্চলিক অর্থনৈতিক শক্তি প্রয়োজন। বঙ্গোপসাগরের পূর্ণ কৌশলগত ও অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে টোকিওর সাম্প্রতিক উদ্যোগ ‘ট্রিপল আই’ কৌশলের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করবে।

এগুলো বাস্তবায়ন খুব একটা সহজ হবে না। তৃতীয় দেশের সহযোগিতার ক্ষেত্রে ভূ-রাজনৈতিক জটিলতা রয়েছে সত্য, কিন্তু সেখানে বঙ্গোপসাগরের প্রতিটি দেশকে অভ্যন্তরীণ রাজনীতির কৌশল দিয়েই তার সমাধান করতে হবে। কারণ এখানে নন-ট্যারিফ বাধা, অগ্রসর বাণিজ্য ব্যবস্থা, আন্তঃসীমান্ত শুল্ক ইত্যাদি বিষয় জড়িত।

ড. তিতলি বসু: ভারতের জওহরলাল নেহরু ইউনিভার্সিটির শিক্ষক; দ্য ডিপ্লোম্যাট থেকে সংক্ষেপিত ভাষান্তর মাহফুজুর রহমান মানিক



# ১৫ আগস্ট জাতীয় শোক দিবস



## ১৫ আগস্ট ২০২৩, মঙ্গলবার

বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম মৃত্যুবার্ষিকীতে
তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনায়

# দোয়া মাহফিল ও তবারক বিতরণ

স্থান: ৩৭-২২, ৭৩ স্ট্রিট (নবান্ন রেস্টুরেন্টের সামনে), সময়: দুপুর ৪টা থেকে রাত ১০টা

| সভাপতি | আহ্বায়ক | সদস্য সচিব | সাধারণ সম্পাদক |
|---|---|---|---|
| সাকিল মিয়া | মীর নিজামুল হক | সোহেল গাজী | মো. আলম নমি |

যুগ্ম আহ্বায়ক: মো. এ আজাদ, মিয়া মোঃ দুলাল, আব্দুল মালেক, ও আব্দুল হামিদ, পরিচালনায়: শাহ নেওয়াজ যুগ্ম সদস্য সচিব: হাজী এনাম, মো. মাহবুব রহমান ও ভিউক খান

তত্ত্বাবধায়নে: শাহ জে চৌধুরী প্রধান সমন্বয়কারী: মইনুল ইসলাম প্রধান পৃষ্ঠপোষক: আসেফ বারী টুটুল

চেয়ারম্যান: মামুন মিয়াজী চেয়ারপারসন: বিপ্লব সাহা কো-চেয়ারপারসন: সাখাওয়াত বিশ্বাস

পৃষ্ঠপোষক: নুরুল আজিম, ফাহাদ সোলায়মান, তারেক হাসান খান, এটর্নি মঈন চৌধুরী, জেড আর চৌধুরী (লিটু), ও আহসান হাবিব

সহযোগিতায়: মঈনুল ইসলাম, শাহ জে চৌধুরী, বারী হোম কেয়ার, আশরাফুল আলম খোকন, হাজী এনাম, ডেরা রেস্টুরেন্ট, মেসবাহ আবেদীন, শেখর কৃষ্ণ, ডা. ফেরদৌস খন্দকার, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন, সি কে (অভি) , মনসুর চৌধুরী, প্রিমিয়াম সুইটস, মামা'স রেস্টুরেন্ট, নুরুল আমিন বাবু, নুরুজ্জামান সরদার, ফরহাদ রেজা, নিলুফা শিরিন, হাসান জিলানী, মোহাম্মদ আলী, মোঃ কে. ভুইয়া, গোলাম হাসান, রফিকুল ইসলাম, আক্তার ভূঁইয়া, আকতারুর রহমান মামুন, রনি, মোঃ কামরুজ্জামান, মোঃ জাহিদ মিয়া, মোঃ নাজের উদ্দিন, সাঈদ খান, রাজু আহমেদ, মফিজুর রহমান, জেবিবিএ, হাসান মাহমুদ সোহেল, মোঃ লুৎফুর রহমান চুন্নু, আলমগীর হোসেন, মোঃ আশরাফুল আজিজ, মোঃ জহিরুল ইসলাম, মোঃ আব্দুর রহিম ভূঁইয়া, মোঃ আবু তাহের, মোঃ আনোয়ার হোসেন (অনু), আহাদ ভূঁইয়া, ডা. তৌহিদ শিবলী ও গোল্ডেন এইজ হোম কেয়ার।

উপদেষ্টা পরিষদ: হারুন ভূঁইয়া, মোঃ মহিউদ্দিন দেওয়ান, জয়নাল আবেদিন, রাশেদ আহমেদ, ইশতিয়াক রুমী, সিরাজুল হক কামাল, মহসিন নবী, কামরুজ্জামান কামরুল, প্রদীপ সাহা, কাজী শামসুদ্দোহা, মনসুর চৌধুরী, মোঃ পিয়ার, মোল্লা মাসুদ, রফিকুল আহমেদ, ইকতারুজ্জামান রতন, মোঃ কবির রতন, বিদ্যুৎ দাস, জে মোল্লা সানি, এলিন রহমান, দেবাশীষ দাস বব, শফিউদ্দিন মিয়া, শাহাদাৎ হোসেন।

সার্বিক সহযোগিতায়: মোঃ মানিক বাবু, শেখ নোমান পলাশ, আসাদুল ইসলাম আসাদ, মোঃ হাসনাত হাসান, শামস জনি, শাহীন চৌধুরী, আফতাব জনি, আকরাম হোসেন বিপ্লব, নিহার সিদ্দিকী, আলমগীর খান আলম, মোঃ সায়েম উল্লাহ, মুক্তা মিয়া, গোপাল সান্যাল, ওয়াসীম, নান্টু মিয়া, গনেশ কীর্তণীয়া, মোঃ রাদবি, শাহরিয়ার হোসেন, শোভন, কবির চৌধুরী জসী, কামরুজ্জামান বকুল ও মতিন।

ফটোগ্রাফি: নিহার সিদ্দিকী

আয়োজনে-

# জ্যাকসন হাইটস এলাকাবাসী


৩৭তম ফোবানা সম্মেলন ২০২৩
টরন্টো, কানাডা
অনুভবে চেতনায়
আমাদের বাংলাদেশ
FOBANA
Federation of Bangladeshi Associations in North America
পবন দাস বাউল
বেবি নাজনীন
মমতাজ
সেলিম চৌধুরী
বিন্দু কনা
প্রতিক হাসান
তাহমিনা মিম
তানজিন তিশা
37TH FOBANA CONVENTION
GRAND SPONSORS
CONVENOR
RUSSEL RAHMAN
(647) 886-6427
MD HASAN
(416) 832-9487
SEPTEMBER 1, 2 & 3
DON VALLEY HOTEL
EGLINTON & DON VALLEY PARK HIGHWAY CORNER
TORONTO
Chairman : Giash Ahmed
Chief Advisor : Mahbub Rob Chiwdhury
Chairman Host Committee : Syed Shamsul Alam
Vice Chairman : Azim Dewan
Executive Secretary : Khokon Rahman
বাংলাদেশ, কানাডা ও আমেরিকার জনপ্রিয় শিল্পীদের নিয়ে মনমাতানো সাংস্কৃতিক অনুষ্ঠান
তিন দিনব্যাপী থাকছে
রকমারি স্টল | ট্যালেন্ট শো | ফ্যাশন শো | সেমিনার | কাব্য জলসা | মেগা কনসার্ট
আয়োজনে ঃ বাংলাদেশ সোসাইটি এস সি
For Hotel Reservation and Direction: +1 416 299 1500

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



**STAR Photography**

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

---

গ্রেটার বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে

বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র

**বাফেলো বাংলা**

পড়ুন

www.buffalobangla.com

---

# হোমিও চিকিৎসা



## এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রস্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্ট্রিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

**আপনি কি যৌন সমস্যায় ভুগছেন**
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

**Homeopathy & Herbal**
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

---

# পার্কচেস্টারে

## অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট

TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872



We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

---

# ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
**Tri-Boro Terrace Realty**
31-08, Astoria Boulevard, Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

**Tusher Bhuiyan**
Licensed Real Estate Agent

MLS
Each Office is Independently Owned and Operate

---

# ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine — সীমিত সময়ের জন্য 15% Off — Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

**ASTORIA PHARMACY**
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

**JACKSON HEIGHTS PHARMACY**
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

**LONG ISLAND CITY CHEMISTS**
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

**OPEN**
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

# ট্রাম্পের বিচার যুক্তরাষ্ট্রে বিভক্তি বাড়াবে

॥ আলী আহমাদি ॥

মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন আইন লঙ্ঘন করে কিছু পদক্ষেপ নিয়েছিলেন বলে অভিযোগ ওঠার পর ১৯৭৭ সালে তৎকালীন ব্রিটিশ টিভি উপস্থাপক ডেভিড ফ্রস্টকে দেওয়া সাক্ষাৎকারে তিনি এ বিষয়ে নিজের অবস্থান ব্যাখ্যা করেছিলেন। প্রেসিডেন্ট জাতীয় স্বার্থে কোনো বেআইনি সিদ্ধান্ত নিতে পারেন কি না–এমন প্রশ্নের জবাবে নিক্সন বলেছিলেন, 'প্রেসিডেন্ট যখন এটি করেন, তখন তা আর বেআইনি থাকে না।' ডেভিড ফ্রস্ট তখন তাঁকে প্রশ্ন করেছিলেন, 'এটা কি আনুষ্ঠানিক সংজ্ঞার মধ্যে পড়বে?' নিক্সনের জবাব ছিল, 'অবশ্যই'।

এটি ভিয়েতনাম যুদ্ধের পরিপ্রেক্ষিতে নেওয়া কিছু ত্রুটিপূর্ণ সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তিনি এসব বলেছিলেন। এর মধ্য দিয়ে নিক্সনের প্রেসিডেন্ট পদে দায়িত্ব পালনের খুঁত ধরা পড়ে। তাঁর সেই বক্তব্য এটিও ব্যাখ্যা করতে সাহায্য করেছিল যে কীভাবে তিনি আমেরিকান গণতন্ত্রের বিরুদ্ধে করা ষড়যন্ত্রকে বৈধ হিসেবে দেখতে অভ্যস্ত ছিলেন।

আফসোস! নিক্সনের কোনো বিচার হয়নি। গদি থেকে সরে যাওয়ার পর তাঁর বিরুদ্ধে চলা একটি ফৌজদারি তদন্ত প্রাথমিক পর্যায় অতিক্রম করার আগেই প্রেসিডেন্ট জেরাল্ড ফোর্ড (যিনি প্রেসিডেন্ট হওয়ার আগে নিক্সনের ভাইস প্রেসিডেন্ট ছিলেন) তাঁকে ক্ষমা করে দিয়েছিলেন।

মূলধারার আলোচনায় জেরাল্ড ফোর্ডের সেই সিদ্ধান্তটিকে এখনো একটি ন্যায়সংগত, এমনকি সাহসী অবস্থান হিসেবে বিবেচনা করা হয়। মার্কিন রাজনীতিকেরা মনে করেন, জেরাল্ডের এই ক্ষমা যুক্তরাষ্ট্রকে তাঁর নিজের প্রেসিডেন্টের বিরুদ্ধে মামলা করার মতো বিব্রতকর অবস্থা থেকে বাঁচিয়েছিল।

কিন্তু ডোনাল্ড ট্রাম্প দ্রুত ধারাবাহিকভাবে চার চারটি মামলায় অভিযুক্ত হয়ে রীতিমতো ইতিহাস গড়ে ফেলেছেন। লক্ষ করার বিষয় হলো, এই চার অভিযোগের একটিও প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পের আনুষ্ঠানিক দায়িত্বের সঙ্গে সরাসরি সম্পর্কিত নয়।



বামপন্থীরা তাঁর কঠোর বিচারের পক্ষে থাকলেও ইতিমধ্যে বিভক্ত হয়ে পড়া মার্কিন সমাজে ট্রাম্পের এই বিচার অনেক প্রভাব ফেলবে। এখন পর্যন্ত ট্রাম্পের যে জনসমর্থন দেখা যাচ্ছে, তাতে মনে হচ্ছে তাঁর বিচারে কাজ বিভক্তিকে আরও গভীর করবে। এতে ট্রাম্পের সমর্থকদের মধ্যে যে ক্ষোভ তৈরি হবে, তা মার্কিন রাজনীতির ওপর সুদূরপ্রসারী প্রভাব ফেলবে।

মার্কিন কিংবা আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে কোনোখানে ড্রোন হামলা চালানোর নির্দেশ দেওয়ায় তাঁর বিচার হচ্ছে না। কোথাও নিষেধাজ্ঞা দিয়ে সাধারণ মানুষকে দুর্দশায় ফেলে দেওয়ার জন্য তাঁর বিচার হচ্ছে না। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে কুৎসিত আলাপচারিতার জন্যও (যে কারণে তাঁর অভিশংসন করা হয়েছিল) তাঁকে বিচারের মুখোমুখি হতে হচ্ছে না। বরং ২০২০ সালের নির্বাচনের ফলকে নস্যাৎ করার চেষ্টা, গোপন নথি সরানো এবং নির্বাচনী প্রচারণা বিধি লঙ্ঘন করে এক নারীকে উৎকোচ দেওয়ার অভিযোগে তাঁর বিচার হচ্ছে।

একজন সাবেক নেতাকে আইনের আওতায় আনা আপাতত কূটনৈতিকভাবে আমেরিকার জন্য বিব্রতকর হতে পারে। তবে এটি যুক্তরাষ্ট্রকে আইনের শাসনের প্রতি ন্যায়নিষ্ঠ ও নিবেদিত রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করবে। এই বিচার করতে যুক্তরাষ্ট্র ব্যর্থ হলে সেটি তাৎক্ষণিক মেয়াদে মার্কিনিদের মুখরক্ষা করবে বটে; কিন্তু প্রজাতন্ত্রের ভাবমূর্তির জন্য একটি ধ্বংসাত্মক আঘাতের প্রতিনিধিত্ব করবে।

বিশ্বজুড়ে কার্যকর গণতন্ত্রগুলো প্রায়ই তাদের সাবেক নেতাদের এবং এমনকি গদিতে থাকা ব্যক্তিদের বিরুদ্ধে মামলা করে। অবশ্য তাঁদের মধ্যে খুব কম লোকই জেল খেটেছে। বিচারিক প্রক্রিয়ায় তাঁদের আইনের কাঠগড়ায় দাঁড় করালেও শেষ পর্যন্ত জাতীয় ঐক্যের স্বার্থে তাদের ক্ষমা করা হয় এবং কেউ কেউ কম শাস্তি পান। নিক্সনের মতো তাঁদের গদি থেকে সরিয়ে দেওয়া যেতে পারে। কিন্তু তাঁদের জেলে রাখা অনেক দুরূহ ব্যাপার।

যুক্তরাষ্ট্রে ট্রাম্প এখনো রিপাবলিকান পার্টির অতুলনীয় নেতা এবং দক্ষিণপন্থী অনেকের কাছে ত্রাণকর্তা। ট্রাম্পের সমর্থকদের একটি বড় অংশ মনে করেন, ট্রাম্প যা করেছেন তা একদম ঠিক ছিল এবং যুক্তরাষ্ট্রের বৃহত্তর স্বার্থেই তিনি তা করেছেন।

বামপন্থীরা তাঁর কঠোর বিচারের পক্ষে থাকলেও ইতিমধ্যে বিভক্ত হয়ে পড়া মার্কিন সমাজে ট্রাম্পের এই বিচার অনেক প্রভাব ফেলবে। এখন পর্যন্ত ট্রাম্পের যে জনসমর্থন দেখা যাচ্ছে, তাতে মনে হচ্ছে তাঁর বিচারে কাজ বিভক্তিকে আরও গভীর করবে। এতে ট্রাম্পের সমর্থকদের মধ্যে যে ক্ষোভ তৈরি হবে, তা মার্কিন রাজনীতির ওপর সুদূরপ্রসারী প্রভাব ফেলবে।

আল-জাজিরা থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষেপিতভাবে অনূদিত

***আলী আহমাদি নিষেধাজ্ঞা এবং অর্থনৈতিক রাষ্ট্রকৌশল বিষয়ের একজন পণ্ডিত***


AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
■ All types of W2 & 1099 Income Tax Filing
■ Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
■ Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS





Road Lesson Local & Highway
5 Hours Class Certificate (Zoom Class)
Road Test Appointment
Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাবা থেকে পিকআপ এন্ড ড্রপ
6 Hours DDC Class Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)



শিল্পী কাদেরী কিবরিয়া





যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
AUTHORIZED IRS e-file PROVIDER
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)






❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com


COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
• We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
• After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
• Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
• We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!
DATABASE
ADMINISTRATION
ENGINEERING
Microsoft
SQL Server
ORACLE
Azure
mongoDB.
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master
& Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

# ১৫ বছর পার, আন্তর্জাতিক ক্রিকেটে বিরাট-পর্ব

**বাংলা পত্রিকা ডেস্কঃ** শুরুতে সাফল্য আসেনি। দল থেকে বাদ পড়তে হয়েছিল। সেই ছেলেটাই আন্তর্জাতিক ক্রিকেটে ১৫ বছর কাটিয়ে ফেলল। বলা ভাল, ১৫ বছর রাজত্ব করল। পরিচিত হল 'কিং কোহলি' নামে।

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : শুরুটা হয়েছিল শ্রীলঙ্কার বিরুদ্ধে। রগচটা, বদমেজাজি একটা ছেলে ভারতকে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ জিতিয়ে ঢুকে পড়েছিল সিনিয়রদের দলে। শুরুতে সাফল্য আসেনি। দল থেকে বাদ পড়তে হয়েছিল। সেই ছেলেটাই আন্তর্জাতিক ক্রিকেটে ১৫ বছর কাটিয়ে ফেলল। বলা ভাল, ১৫ বছর রাজত্ব করল। পরিচিত হল 'কিং কোহলি' নামে।

২০০৮ সালের ১৮ অগস্ট শ্রীলঙ্কার বিরুদ্ধে শুরু হয়েছিল বিরাট কোহলি আন্তর্জাতিক ক্রিকেট কেরিয়ার। ডাম্বুলাতে সেই ম্যাচে গৌতম গম্ভীরের সঙ্গে ওপেন করতে নেমেছিলেন বিরাট। সেই গম্ভীর যাঁর সঙ্গে পরবর্তী সময় জুটি বাঁধা তো দূর, মুখোমুখি হলে মারমুখী হয়ে উঠেছেন দু'জনে। শ্রীলঙ্কার বিরুদ্ধে সেই এক দিনের সিরিজে মাত্র একটি অর্ধশতরান করেছিলেন বিরাট। সে ভাবে নজর কাড়তে পারেননি। বরং আউট হয়ে সাজঘরে ফেরার সময় তাঁর বিরক্তি প্রকাশের ধরন নিয়ে আলোচনা শুরু হয়ে গিয়েছিল। দল থেকে বাদ পড়তে হয়েছিল বিরাটকে। প্রত্যাবর্তন হয়েছিল এক বছর পর। সেটাও শ্রীলঙ্কার বিরুদ্ধে। তার পর আর ফিরে তাকাতে হয়নি। বিরাটের প্রথম শতরানও শ্রীলঙ্কার বিরুদ্ধেই। ইডেনে শ্রীলঙ্কার বিরুদ্ধে ২০০৯ সালে শতরান করেছিলেন বিরাট। আন্তর্জাতিক ক্রিকেটে সেটাই তাঁর প্রথম শতরান। ১৫ বছরে তাঁর ঝুলিতে ৭৬টি শতরান। অর্থাৎ গড়ে প্রতি বছর পাঁচটি করে শতরান করেছেন বিরাট। উল্লেখ্য, এর মাঝে আড়াই বছর কোনও শতরান করতে পারেননি তিনি। তার পরেও বিরাট ছুটছেন সচিন তেন্ডুলকরের শত শতরানের রেকর্ড ছুঁতে। ৩৪ বছরের বিরাটের এখনও ২৪টি শতরান প্রয়োজন সেই রেকর্ড ছোঁয়ার জন্য।

১৫ বছরে একাধিক রেকর্ড বিরাটের ঝুলিতে। অভিষেকের পর থেকে সব থেকে বেশি রান (২৫,৫৮২) করেছেন বিরাট। সব থেকে বেশি অর্ধশতরান (১৩১) করেছেন। শতরানের তালিকাতেও (৭৬) এই ১৫ বছরে তিনিই শীর্ষে। ১৫০ রান পার করেছেন ১৬ বার, দ্বিশতরান করেছেন সাত বার। ১৫ বছরে বিরাট ২৫৩৩টি চার মেরেছেন। ৬৩ বার ম্যাচের সেরা হয়েছেন। ২০ বার সিরিজের সেরা। আইসিসি-র প্রতিযোগিতাতেও বিরাট-পর্বে ধরা ছোঁয়ার বাইরে 'কিং কোহলি'। রান (২৮২০), অর্ধশতরান (২৫), ম্যাচের সেরা (১০) সব কিছুতেই এই ১৫ বছরে শীর্ষে বিরাটই।

সচিনোত্তর পর্বে বিরাট ব্যাট করতে নামলেই শতরানের অপেক্ষায় থাকেন ১৪০ কোটি ভারতবাসী। ২০১১ সালে বিশ্বকাপ জিতে সচিনকে কাঁধে তুলে মাঠ ঘুরেছিলেন বিরাট। বলেছিলেন, "২১ বছর ধরে দেশের দায়িত্ব কাঁধে নিয়ে ঘুরছে সচিনপাজি। আমাদের দায়িত্ব এ বার ওকে কাঁধে তুলে নেওয়া।" সেই কথা শুধু বলার জন্য ছিল না। বিরাট সত্যিই সচিন পরবর্তী ভারতীয় ক্রিকেটের ভরসা




হয়ে উঠেছিলেন। বহু কঠিন ম্যাচ একার দায়িত্বে জিতিয়েছেন। রান তাড়া করে জেতা বিরাটের কাছে রোজকার ঘটনা। 'চেজ মাস্টার' নামে পরিচিত হয়ে গিয়েছেন তিনি।

১৫ বছরে বিরাট শুধু ভরসার ব্যাটার হয়ে উঠেছেন তাই নয়, ভারতীয় ক্রিকেটে আগ্রাসনের সমার্থক হয়ে উঠেছেন। অধিনায়ক হিসাবেও নজর কেড়েছিল বিরাটের আগ্রাসী মনোভাব। বিরাট অধিনায়ক হওয়ার পর তাঁর রান করার ক্ষমতা যেন আরও বেড়ে গিয়েছিল। অধিনায়ক হিসাবেও সব থেকে বেশি রানের (১২,৮৮৩) তালিকায় শীর্ষে তিনি (এই ১৫ বছরের মধ্যে)। অধিনায়ক হিসাবে ৪১টি শতরান, ১১টি ১৫০, সাতটি দ্বিশতরান করেছেন। বিরাট অধিনায়ক থাকাকালীন ২৭ বার ম্যাচের সেরা এবং ১২ বার সিরিজের সেরাও হয়েছেন। যদিও বিরাটের নেতৃত্বে ভারত কখনও আইসিসি প্রতিযোগিতা জেতেনি। একাধিক পালকের মুকুটে যে কাঁটা বিরাটকে ক্ষতবিক্ষত করেছে। ২০২১ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপের পর ক্রিকেটের ক্ষুদ্র সংস্করণে নেতৃত্ব ছেড়ে দিয়েছিলেন। পরবর্তী সময়ে তাঁকে সাদা বলের নেতৃত্ব থেকেই সরিয়ে দেওয়া হয়। যা হজম করতে পারেননি বিরাট। সাংবাদিক বৈঠকে বোর্ডের বিরুদ্ধেই মুখ খোলেন তিনি। বলে দেন নেতৃত্ব ছাড়ার সময় কেউ তাঁকে বাধা দেয়নি। যদিও তার কিছু দিন আগেই তৎকালীন বোর্ড সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায় বলেছিলেন যে, তিনি নিজে বিরাটকে নেতৃত্ব ছাড়তে বারণ করেছিলেন। ২০২২ সালে লাল বলের ক্রিকেটের অধিনায়কত্বও ছেড়ে দেন বিরাট।

সেই সময় বিরাটের ব্যাটে রান ছিল না। তাই সমালোচকদের মুখ বন্ধ করতে পারেননি। প্রাক্তন ক্রিকেটারেরা বার বার সমালোচনা করতে শুরু করেন। দল থেকে বাদ দেওয়ার কথাও বলেন অনেকে। একের পর এক সিরিজ থেকে বিশ্রাম নিতে শুরু করেন বিরাট। তা নিয়েও কথা বলতে ছাড়েননি নিন্দকেরা। সেই সব সমালোচনা উড়িয়ে বিরাট ফিরলেন গত বছর এশিয়া কাপে। আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে শতরান এসেছে তাঁর ব্যাটে।

১৫ বছর পূর্ণ করে ৩৪ বছরের বিরাট শুধুই এগিয়ে চলেছেন। এ বারের বিশ্বকাপে ভারতীয় দলে তিনিই এক মাত্র ক্রিকেটার হতে চলেছেন, যিনি ১২ বছর আগে বিশ্বজয়ী দলেও ছিলেন। তিনি অপেক্ষা করে আছেন আরও এক বার বিশ্বজয়ের স্বাদ পেতে। আর ১৪০ কোটি ভারতবাসী অপেক্ষা করে আছেন তাঁর হাতে আর এক বার বিশ্বকাপ ট্রফি দেখার জন্য।

এক সময় সব ফরম্যাটের ক্রিকেটে ধারাবাহিক ভাবে ব্যর্থ হচ্ছিলেন বিরাট। অভিমানে ক্রিকেট থেকে বিরতি নিয়ে ফেলেছিলেন। ব্যাট ধরেননি দেড় মাস। ফিরে এসেই রান পেয়ে গিয়েছিলেন বিরাট। মাঠের বাইরে থাকার সময়টা যে কঠিন ছিল, সেটা স্বীকার করে নিয়েছিলেন তিনি। সেই সময় পরিবার ছাড়া এক মাত্র মহেন্দ্র সিংহ ধোনিকে পাশে পেয়েছিলেন বলে জানিয়েছিলেন বিরাট। আইসিসি-কে দেওয়া এক সাক্ষাৎকারে বিরাট বলেছিলেন, "ওই সময়ে আমার সবচেয়ে বড় শক্তি ছিল আমার স্ত্রী অনুষ্কা। গোটা সময়টাই আমার সঙ্গে কাটিয়েছিল এবং চোখের সামনে দেখেছিল প্রতিটা অনুভূতি। কোন অবস্থার মধ্যে দিয়ে আমি গিয়েছিলাম, কী কী আমার সঙ্গে হয়েছিল। আর একটা কথা বলতেই হবে– ছোটবেলার কোচ এবং পরিবার ছাড়া যে মানুষটা আমার সঙ্গে যোগাযোগ রেখেছিল, সে মহেন্দ্র সিংহ ধোনি।"

টানা ১১ বছর ভারতের সাজঘরে ধোনির সঙ্গে ছিলেন বিরাট। ভারতের সেরা অধিনায়ক হিসাবে ধোনিকে মেনে নিতেও কোনও দ্বিধা নেই তাঁর মনে। বলেছেন, "ধোনির সঙ্গে সহজে যোগাযোগ করা যায় না। ও নিজে থেকে আমাকে ফোন করেছে। যে কোনও দিন ফোন করলে ৯৯ শতাংশ নিশ্চিত থাকতে পারেন যে ধোনি ফোন ধরবে না। কারণ ও ফোনের দিকেই তাকায় না। সে কিনা দু'বার আমাকে নিজে থেকে মেসেজ করেছে। ও আমাকে বলেছিল, 'তোমাকে শক্তিশালী হতে হবে। নিজেকে এতটা শক্তিশালী করতে হবে, যাতে লোকে এটা না জিজ্ঞাসা করে যে তুমি কেন আছো?' ধোনির ওই কথা আমাকে ধাক্কা দিয়েছিল। কারণ আমি নিজেকে এত দিন আত্মবিশ্বাসী, মানসিক ভাবে শক্তিশালী মানুষ হিসেবেই দেখতাম, যে কিনা যে কোনও পরিস্থিতিতে সমাধানের একটা পথ খুঁজে পায়।"

সেই কঠিন সময় এখন অতীত। বিরাট আবার ফর্মে ফিরেছেন। তাঁর ব্যাট কথা বলছে। চুপ করে গিয়েছেন নির্বাচকেরা।

# আমি খুব ভাগ্যবান, ক্যারিয়ারের সবকিছুই অর্জন করেছিঃ মেসি




ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : লিওনেল মেসি মেজর লিগ সকারের ক্লাব ইন্টার মায়ামির হয়ে শুরু করেছেন ক্যারিয়ারের নতুন অধ্যায়। অভিষেক ম্যাচে ফ্রি-কিকে দুর্দান্ত এক গোলের পর টানা ছয় ম্যাচ গোলের দেখা পেয়েছেন তিনি। ফলে ক্লাবের হয়ে ছয় ম্যাচ খেলেই তার গোল সংখ্যা ৯। তার হাত ধরেই প্রথমবারের মতো লিগস কাপের ফাইনালে উঠেছে দলটি।

এদিকে মায়ামির হয়ে খেলা শুরুর পর এবারই প্রথম সংবাদ সম্মেলনে এসেছিলেন মেসি। আর বিশ্বজয়ী মহাতারকার কথা শুনতে সংবাদকর্মীদের উপচেপড়া ভিড় ছিল। যুক্তরাষ্ট্রের ক্লাবটির হয়ে নিজের প্রথম সংবাদ সম্মেলনে আলবিসেলেস্তে অধিনায়ক কথা বলেছেন দীর্ঘ সময়।

বৃহস্পতিবার রাতে প্রকাশিত হয়েছে উয়েফার এবারের বর্ষসেরা নির্বাচিত হওয়ার দৌড়ে শীষ তিনে আছেন কোন তিনজন। ইউরোপ ছাড়লেও কেভিন ডি ব্রুইনা এবং আর্লিং হালান্ডের সঙ্গে মেসিও আছেন ব্যক্তিগত এ পুরস্কার অর্জনের দৌড়ে। এদিকে এ পুরস্কার ছাড়াও এবারের ব্যালন ডি'অর জয়ের দৌড়েও খুব ভালোভাবেই আছেন মেসি। গতকাল সংবাদ সম্মেলনেও তাকে প্রশ্ন করা হয়েছিল এ ব্যাপারে।

ব্যালন ডি'অর নিয়ে প্রশ্নের উত্তরে মেসি বলেন, আমার মনে হয় ক্যারিয়ারের বিভিন্ন সময়ে এ প্রশ্নের উত্তর আমি দিয়েছি। ব্যালন ডি'অর খুবই গুরুত্বপূর্ণ একটি পুরস্কার। ব্যক্তিগত পর্যায়ে সারাবিশ্বেই এটি সব থেকে আকর্ষণীয় একটি। কিন্তু আমি কখনই ব্যক্তিগত পুরস্কার নিয়ে মাথা ঘামাইনি, দলগত অর্জনই আমার কাছে বেশি গুরুত্বপূর্ণ।

নিজের ক্যারিয়ারে সবকিছু পেয়েছেন জানিয়ে তিনি বলেন, আমি খুব ভাগ্যবান যে আমি ক্যারিয়ারের সবকিছুই অর্জন করেছি। বিশ্বকাপের অপূর্ণতা ছিল কিন্তু কাতারে তাও পেয়েছি আমি। তাই ব্যালন ডি'অর নিয়ে এখন খুব কমই ভাবি।

বিশ্বজয়ের পর একাধিক সাক্ষাৎকারে মেসি জানিয়েছেন ফুটবল থেকে তার নতুন করে আর কিছু পাওয়ার নেই। গতকালও একই কথা মনে করিয়ে দিয়েছেন বিশ্বজয়ী এ তারকা। তিনি বলেন, আমি এখন উপভোগ করছি। ব্যালন ডি'অর নিয়ে ভাবছি না, এটি যদি পাই তা হলে ভালো, তা হলেও ক্ষতি নেই। কেননা, আমার যা পাওয়ার ছিল তার সবই আমি পেয়েছি।

বর্তমানে মায়ামির হয়ে শিরোপা জয়ই তার উদ্দেশ্য জানিয়ে মেসি বলেন, আমরা মায়ামিতে এসেছি ক্লাবকে ভালো পর্যায়ে নিতে, শিরোপা জিততে এবং ব্যক্তিগত পর্যায়েও আমি শুধু এটা নিয়েই ভাবছি।

# পিসিবির নতুন ভিডিওতে জায়গা পেল ইমরান খান

(ছবি আছে স্পোর্টস পিকচার নং-০২)

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : অবশেষে নিজেদের অবস্থান থেকে সরে এলো পাকিস্তানের ক্রিকেট বোর্ড (পিসিবি)। দেশের সাবেক এবং বর্তমান ক্রিকেটারদের প্রতিবাদের মুখে স্বাধীনতা দিবসের বিশেষ প্যাকেজ ভিডিওতে পরিবর্তন এনেছে তারা। আগেরবার ইমরান খানকে বাদ দিয়েই ভিডিও তৈরি করা হলেও এবারের ভিডিওতে ঠাঁই পেয়েছেন এই তারকা ক্রিকেটার।



পাকিস্তান ক্রিকেট বোর্ডের অফিসিয়াল টুইটার অ্যাকাউন্টে প্রকাশিত ভিডিওতে দেখা যায় ইমরান খানের ফুটেজ। দেশটির ক্রিকেটের বিভিন্ন অর্জন নিয়ে তৈরি করা এই ভিডিওতে ১৯৯২ বিশ্বকাপ জেতা অধিনায়ককে সংযুক্ত করা হয়েছে।

যদিও প্রথমবার একই ভিডিওতে বাদ দেওয়া হয়েছিল কিংবদন্তি ইমরান খানকে। দেশটির বর্তমান সরকারের সঙ্গে রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতায় আছেন সাবেক এই ক্রিকেটার। তোশাখানা মামলার আসামি হয়ে জেলে জীবন কাটাচ্ছেন ৭০ বছর বয়সি ইমরান খান। আর সেই বিরোধের জেরেই স্বাধীনতা দিবসে পিসিবির নির্মিত ভিডিওতে পুরোপুরি বাদ রাখা হয় তাকে।

এমন সিদ্ধান্তের পর প্রতিবাদ জানিয়েছেন সুলতান অব সুইং খ্যাত পাকিস্তানি ক্রিকেটার ওয়াসিম আকরাম। সাবেক এই ক্রিকেটার ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়ে বলেন, 'আমি অবাক হয়ে গেলাম পিসিবির ছোট ভিডিও দেখে যেখানে ইমরান খানকে রাখা হয়নি। রাজনৈতিক মতপার্থক্য থাকতেই পারে কিন্তু ইমরান পাকিস্তান ও বিশ্ব ক্রিকেটের আইকন। তিনি পাকিস্তানের ক্রিকেটকে শক্ত ভিত্তি দিয়েছেন। পিসিবির উচিত এই ভিডিও সরিয়ে ক্ষমা চাওয়া।'

ওয়াসিম আকরামের মন্তব্য প্রকাশ্যে আসার পরই নিজেদের ভিডিওতে পরিবর্তন আনে পাকিস্তানের ক্রিকেট বোর্ড। এমনকি আগের সেই ভিডিও টুইটার এবং ফেসবুক থেকেও পুরোপুরি সরিয়ে দেওয়া হয়েছে। পরিবর্তিত সেই ভিডিওর ক্যাপশনে লেখা হয়েছে, আগের ভিডিওতে দৈর্ঘ্য কম থাকায় বেশ কিছু ছবি এবং ফুটেজ বাদ পড়ে গিয়েছিল। যদিও নতুন ভিডিওতে শুধুমাত্র ইমরানের খানের ছবিই যোগ করা হয়েছে।

পাকিস্তানের সাবেক অধিনায়ক এবং পরবর্তীতে প্রধানমন্ত্রী হওয়া ইমরান খান ক্রিকেট বিশ্বের অন্যতম সেরা অলরাউন্ডার হিসেবে স্বীকৃত। পাকিস্তানের হয়ে বেশ সমৃদ্ধ এক ক্যারিয়ার পার করেছেন তিনি। ৮৮ টেস্টে ৩৬২ উইকেট নিয়েছেন। ব্যাট হাতে ৬ সেঞ্চুরি ও ১৮ হাফ সেঞ্চুরিতে সাবেক এই অলরাউন্ডার করেছেন ৩ হাজার ৮০৭ রান। আর ওয়ানডেতে ১৭৫ ম্যাচ নিয়েছেন ১৮২ উইকেট। রঙিন পোশাকে ১ সেঞ্চুরি ও ১৯ হাফ সেঞ্চুরিতে ইমরানের রান ৩ হাজার ৭০৯।

# ভিডিওতে ইমরানকে না রাখায় পিসিবিকে যা বললেন ওয়াহাব রিয়াজ



ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : পাকিস্তানের স্বাধীনতা দিবস উপলক্ষ্যে একটি ভিডিও প্রথম প্রকাশ করে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। সেই ভিডিও পাকিস্তানের গুরুত্বপূর্ণ ঘটনা দেখানোর পাশাপাশি অনেক লিজেন্ড ক্রিকেটারকে দেখা গেলেও সেখানে দেখা মেলেনি দেশটির একমাত্র বিশ্বকাপজয়ী অধিনায়ক ইমরান খানকে।

এ নিয়ে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়। এ বিষয়ে এবার মুখ খুললেন পাকিস্তান ক্রিকেট থেকে অবসর নেওয়া পেসার ওয়াহাব রিয়াজ।

বুধবার আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণা দেওয়ার আগে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ভিডিও থেকে পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) চেয়ারম্যান ইমরান খানকে বাদ দেওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি দেশটির গণমাধ্যমের সঙ্গে কথা বলেন।

অভিজ্ঞ সাবেক পেসার ওয়াহাব রিয়াজ বলেন, শৈশবে ইমরান খান, ওয়াসিম আকরাম, ইউনিস খানের মতো ক্রিকেটারদের খেলা দেখে অনুপ্রাণিত হয়ে ক্রিকেট খেলা শিখেছি। তাদের অনুপ্রেরণায় আজ এই জায়গায় এসেছি।

তিনি বলেন, তারা ছিল আমাদের আদর্শ। তাদের কারণেই আমরা ক্রিকেট খেলতে শুরু করেছি। আমরা কখনই '৯২ সালের বিশ্বকাপ ভুলতে পারি না। আমরা কখনই অধিনায়ককে ভুলতে পারি না। ইমরান খান পাকিস্তানকে প্রথম বিশ্বকাপ জয়ে নেতৃত্ব দিয়েছিলেন। তাকে বাদ দিলে পাকিস্তান ক্রিকেটের ইতিহাস বাদ দেওয়া হয়।

রিয়াজ বলেন, ক্রিকেটার হিসেবে ইমরান খানের মর্যাদা সবসময়ই থাকবে। আমরা সবসময় তাকে আদর্শ হিসেবে সন্মান করি এবং ইনশাআল্লাহ, আমি বিশ্বাস করি তরুণ প্রজন্মও এসব তারকাকে আদর্শ গ্রহণ করবে।

এ ছাড়া পাকিস্তানের তথা ক্রিকেট ইতিহাসেরই সেরা অধিনায়ক ও অলরাউন্ডারদের একজন ইমরান খানকে ভিডিওতে না রাখায় প্রবল সমালোচনা হয় সামাজিক যোগাযোগমাধ্যমে। ওয়াসিম আকরাম তো কড়া সমালোচনা করে ভিডিও মুছে ক্ষমা চাইতে বলেছেন পিসিবিকে।

# এশিয়া কাপে আক্রমণাত্মক খেলবেন বাবররা

ঢাকা ডেস্কঃ: টি-টোয়েন্টি আসার পর থেকে নতুন নতুন রূপে হাজির হচ্ছে



ক্রিকেট। খেলোয়াড়দের ব্যাটিং-বোলিংয়ের ক্ষেত্রেও এসেছে বড় পরিবর্তন। টেস্ট ক্রিকেটও এখন শম্বুক গতিতে চলে না। দেশে দেশে এখন ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট লিগ। আন্তর্জাতিক, ঘরোয়া ও বিদেশি লিগ মিলিয়ে এখন ক্রিকেটারদের দম ফেলারও ফুরসত নেই।

টেস্ট খেলুড়ে দেশগুলো তিন ফরম্যাটে নিজেদের মানিয়ে নিতে নতুন নতুন কৌশল অবলম্বন করেছে। পাকিস্তানি প্রধান কোচ গ্রান্ট ব্রাডবার্ন জানিয়েছেন, নতুন আক্রমণাত্মক লুক নিয়ে হাজির হবে তার দল। শ্রীলংকার বিপক্ষে টেস্ট সিরিজে সেই আক্রমণাত্মক মানসিকতা দেখিয়েছে পাকিস্তান।

তিনি আরও জানিয়েছেন, লাহোর ও করাচিতে গত কয়েক সপ্তাহ ধরে আক্রমণাত্মক দক্ষতার ওপর জোর দিচ্ছেন তার শিষ্যরা।আফগানিস্তানের বিপক্ষে আসন্ন সিরিজ ও এশিয়া কাপেও সেটির বাস্তবায়ন দেখাতে চায় তারা।

ব্রাডবার্ন বলেছেন, 'আমরা নেটে দক্ষতা দেখানোর জন্য অনুশীলন করছি না। আমরা সেই দক্ষতা ম্যাচেই দেখাতে চাই এবং এটা কোচ থেকে খেলোয়াড়দের প্রতি অনুরোধ নয়। এটা তাদের জন্যই দরকার, কারণ বৈশ্বিকভাবে খেলাটি ছড়িয়ে পড়ছে। আমরা ক্রিকেট জয়ের জন্য খেলতে চাই।'

এশিয়া কাপের আগে বাবর আজমরা শ্রীলংকায় ২২, ২৪ ও ২৬ আগস্ট তিনটি ওয়ানডে সিরিজ খেলবে আফগানিস্তানের বিপক্ষে। ৩০ আগস্ট মুলতানে নেপালের বিপক্ষে ম্যাচ দিয়ে এশিয়া কাপ শুরু করবে পাকিস্তান।




বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // August 21 // 2023 বিজ্ঞাপন


# সিলেটের বন্যা চিরতরে বন্ধ হবে

## সুনামগঞ্জের ছাতকে দুর্গম হাওরাঞ্চলের পূণ্যভূমি আলীগঞ্জ বাজারে সংবর্ধনা সভায়

## গ্লোবাল পিস অ্যামব্যাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদ



"আপনাদের জন্য যে ভালোবাসা, সেই ভালোবাসার সঙ্গে কোনো পক্ষ বিপক্ষ নেই। আমি দেশকে ভালোবাসি, একাত্তরে যেভাবে ভালোবেসেছিলাম। এখন আমি আমেরিকান। পৃথিবীর সবচেয়ে শক্তিধর পরাক্রমশালী ইউনাইটেড স্টেটস অফ আমেরিকা। তারা যদি সারা পৃথিবীর নেতা হয়, তাহলে আমিও নেতা। আমি সাক্ষ্য দিচ্ছি, নিজের কন্ঠে বলছি, সিলেটে এই বন্যা চিরতরে বন্ধ হবে। দোয়া করবেন, যাতে ত্রাণ দিতে না হয়। এক্ষেত্রে আপনাদের মধ্যকার ভালোবাসার একতাটি আরো বাড়াতে হবে। বন্যা প্রতিরোধ ও মোকাবিলার জন্য আমাদের একটি স্থায়ী পদক্ষেপ নিতে হবে।"





■ ছাতকের অন্যতম সংগঠক, জননেতা কবীর মিয়ার উদ্যোগে বহু মনিষীর চারণক্ষেত্র আলীগঞ্জ বাজারে উপস্থিত সিলেট বিভাগের বিভিন্ন স্থান থেকে আসা তৃণমূল জনসাধারণের একাংশ। ১০ আগস্ট ২০২৩

ALEGRA HOME CARE INC.
Care With Love Is Humanity

CDPAP SERVICES

PEOPLE UNITED FOR PROGRESS
POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

Abu Zafar Mahmood Foundation

জয় বাংলাদেশ
JOY BANGLADESH INC.



# সাহিত্য সাময়িকী

## তাপমাত্রা বিষয়ক
### মেহেদী ইকবাল

ওজোন ছিদ্র দিয়ে আল্ট্রাভায়োলেট
নিঃসরণ বেপরোয়া কার্বনের
কড়ি এবং কুঠার
বিলুপ্ত হাঁসের ডাক
ঘামছি মেপে জ্বর অস্বাভাবিক ।
পাহাড়ে লাকড়ি আর কাঠ মৃত উদ্ভিদের
শুনি গল্প নায়রি নৌকার
আর মাছ মাছের প্রবাদ
ডেকে ডেকে তোলে হাই সোনাব্যাঙ
কী অদ্ভুত দেখছি ধোঁকা বৃষ্টির!

আঙুলের ডগায় ছিলো একটা নদী
জ্বর মেপে খুঁজি চুল সবুজ রঙের
কিছু গল্প আজগুবী আছে আরও স্বপ্ন কিছু
সিঁড়ির মতো ধাপে ধাপে কয়েকটি আকাশ
অন্ধকারে জ্বলজ্বলে কিছু তারা
প্রলোভন দ্রাক্ষাবনের
কিছু প্রার্থনা তুলনারহিত
পাসওয়ার্ড থাকে সংরক্ষিত
জানি সীমিত অতি সংখ্যা ব্যবহারকারির ।

এই যে এতো জ্বর এতো জ্বর অস্বাভাবিক
তবু শীত
কী করে যে থাকে বসে

পায়ের কাছে সারারাত!

## চাঁদ
### আবু আফজাল সালেহ

জ্বলে জ্বলে চাঁদ সুন্দরী হয়েছে

পোড় খেয়ে খেয়ে
রূপকথার গল্প হয়েছে ।
চাঁদের একটা কৃষ্ণগহ্বর আছে
এটি দুর্বৃত্তরা সৃষ্টি করেছে ।

কলঙ্ককে কবর দেওয়ার আগে,
'চাঁদ হয়ে ওঠা'র আগে
মনে হয় সে পরাজিত দলেই ছিল
ইতিহাস তো তা-ই বলে!

## স্যাটানিক ফরমান
### কাজী আতীক

নষ্ট মানসিকতা তৈরিতে বড় কোনো কারণ লাগে না,
একটু খানি ব্যক্তিগত অসন্তোষ কিংবা হতাশাই যথেষ্ট,
মানুষ এখোন এতটাই নিকৃষ্ট রুচিতে পৌঁছে গেছে ।
অতএব সব সংবেদনশীলতা রহিত হলো এখোন থেকে-
আর অবিলম্বে কার্যকর হায়েনা-রাজ প্রতিষ্ঠিত হলো পৃথিবীতে,

ফরমানটি জারি করে ইবলিস শয়তান-রাজ ভাবছে-
সে এখোন নিশ্চিন্তে অবসরে যেতে পারে-
কেননা তার অনুসারীরা অধুনা প্রমাণ করেছে
দুরাচার বৃত্তিতে তারা এখোন পুরোপুরি সিদ্ধহস্ত,
বাকী কাজটুকু তারাই এখোন চালিয়ে নিতে পারবে নির্বিঘ্নে ।

যে মানুষের জন্য একদা সে স্রষ্টার রোষানলে পড়েছিলো
বিতাড়িত হয়েছিলো আকাশ থেকে, সেই মানুষেরই
এক বড় অংশ এখোন তাকেই ঈশ্বরের মর্যাদায় বসিয়েছে ।

## অনুভব
### শাহনাজ পারভীন

খুব খুশি হলে আগে চোখে পানি আসতো
এখন আর আসে না, রোবট হয়ে গেছি ।
খুব দুঃখ পেলে চোখ ভিজে যেতো
এখন ভেজে না, পাথর হয়ে গেছি ।

এই যে, খুশি হতে ভুলে গেছি
এই যে, দুঃখ পেতে ভুলে গেছি
সে তোমাদেরই দান!

তোমরাই আমাকে আঘাতে ও ঈর্ষায়
সাধারণ থেকে অসাধারণ করেছো ।
তোমরাই শিখিয়েছো,
কিছু জানার মধ্যে যেমন জ্ঞান লুকিয়ে থাকে,
তেমনি অকারণ অনেক কিছু না জানতে
চাওয়ার মধ্যেও আছে প্রজ্ঞা ।

আমি নিজেই জেনেছি,
চলার মধ্যে যেমন আনন্দ
থেমেও তৃপ্তি পাই বিষাদচূড়ায় ।

তাই আমি জেনে, না জেনে, চলে- থেমে
দিনে দিনে সূর্য ও মেঘের মতো রোদ ও বৃষ্টি হয়ে উঠছি
তাই আমাকে আঘাত করে আর লাভ নেই!

## কবিতা এক মোহন বাগান
### রুহুল কাদের

নিকানো জীবন-উঠোনে যে দাগ আঁকে মিশকালো অন্ধকার
মুছতে পারে তার কতটুকু মাতাল ইচ্ছের ইরেজার?
কবিতা এক মোহন বাগান; ঘ্রাণঘোরে গড়া অমূর্ত নিবাস;
শাখাচ্যুত ফুল মরে, কবির প্রাণের শব্দ আর অশ্রুর হয় না বিনাশ-
কবির বুকের সুখ,অসুখ
চোখঝরনার স্বচ্ছ জল,
শিল্পের কাঁচা রসদ; প্রিয় ফুল ও ফল

কবিতার কসম, বেদনার কাঁটাবিদ্ধ কবি
কোন দহনে সাক্ষীহীন শপথ ভেঙে বলে, কবিতা তোমায় ছুটি -
সাক্ষী আছে বিগত সময়, সাক্ষী নিখিল জগৎ-কবির
অন্তর কালের মুখচ্ছবি ;
কবির বুকের নদীজুড়ে কথাব্যথার নিত্য লুটোপুটি ।

## সুতোই ছিঁড়ে যায়
### নাসিমা হক মুক্তা

সামনে - দূর ধু ধু বিল
তুমুল ঘামছে - পথ!
লোকজনহীন আলো খেলছে - আগুনের মত
তার ভেতর চরণ দুটো হাঁটছে বেহিসাবি!

হঠাৎ সজোরে ভেসে উঠে - এই দু পয়সার জীবন
কার জন্য কে বুনে যায় - এ চাষ
জোড়াতালি দিলেও
সুতোই ছিঁড়ে যায়, আলাদা হয়ে সব আস্তিন
বদলে যাওয়া চির বাঞ্ছা - কখনো নজর ছেড়ে যায় না!

সমস্ত দিন-রাত শেষেও
রাস্তার রেলিঙ ধরে ছাঁত ছাঁত ঢেউ তুলে - গলির মোড় ।

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Jamaica Office
87-54 168th Street, 2nd Fl
Jamaica, NY 11432
718-406-5549

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
718-406-5549

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
718-406-5549

Buffalo Office
859 Fillmore Ave
Buffalo, NY 14212
718-406-5549



# প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করলেন ৮ শিল্পী

**ঢাকা ডেস্ক:** প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করেছেন ৮ জন অভিনয়শিল্পী। এদের মধ্যে রয়েছেন লাকী ইনাম, হৃদি হক, লিটু আনাম, ফেরদৌস, তারিন, সানজীদা প্রীতি, কামরুজ্জামান রনি ও জহুরুল ইসলাম। প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

জানা গেছে, আগামীকাল শুক্রবার (১৮ আগস্ট) মুক্তি পেতে যাচ্ছে মুক্তিযুদ্ধবিষয়ক সিনেমা '১৯৭১ সেই সব দিন'। এই সিনেমা মুক্তি উপলক্ষে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন তারা।

এ সময় তারা প্রধানমন্ত্রীকে '১৯৭১ সেই সব দিন' সিনেমাটির বাঁধাই করা পোস্টার তুলে দেন।

'১৯৭১ সেই সব দিন' সিনেমাটি নির্মাণ করেছেন হৃদি হক। এর মাধ্যমে প্রথমবারের মতো চলচ্চিত্র নির্মাণে এসেছেন ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী ও নির্মাতা হৃদি হক। তার বাবা জনপ্রিয় নাট্যব্যক্তিত্ব প্রয়াত ড. ইনামুল হকের গল্প ভাবনায় মুক্তিযুদ্ধের সময়কার চিত্র '১৯৭১ সেই সব দিন' সিনেমাটিতে তুলে ধরা হয়েছে।

গত ২৯ মে ড. ইনামুল হকের ৮০তম জন্মদিন উপলক্ষ্যে শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে প্রদর্শন করা হয় '১৯৭১ সেই সব দিন'র টিজার, ট্রেলার।

এতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন মামুনুর রশীদ, আবুল হায়াত, জয়ন্ত চট্টোপাধ্যায়, ফেরদৌস আহমেদ, লিটু আনাম, তারিন জাহান, হৃদি হক, সজল নূর, সানজিদা প্রীতি, নাজিয়া হক অর্ষা, আনিসুর রহমান মিলন, জুয়েল জহুর, মৌসুমী হামিদ, সাজু খাদেম, গীতশ্রী চৌধুরী, শিল্পী সরকার অপু প্রমুখ।

# ব্রিটনির সঙ্গে বিবাহবিচ্ছেদে নীরবতা ভাঙলেন স্যাম আসগরি

**ঢাকা ডেস্ক :** জনপ্রিয় পপ গায়িকা ব্রিটনি স্পিয়ার্সের সঙ্গে বিবাহবিচ্ছেদের বিষয়ে নীরবতা ভাঙলেন অভিনেতা স্যাম আসগরি। বলেছেন 'গোপনীয়তা চাওয়া হাস্যকর বলে মনে হচ্ছে'।



২০২২ সালের জুনে তারা বিয়ে করেন। এটি ব্রিটনি স্পিয়ার্সের তৃতীয় বিয়ে। স্যাম আসগরি বৃহস্পতিবার বিবাহবিচ্ছেদের আবেদন করার পর সোশ্যাল মিডিয়া ইনস্টাগ্রামে একটি বিবৃতি দিয়েছেন। খবর-সিএনএন

তিনি লিখেছেন, '৬ বছরের ভালোবাসা এবং পরস্পরের প্রতি প্রতিশ্রুতির পর আমি ও আমার স্ত্রী একসঙ্গে আমাদের পথচলা শেষ করার সিদ্ধান্ত নিয়েছি। আমরা একে-অপরের প্রতি আমাদের ভালোবাসা ও সম্মান ধরে রাখব। আমি তার সর্বদা মঙ্গল কামনা করি।'

তিনি আরও লেখেন, ' এ বিষয়ে গোপনীয়তা চাওয়া আমার কাছে হাস্যকর বলে মনে হয়। তাই আমি মি-ডিয়াসহ সবাইকে সদয় ও চিন্তাশীল হতে বলব।' এর আগে বুধবার লস অ্যাঞ্জেলেস আদালতে স্যাম আসগরি বিয়ে বিচ্ছেদের আবেদন করেন।

২০২১ সালের সেপ্টেম্বরে বাগদানের পর এই জুটি গত বছরের জুনে বিয়ে করেন। ২০১৬ সালে একটি মিউজিক ভিডিও সেটে আসগরির সঙ্গে পরিচয় হয় ব্রিটনির। স্যাম একজন অভিনেতা। তার জন্ম ইরানে হলেও ১২ বছর বয়েসে পাড়ি জমান যুক্তরাষ্ট্রে। ২০২২ সালের জুন মাসে বিয়ে করেন তারা।

একই বছরের এপ্রিল মাসে ব্রিটনি জানান, মা হতে চলেছেন তিনি। কিন্তু মে মাসে ব্রিটনি-স্যাম যৌথ এক বিবৃতিতে ঘোষণা দেন, তাদের অনাগত সন্তান মারা গেছে। এ ঘটনায় খুব ভেঙে পড়েছিলেন এই দম্পতি। এই সবকিছুর পর আগস্ট মাসেই বিচ্ছেদের খবর ছড়িয়ে পড়ল দুজনকে নিয়ে।

এর আগে দুইবার বিয়ে করেছেন ব্রিটনি। ২০০৪ সালে তার ছোটবেলার বন্ধু জ্যাসন আলেকজান্ডারকে বিয়ে করেন এই গায়িকা। কিন্তু এ বিয়ে বেশি দিন টেকেনি। একই বছর নৃত্যশিল্পী কেভিন ফেডারলিনকে বিয়ে করেন ব্রিটনি। এ সংসারে তাদের দুটি সন্তান রয়েছে। ২০০৭ সালে এ সংসারের ইতি টানেন এই গায়িকা।

# শাহরুখের 'জওয়ান' তৈরিতে কত কোটি টাকা খরচ?

**ঢাকা ডেস্ক:** আগামী ৭ সেপ্টেম্বর মুক্তি পাবে শাহরুখ খানের 'জওয়ান'। তার আগেই চারদিকে সিনেমাটি নিয়ে উন্মাদনা তুঙ্গে। চলতি বছরের শুরুতে মুক্তি পেয়েছিল 'পাঠান'। যে ছবির বক্স অফিস সাফল্য ছুঁয়েছিল কয়েকশো কোটি টাকা। তারপর 'জওয়ান'-এর প্রচার ঝলকও নজর কেড়েছিল অনুরাগীদের।

ভারতীয় গণমাধ্যমে বলা হয়েছে, অ্যাটলি পরিচালিত এই ছবি শাহরুখের জীবনের অন্যতম ব্যয়বহুল ছবি। 'জওয়ান' ছবিটি তৈরির জন্য নাকি ৩০০ কোটি টাকা খরচ করেছেন শাহরুখ। শুধু তা-ই নয়, নায়ক তার ভক্তদের জন্য কোনো রকম ত্রুটি রাখতে চাননি।

অনেকের ধারণা, 'জওয়ান' এ বছরের সবচেয়ে বড় বাজেটের ছবি হতে চলেছে। শাহরুখের জীবনেও সবচেয়ে ব্যয়বহুল ছবি।

শাহরুখ আগে থেকেই ধারণা করেছিলেন 'পাঠান' বড় মাপের ছবি হতে চলেছে। তাই 'জওয়ান'-তৈরির সময় কোনো কমতি রাখতে চাননি তিনি। টিমের সদস্যরাও নায়কের সঙ্গে তাল মিলিয়েছেন।

শাহরুখের ঘনিষ্ঠ সূত্র জানায়, 'পাঠান'র থেকেও বেশি ব্যয়বহুল ছবি তৈরির চেষ্টা করেছেন নায়ক, যাতে আগের ছবির থেকেও বেশি দর্শকের কাছে পৌঁছায়।

'পাঠান'র বাজেট ছিল ২৫০ কোটি টাকা। এত কিছুর মাঝে সংযুক্ত আরব আমিরাতে ইতিমধ্যেই শুরু হয়ে গেছে 'জওয়ান'র টিকিটের অগ্রিম বুকিং।

সম্প্রতি টুইটারের পাতায় বিভিন্ন মাল্টিপ্লেক্সের ওয়েবসাইটের ছবি শেয়ার করেছেন এক নেটাগরিক ও শাহরুখ অনুরাগী। সেখানেই দেখা যাচ্ছে, ইউএই-এর একাধিক মাল্টিপ্লেক্সে 'জওয়ান'-এর টিকিটের অগ্রিম বুকিং শুরু হয়ে গেছে।

# আমি এখন আরও লজ্জাহীন হয়েছি

(ছবি আছে বিনোদন পিকচার নং-০১)

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : নব্বই দশকের জনপ্রিয় বলিউড অভিনেত্রী পূজা ভাট। একাধারে তিনি পরিচালক-প্রযোজকও। বাবা মহেশ ভাটের হাত ধরে বলিউডে পা রাখেন পূজা। তবে অভিনয়-নির্মাণ কোনোটাতেই এখন আর সরব নন তিনি। গত ১৪ আগস্ট প্রথমবারের মতো বিগ বস প্রতিযোগিতায় অংশ নিয়ে পূজার জীবনে অনেক কিছু বদলে গেছে বলে জানান।



এ অভিনেত্রী বলেন, 'আমার মনে হয়, 'বিগ বস'-এ আসার পর এখন আমি আরও বেশি নির্ভীক, লজ্জাহীন হয়েছি। আমি আরও খোলামেলা কথা বলতে চাই, পরিপূর্ণভাবে জীবনে বাঁচতে চাই।

সম্প্রতি শেষ হয়েছে 'বিগ বস ওটিটি টু'। এতে সেরা পাঁচজনের মধ্যে জায়গা করে নিয়েছেন পূজা। বিগ বসের অভিজ্ঞতার বিষয়ে ভারতীয় সংবাদমাধ্যমে অভিনেত্রী জানান, এত মানুষের ভালোবাসা পেয়ে তিনি অভিভূত। এখন তার মনে হচ্ছে, অনেক আগে সিনেমা ছেড়ে 'বিগ বস'-এ আসা উচিত ছিল।

বিগ বসে অংশগ্রহণের বিষয়ে পূজা জানান, অনেকেই তাকে নিষেধ করেছিল অংশগ্রহণ করতে। তবে তার ইচ্ছা ছিল। তিনি এমন কিছু করতে চেয়েছেন, যা তাকে ডোবাবে কিংবা ভাসিয়ে তুলবে। অনেকেই বলেছিল এই শোতে গেলে তিনি নাকি লোকের চোখে খারাপ হয়ে যাবেন। কিন্তু তিনি কারও নিষেধ শোনেননি। জেদ থেকেই বিগ বসে অংশগ্রহণ করেন পূজা।

উল্লেখ্য, বিগ বসের চূড়ান্ত পর্বে বাদ হন অভিনেত্রী পূজা। প্রতিযোগিতা থেকে বেরিয়ে 'বিগ বস' নিয়ে খারাপ কিছু বলেননি তিনি। জানিয়েছেন, বাবার অনুরোধে বিগ বসের ঘরে যেতে রাজি হয়েছিলেন। সেখানে অনেকের ভালোবাসাও পেয়েছেন তিনি।



# নায়িকার এক পোস্টে নির্মাতার দাম্পত্য জীবনে তুলকালাম!

**ঢাকা ডেস্ক :** 'ঢাকা অ্যাটাক' খ্যাত পরিচালক দীপংকর দীপনের দাম্পত্য জীবনে এখন ঝড় বইছে। নায়িকা জাহারা মিতুর এক পোস্টকে ঘিরে এ ঝামেলা তৈরি হয়েছে।

সম্প্রতি সেলিব্রিটি ক্রিকেট লিগ নামের একটি আয়োজনের ঘোষণা পর্বে অংশ নেন দীপংকর দীপন। সেখানে শোবিজের আরও অনেক তারকা উপস্থিত ছিলেন। ছেলে রাজ্যকে নিয়ে হাজির হয়েছিলেন নায়িকা পরীমনিও। ফলে সবার আগ্রহের কেন্দ্রে চলে আসে ছোট্ট রাজ্য। তাকে কোলে নিয়ে ছবি তোলায় ব্যস্ত হয়ে পড়েন সবাই। বাদ যাননি দীপনও।

রাজ্যকে যখন বুকে তুলে নিলেন, তখন তার পাশে এসে দাঁড়ালেন নায়িকা জাহারা মিতু। দুজনেই হাসিমুখে ক্যামেরায় পোজ দিলেন। সেই ছবি নিজের সোশ্যাল হ্যান্ডেলে পোস্ট করেন মিতু। ক্যাপশনে লেখেন- আমাদের একটা 'পরীর বাচ্চা' আছে।

বিষয়টিকে আলাদাভাবে দেখেননি নির্মাতা দীপন; কিন্তু পরক্ষণেই টের পেলেন, নেটিজেনদের অনেকে তার ও মিতুর মধ্যে 'বিশেষ সম্পর্ক'র অস্তিত্ব খুঁজে বেড়াচ্ছেন। সেটার ঝড়োহাওয়া লেগেছে দীপনের পারিবারিক জীবনেও। তাই মঙ্গলবার রাত পৌনে ৩টার দিকে মিতুর পোস্টের স্ক্রিনশট নিয়ে লম্বা স্ট্যাটাস দেন নির্মাতা।

জাহারা মিতুর উদ্দেশে দীপন বলেছেন- এটা কী পোস্ট ভাই? এই পোস্টের ছবি ও লেখা মিলে কী দাঁড়ায়, সেটা কি তুমি বোঝো না মিতু? কমেন্ট দেখো, যা তুমি ডিলিটও করোনি। আর এদিকে অন্যদের বোঝাতে বোঝাতে আমার জীবন শেষ যে- জাহারা মিতুর সঙ্গে আমার কোনো (বিশেষ) সম্পর্ক নেই। বা দহরম-মহরম সম্পর্কও নেই। বরং খুব ফরমাল সম্পর্ক।

একবার দুবার দেখা হয়েছে, তাও কোনো অনুষ্ঠানেই। অনেকে বিশ্বাস করে, অনেকেই করে না; খিক খিক করে হেসে বলে, 'ভাই ছবি ও পোস্টের ভাষা তো অন্য ইঙ্গিত দেয়!' আর পারিবারিক অশান্তির কথা তো না-ই বললাম, সেটা সবাই বুঝবে।

দীর্ঘ পোস্টে দীপন এটুকু বোঝাতে চেয়েছেন- মিতুর সঙ্গে তার কোনো সম্পর্ক নেই। দীপনের পোস্টে মন্তব্য করে একই সুরে কথা বললেন মিতুও।

মিতু বলেছেন- রাজ্য আমাদের পুরো বাংলাদেশের। হয়তো অর্থটাই ভুল বুঝেছেন। ব্যক্তিগত জীবনে কী প্যাঁচায় আছেন, তা তো আমরা জানি না। তবে আমার এই পোস্টে আমার অজান্তে বৌদি কোনো কষ্ট পেয়ে থাকলে আমি দুঃখিত। আর স্ক্রিনশটের প্যাঁচে খেলা থেকে অনেক আগেই বের হয়ে এসেছি। এরা পারেই প্যাঁচ লাগাতে। এখন হয়তো দু-চারটা নিউজ হবে আবোল-তাবোল। এই তো।

ঘটনায় তৃতীয় ব্যক্তির আগমন ঠিক এখানেই। মিতুর মন্তব্যে দীপনের স্ত্রীর দিকেই ইঙ্গিত করা হয়েছে। অর্থাৎ, মিতুর দেওয়া ছবির কারণে দীপনের সংসার জীবনে ঝামেলা দেখা দিয়েছে কিন্তু দীপনের স্ত্রী সংযুক্তা মিশু ক্ষুব্ধ সুরে স্পষ্ট ভাষায় জানালেন, তিনি এর সঙ্গে সংশ্লিষ্টই নন!

মঙ্গলবার দুপুর আড়াইটায় সোশ্যাল হ্যান্ডেলে সংযুক্তা বললেন- নির্মাতা দীপংকর দীপন কার সঙ্গে মেশে, কী খায়, কী পরে, কোন দেশে যায়, আর কী কী করে বেড়ায়, আমি সেটা জানি না। আর কেন জানি না, এটা আমাদের, মানে আমার আর দীপনের একান্তই ব্যক্তিগত ব্যাপার; কিন্তু আমাকে নিজেদের দোষ ঢাকতে বলির পাঁঠা বানাবেন না। জাহারা মিতুকে আমি চিনিও না। তাকে আর দীপনকে নিয়ে কী হয়েছে, আমি সত্যিই জানতাম না। আমাকে দুজন সাংবাদিক জানিয়েছিলেন, আমি পাত্তাও দেইনি। প্রতিটি মানুষের ব্যক্তিগত জীবন আছে। দীপনেরও আছে, আমারও আছে। তাই এগুলো নিয়ে আমাদের কোনো মাথাব্যথা নেই।

দীপনের পোস্ট নিয়ে সংযুক্তার মন্তব্য এরকম- ওই মেয়েকে (জাহারা মিতু) নিয়ে দীপনের স্ট্যাটাস দেখে বুঝলাম; তাকেও আশপাশের লোকজন অথবা তার এখনকার 'একান্ত' কেউ চাপ দিয়েছে আর তাই সে স্ট্যাটাস দিয়ে তার দোষ ঘুরিয়েছেন। বলির বকরা বানিয়েছেন আমাকে। ঘর আর পারিবারিক জীবনের কথা বলে নিজেকে বিপদের বাইরে ভালো মানুষ সাজিয়ে রাখলেন; আরেকবার বিক্রি করলেন আমাকে!





# জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে জাতীয় শোক দিবস ২০২৩ পালন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হারানোর শোককে শক্তিতে রূপান্তরিত করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা হিসেবে গড়ে তুলতে আমাদের সকলের একযোগে কাজ করার বিকল্প নেই ।” আজ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত ।

স্থানীয় সময় সন্ধ্যা সাড়ে ছয়টায় মিশনস্থ বঙ্গবন্ধু মিলন-ায়তনে যথাযোগ্য মর্যাদায় ও অত্যন্ত ভাবগম্ভীর পরিবেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালন অনুষ্ঠান আয়োজন করে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন । এতে যুক্তরাষ্ট্রে বসবাসরত বীর মুক্তিযোদ্ধাগণ, আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠন এবং বিভিন্ন শ্রেণী-পেশার বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি অংশগ্রহণ করেন । জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও জাতীয় সঙ্গীত পরিবেশনের



মাধ্যমে শুরু হয় দিবসটির কর্মসূচি । এরপর জাতির পিতা, বঙ্গমাতা এবং ১৫ আগস্টের সকল শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে দাঁড়িয়ে একমিনিট নিরবতা পালন করা হয় এবং তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করা হয় ।

বঙ্গবন্ধু মিলনায়তনে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিতসহ উপস্থিত সকল অতিথিবৃন্দ । অতপর দিবসটি উপলক্ষে দেওয়া মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয় । জাতির পিতার জীবন ও কর্মের উপর নির্মিত একটি প্রামাণ্য ভিডিও প্রদর্শন করা হয় এ পর্বে । এর পর শুরু হয় জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা । এতে বীর মুক্তিযোদ্ধাগণ এবং বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতৃত্ববৃন্দ বক্তব্য প্রদান করেন ।

স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মুহিত তার বক্তব্যে বলেন, “বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ । তাঁর বলিষ্ঠ নেতৃত্বে দীর্ঘ নয় মাস রক্তক্ষয়ী সংগ্রামের মধ্য দিয়ে আমরা পেয়েছি একটি স্বাধীন দেশ । তাঁর ঐন্দ্রজালিক নেতৃত্বে স্বাধীনতা লাভের মাত্র সাড়ে তিন বছরে আমরা বিশ্বের ১০০টির বেশি দেশের স্বীকৃতি পেয়েছি । জাতিসংঘ ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করেছি এবং বিশ্ব পরিমন্ডলে একটি অত্যন্ত মর্যাদাশীল জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছি । এমন একজন মহান ও বিশ্বনন্দিত নেতাকে হত্যার মধ্য দিয়ে স্বাধীনতা বিরোধী অপশক্তি পৃথিবীর ইতিহাসে সেদিন সবচেয়ে বর্বোরোচিত ঘটনার জন্ম দিয়েছে । এই হত্যাকান্ডের সাথে জড়িত যারা এখনো বিভিন্ন দেশে পালিয়ে আছে, তাদেরকে দেশে ফিরিয়ে নিয়ে বিচারকার্য সম্পন্ন করে জাতিকে কলংকমুক্ত করতে আসুন আমরা সরকারের প্রতি আমাদের সহযোগিতা আরো বর্ধিত করি ।”

জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরে রাষ্ট্রদূত মুহিত আরো বলেন, বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারণ করে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গঠনে দেশে ও বিদেশে আমাদের সমানভাবে কাজ করে যেতে হবে । একটি সুখী-সমৃদ্ধ-শান্তিপূর্ণ দেশ বিনির্মাণে এগিয়ে আসতে হবে । “এ স্বাধীনতা আমার ব্যর্থ হয়ে যাবে যদি আমার বাংলার মানুষ পেট ভরে ভাত না খায় । এই স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি বাংলার মা-বোনেরা কাপড় না পায় । এ স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি এদেশের মানুষ যারা আমার যুবক শ্রেণী আছে তারা চাকরি না পায় বা কাজ না পায়”-বঙ্গবন্ধুর এই উদ্ধৃতি তুলে ধরে রাষ্ট্রদূত মুহিত জাতি, বর্ণ, ধর্ম নির্বিশেষে সবাইকে একযোগে বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠায় কাজ করার আহবান জানিয়ে তার বক্তব্য শেষ করেন ।

বীর মুক্তিযোদ্ধাগণ এবং বিভিন্ন রাজনৈতিক সংগঠণের নেতৃবৃন্দ বঙ্গবন্ধু হত্যাকান্ডের সাথে জড়িত দন্ডপ্রাপ্ত খুনীদের মধ্যে যারা এখনও বিভিন্ন দেশে অবস্থান করছেন তাদের দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের এগিয়ে আসার আহ্বান জানান । তারা বলেন, “আমরা চাই জাতির পিতার কোনো খুনীই যেন বিচারের হাত থেকে পার না পায়” । বক্তাগণ পনের আগস্টের এই শোককে শক্তিতে রূপান্তর করার মাধ্যমে জাতির পিতা যে স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের স্বপ্ন দেখেছিলেন স্ব স্ব অবস্থান থেকে তা অর্জনের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন ।


# ৩৭ তম ডালাস ফোবানার শেষ প্রস্তুতি চলছে

জুয়েল সাদতঃ উত্তর আমেরিকার প্রবাসীদের বহুল প্রতিক্ষিত ফোবানার আসর বসতে যাচ্ছে ডালাসে আগামী সেপ্টেম্বরের ১ তারিখ । সকল প্রস্তুতি চলছে জোরেশোরে ।

ডালাস সকলের পছন্দের ভেন্যু, তৃতীয়বারের মত ডালাস হোস্ট করছে ৩৭ তম ফোবানা । বাংলাদেশ এসোসিয়েশন অব নর্থ টেক্সাস ( বান্ট) আয়োজন করতে যাচ্ছে ফোবানা । এবার অতিথি হিসাবে থাকবেন বেশ কয়েকজন আলোকিত বিশিষ্টজন । কোন রাজনীতিবিদ থাকবেন না বলে জানিয়েছেন কনভেনর হাসমত মোবিন । কনভেনর জানান, ডালাস, অস্টিন ও হিউষ্টন ও পানোর প্রবাসীরা সবাই ডালাস ফোবানায় জড়িত । ২/১ জন বিতর্কিত সংগটকদের ডালাস ফোবানার বাহিরে রাখা হয়েছে, এবং তাদের বান্ট থেকেও বাহির করে দেয়া হয়েছে ।

সামগ্রিক বিচারে ডালাস ফোবানা ইতিহাস রচনা করবে । রেজিস্ট্রেশন কমিটির দায়িত্বে থাকা রানা ওয়াদুদ জানান, এবার আমাদের প্রত্যাশার চেয়েও বেশী সংগঠন রেজিস্ট্রেশন করেছেন । কালচারাল কমিটির চেয়ারম্যান শেখ লেমন জানান, ডালাস ফোবানার শিল্পীদের তালিকা চুরান্ত হয়েছে । শিল্পীদের মধ্য থাকছেন মিতালী মুখার্জী, কনক চাপা, ইমরান, কনা শাফিন আহমেদ, রিজিয়া পারভীন, শাহনাজ বেলী, মোজো, নির্ঝর, রোমেল আহমদ ও মোমো ।

সহ আরো অর্ধ শতাধিক শিল্পী । শিল্পীদের তালিকা পরিবর্তন, সংযোজন, বিয়োজন ঘটবে বলে জানান কালাচারাল কমিটি । ডালাস ফোবানার কালচারাল টীমের প্রধান শেখ লেমন আরো জানান, আরো চমক থাকবে । উত্তর আমেরিকার শিল্পীদের



অধিক প্রাধান্য দেয়া হচ্ছে । নতুন প্রজন্মকে অধিক গুরুত্ব দেয়া হবে ডালাস ফোবানায় ।

ফোবানার এক্জিকিউটিভ কমিটির ভাইস চেয়ারম্যান মাসুদ রব চৌ: জানান, সকলকে নিয়ে ফোবানা হচ্ছে । ডালাস ফোবানায় সবাই আসবেন এটাই প্রত্যাশা । ফোবানা চেয়ারম্যান ডক্টর এহসান হিরো জানান, আমরা আমাদের ফোবানায় ভাল সংগটকদের ওয়েলকাম জানাই । যারা বিভ্রান্তি ছড়ায় ও ফোবানাকে ধ্বংস করতে চায় তাদের জায়গা ফোবানা হবে না । ফোবানা ঐক্য ও শান্তির সংগঠন । ফোবানার সাবেক চেয়ারম্যান প্রবীণ সংগঠক রেহান রেজা জানান,ফোবানা একটি সফল সংগঠন, ৩৬ টি সফল কনভেনশন সমাপ্ত হয়েছে । আমরা ডালাসে সকলকে আহবান জানাই ।

৩৭ তম ফোবানার ভেন্যু টা এবার বেশ আলোচিত, ইরভিং সেন্টারের বিশাল আয়োজন বসবে । ইরভিং কনভেশন সেন্টার, লাস কলোনাস বুলভার্ড এর বিশাল হল রুম ও নানা সুযোগ সুবিধে ৩৭ তম ফোবানার বাড়তি আকর্ষন ।

ডালাস ফোবানার মেম্বার সেক্রেটারি সামসুদ দোহা সাগর জানান, আলহামদুলিলাহ আমাদের আয়োজন এর সকল প্রস্তুতি শেষ ধাপে । পুরো একটা বিশাল টীম কাজ করছে রাত দিন । সম্মিলিত ভাবে সব কাজ এগুচ্ছে । আশা করছি সবাইকে একটি মান সম্পন্ন ফোবানা উপহার দেব ।

ফোবানার এক্জিকিউটিভ সেক্রেটারি নাহিদুল খান সাহেল জানান, ডালাাস ফোবানায় সবার সম্মিলন ঘটবে । ফোবানার ঐক্য অতীতের যে কোন সময়ের চেয়ে ভাল । ফোবানার এক্জিকিউটিভ কমিটীর ট্রেজারার ডা: মানিক জানান,ফোবানা একটী চম্যকার টীম, এখানে সব কিছু সচ্ছতার সাথে প্রতিফলিত হয় । যারা অতীতে ফোবানাকে কলুষিত করেছে, তাদের কোন জায়গা ফোবানায় নেই ।

ডালাস ফোবানায় থাকছে বাংলা সাহিত্য ও সংস্কৃতি, সেমিনার, বিজনেস লাউঞ্জ, বই মেলা,ব্যান্ড শো,গীতি নাট্য, ফ্যাশন শো, ইউথ ফোরাম ও স্কলারশীপ । থাকছে উত্তর আমেরিকার কবি সাহিত্যিকদের আকর্ষণীয় কাব্য জলসা । ডালাসের অন্যতম শিল্পী সুপর্না জানালেন, ওমেনস এমপাওয়ার এর উপর একটি বিশেষ সেনিনার থাকছো । এছাড়াও দেশে বিজনেস ডেভলেপমেন্ট ও এক্সপোর্ট ইমপোর্টের উপর বিশেষ সেমিনার সহ সর্বমোট ১৫/২০ টির মত সেমিনার অন্তঃভুক্ত ডালাস ফোবানায় ।

তবে সামগ্রিক বিচারে ডালাস ফোবানা হবে আকর্ষনীয় ।





# যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও আওয়ামী পরিবারের জাতীয় শোক দিবস পালন



নিউইয়র্কঃ ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে যুক্তরাস্ট্র আওয়ামী লীগ ও আওয়ামী লীগ পরিবার নিউইয়র্কের জ্যাকসন হাইটসের মামুন টিউটরিয়েলের এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে গত ১৩ই আগষ্ট রোববার সন্ধ্যায় ।

সভায় সভাপতিত্ব করেন ড.প্রদীপ রন্জন কর ও সঞ্চালনায় ছিলেন.প্রকৌ: মোহাম্মদ আলী সিদ্দিকী ।সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত ও দোয়া পরিচালনা করেন জালাল উদ্দিন জলিল । পরে বঙ্গবন্ধু পরিবারের নিহত সকল শহীদানসহ জাতীয় চার নেতা, ভাষা আন্দোলন থেকে শুরু করে উনসত্তরের গনঅভ্যূত্থান, ৭১ এর মুক্তিযুদ্ধ ও স্বৈরাচার বিরোধী সকল আন্দোলনে নিহতদের স্মরণে দাড়িয়ে ১ মিনিট নিরবতাপালন করা হয় ।বঙ্গবন্ধুর.প্রতিকৃতিতে ফুল দিয়ে.শ্রদ্ধা জানান উপস্থিত বীর মুক্তিযেদ্ধাবৃন্দ সহ অনুষ্ঠানের অতিথিবৃন্দ ।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়রে উপ উপাচার্য.প্রফেসর বেনু কুমার দে,.প্রধান আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়রে চারুকলা অনুষদের সাবেক ডীন অধ্যাপক মতলুব আলী, বিশেষ অতিথি হিসেবে ছিলেন যথাক্রমে সাপ্তাহিক ঠিকানা সম্পাদক মো: ফজলুর রহমান, নটরডেম কলেজের সাবেক অধ্যাপক মিসেস হোসনে আরা, টিভি ব্যাক্তিত্ব বেলাল বেগ, বীর মুক্তিযোদ্ধা শওকত আকবর রিচি, কামরুল হাসান চৌধুরী, এম এ হাসান, যুক্তরাস্ট্র আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক সাজ্জাদুর রহমান সাজ্জাদ, উপদেষ্টা মন্ডলীর সদস্য ডা. মাসুদুল হাসান, হাকিকুল ইসলাম খোকন, রমেশ চন্দ্র নাথ, আইন বিষয়ক সম্পাদক এ্যাড. শাহ মো: বখতিয়ার, শিক্ষা বিষয়ক সম্পাদক এম এ করিম জাহাঙ্গীর, কার্যকরী সদস্য



আসাফ মাসূক, আওয়ামী লীগ নেতা আক্তার হোসেন, ওবায়দুলাহ মামুন, এ কে চৌধুরী, জেসমিন কহিনুর, দেলোয়ার হেসেন মোলা, ছাত্রলীগ নেতা মো: শহিদুল ইসলাম আহমেদ ওয়াদুদ, শেখ মোহাম্মদ জুয়েল, নুরুল আলম মিয়া, মো: আব্দুলাহ জুবায়ের,.প্রসূন ঘোষ রায়, সৌরভ বিকাশ দে .প্রমুখ ।

সভায় বক্তারা ৭৫ এর ১৫ই আগস্টের বিয়োগান্তক ঘটানার আদ্যপান্ত তূলে ধরেন ।কেন আমরা বাঙালী জাতির মহানায়ক সর্বকালের সর্বশ্রেস্ঠ সন্তান বঙ্গবন্ধুকে রক্ষা করতে পারলাম না! চারিদিকে ষড়যন্ত্র, দলের মধ্যে বিশ্বাসঘাতকদের ক্ষমতালিপ্সা, জাসদও বামপন্থী কিছু দলের লুটপাট, থানা আক্রমন, পাটের গুদামে আগুন, স্বাধীনতা বিরোধী রাজাকার-আলবদর-আলশামসদের পরাজয়ের.প্রতিশোধ স্পৃহা, মার্কিন সাম্রাজ্যবাদের গোপন চক্রান্ত ইত্যাদি বঙ্গবন্ধু সরকারকে উৎখাত ও হত্যার মিশন জানা সত্ত্বেও জাতির পিতা আমলে নেননি । তার বিশ্বাস ছিলো বাঙ্গালীরা কোনদিন তার গাঁয়ে আঁচড় দেবে না ।বিশ্বাসঘাতক খন্দকার মুসতাক ষড়যন্ত্র করে বঙ্গবন্ধুর বিশ্বস্থ সহচর তাজউদ্দিনকে দূরে সরিয়ে দিয়ে ছাতার মত বঙ্গবন্ধুকে ঘিরে ফেলে এবং পাকিস্তানী চর মেজর জিয়ার সমর্থনে ওবায়দুর রহমান, শাহ মোয়াজ্জেম, মাহাবুবুল আলম চাষী, তাহের উদ্দিন ঠাকুর, নুরুল ইসলাম মন্জুর এবং সেনা-বাহিনীর বহি:স্কৃত কিছু সদস্যদের সাথে মিলে ইতিহাসের নারকীয় এই হত্যাকান্ড ঘটায় । পরে মেজর জিয়া খুনীদের রক্ষায় ইনডেমনিটি আইন সংসদে পাশ করে বিভিন্ন দূতাবাসে চাকুরী দিয়ে পুরস্কৃত করে ।টানা একুশ বছর বুট ও ব্যারেলের নীচে গনতন্ত্রকে চাপা দিয়ে কারফিউ গনতন্ত্র চালু করে । মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত মূল্যবোধ ধ্বংস করে পাকিস্তানী ধারায় দেশকে ফিরিয়ে নেয় ।নিষিদ্ধ ঘোষিত ধর্মীয় রাজ-নীতির বিষবাস্প আবার দেশে চালু করে । হাজার হাজার নিরাপরাধ সৈনিক, বিরোধী রাজনৈতিক নেতা-কর্মীদের নির্বিচারে হত্যা করে । যাদের লাশ গুলোও পরিবারের কাছে ফেরত দেয় না ।

আজ আবার বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা সরকারকেও ক্ষমতাচ্যূত করতে খুনী জিয়ার দল তাদের ইসলামিস্ট এলায়েন্স জামাত ও অন্যান্য সন্ত্রাসী দলসমূহ নিয়ে মাঠে নেমেছে সেই পুরনো মোড়ল মার্কিনীদের সহায়তায় ।প্রতি সপ্তাহে তারা বাংলাদেশে যাচ্ছে এবং তথাকথিত সূশিল সমাজ আওয়ামী লীগ বিরোধী জোটের সাথে.প্রকাশ্যে সভা সমাবেশ করে যাচ্ছে আসন্ন নির্বাচনকে সুস্ঠু ও নিরপেক্ষ করার দাবীতে । হয়ত এবারও তারা বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে নির্বাচনে হারানো যাবেনা আঁচ করতে পেরে হত্যার মত ঘৃন্য পথ বেছে নিতে পারে । তাই দেশপ্রেমিক আওয়ামী লীগের প্রতিটা নেতাকর্মী ঐক্যবদ্ধভাবে এই অপশক্তিকে রূখে দিতে সর্বদা সজাগ ও.প্রস্তুত থাকতে হবে । এবার কোন রক্তপাত হলে জাতী কাউকে ক্ষমা করবে না ।এটা ২০২৩ সন, ১৯৭৫ নয় । লক্ষ লক্ষ নেতাকর্মী রাজপথে নেমে এসে চক্রান্তকারীদের বিষদাঁত চিরতরে ভেঙ্গে দিতে হবে । বাঙালী যদি একবার জেগে ওঠা তাহলে তাদের সামনে কোন শক্তি টিকতে পারে না এবং পারবে না ।তাই শোক দিবসের শপথ হোক - আমরা বাঙালী, বাংলা আমার দেশ, শেখ হাসিনা আমাদের নেতা । ৭১ এর পর ছাড় পেলেও এবার আর সে সূযোগ দেয়া হবে না ।

শেষে সভাপতির বক্তব্যের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয় ।









# ক্রেডিট কার্ডে জুনে বাংলাদেশীদের বেশি ডলার খরচ ভারতে

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : গত জুন মাসে বিদেশে গিয়ে বাংলাদেশীরা ক্রেডিট কার্ডের মাধ্যমে ৩৮৮ কোটি টাকার সমপরিমাণ অর্থ খরচ করেছেন। এর মধ্যে তারা সবচেয়ে বেশি অর্থ খরচ করেন পার্শ্ববর্তী দেশ ভারতে। ওই মাসে ভারতে ক্রেডিট কার্ডের মাধ্যমে ভ্রমণ, চিকিৎসা ও অনলাইনে পণ্য কেনাকাটার জন্য বাংলাদেশীরা ব্যয় করেন ৬১ কোটি টাকার সমপরিমাণ ডলার, যা মোট খরচের প্রায় ১৬ শতাংশ। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। বাংলা ট্রিবিউন।

অবশ্য মে মাসে বিদেশে গিয়ে বাংলাদেশীরা ক্রেডিট কার্ডের মাধ্যমে খরচ করেছিলেন ৪৮৫ কোটি টাকার সমান। সেই হিসাবে এক মাসের ব্যবধানে বিদেশে ডলার খরচ কমেছে প্রায় ১০০ কোটি টাকার সমপরিমাণ।

বর্তমানে বিভিন্ন ব্যাংকে কার্ডে পেমেন্টের জন্য ভিন্ন ভিন্ন ডলার রেট রয়েছে। তবে গড় ডলার রেট ১১০-১১১ টাকা। সে অনুযায়ী, গত জুনে বাংলাদেশীরা ক্রেডিট কার্ডে প্রায় ৩৫ মিলিয়ন ডলার খরচ করেছেন। ভারত ছাড়া অন্যান্য দেশের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে খরচ হয়েছে ১৪ শতাংশ, সৌদি আরবে ৮ শতাংশ, থাইল্যান্ডে ৮ শতাংশ, যুক্তরাজ্যে ৭ শতাংশ, সিঙ্গাপুরে ৬ শতাংশ, কানাডায় ৬ শতাংশ, সংযুক্ত আরব আমিরাতে ৬ শতাংশ, মালয়েশিয়া ও নেদারল্যান্ডসে ৫ শতাংশ খরচ করেছে বাংলাদেশীরা।

ব্যাংকাররা জানান, ক্রেডিট কার্ডে ডলার খরচ করার আগে গ্রাহকদের প্রথমে ব্যাংকে গিয়ে পাসপোর্টের মাধ্যমে ডলার এনডোর্স করতে হয়। পরে অনুমোদনকৃত ডলার ক্রেডিট কার্ডের মাধ্যমে খরচ করা যায়। কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম অনুযায়ী, একজন বাংলাদেশী পাসপোর্টধারী বছরে সর্বোচ্চ ১২ হাজার ডলার খরচ করতে পারেন। তবে শুধু বাংলাদেশীরাই নন, বিদেশীরাও বাংলাদেশে ক্রেডিট কার্ডে উল্লেখযোগ্য পরিমাণে ডলার খরচ করেছেন। গত জুনে বাংলাদেশে বিদেশী নাগরিকরা ক্রেডিট কার্ডের মাধ্যমে লেনদেন করেছেন ১৯৬ কোটি টাকা, যা মে মাসে ছিল ২১০ কোটি টাকা; অর্থাৎ এক মাসে লেনদেন কমেছে ৭ শতাংশ।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, বাংলাদেশী ক্রেডিট কার্ডধারীরা জুন মাসে যে পরিমাণ অর্থ লেনদেন করেছেন, তা একই সময়ে বাংলাদেশের মধ্যে বিদেশী ক্রেডিট কার্ডধারীদের লেনদেনকৃত অর্থের প্রায় দ্বিগুণ। কেন্দ্রীয় ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, দেশের অভ্যন্তরে ক্রেডিট কার্ডের মাধ্যমে আগের মাসের তুলনায় জুন মাসে খরচ ১.৮৭ শতাংশ বেড়েছে। জুনে এর পরিমাণ ছিল ২৪১৩ কোটি টাকা, যা মে মাসে ছিল ২৩৬৯ কোটি টাকা।

ক্রেডিট কার্ডধারীদের ব্যয়ের প্রবণতা বিশ্লেষণ করে দেখা গেছে, ডিপার্টমেন্টাল স্টোরগুলোতেই ক্রেডিট কার্ড বেশি ব্যবহার করা হয়েছে। জুনে ক্রেডিট কার্ডের মোট খরচের প্রায় ৪৬ শতাংশ খরচ করা হয়েছে ডিপার্টমেন্টাল স্টোরগুলোতে। প্রায় ১১২০ কোটি টাকা ব্যয় হয়েছে এ ক্ষেত্রে। এ ছাড়া মোট ব্যয়ের ১৩ শতাংশ খরচ হয়েছে ফান্ড ট্রান্সফারে। এ ছাড়া কার্ডধারীরা বিভিন্ন রিটেইল আউটলেট, নগদ উত্তোলন, পোশাক কেনাকাটা, ওষুধ ও ফার্মেসি, পরিবহন এবং ব্যবসায়িক ক্ষেত্রে কার্ড ব্যবহার করেছেন।


SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করসপন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্পর্কীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES


আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea e-file



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

**Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!**

এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত



# ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

**UNITED TRAVELS INC.**

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


# কনকর্ড ট্রাভেল


২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

Emirates SAUDIA ETIHAD

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক

**SONALI EXCHANGE CO. INC.**

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



বাংলাদেশের প্রতিটি মানুষের স্পন্দনে
হে জাতির পিতা, তুমি আছো, তুমি রবে চিরকাল

# শোকাবহ আগস্ট

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদগণ সহ ১৫ই আগস্টের সকল শহীদদের প্রতি

# বিনম্র শ্রদ্ধা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

ল' অফিস অব
রুমা জান্নাতুল
ইমিগ্রেশন ল' অফিস
কানুন কার্যালয়
■ ইমিগ্রেশন
* গ্রীন কার্ড * সিটিজেনশিপ
* এসাইলাম * আপিল
* I-130 * বিজনেস ইমিগ্রেশন
■ ডিভোর্স / ম্যাট্রিমনিয়াল
* চাইল্ড সাপোর্ট * কাস্টডি
■ এক্সিডেন্ট এন্ড ইনজুরি
■ রিয়েল স্টেট ক্লোজিং
■ ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট
* ইভেকসান
■ সিভিল কোর্ট প্রসিডিংস
৬ দিনই খোলা
এটর্নী জান্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এ্যাট ল' (নিউইয়র্ক)
বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটিকে আইনি সহায়তা প্রদান
(516) 549-6707
(718) 427-1233
37 11 74th Street,Suite # F2
Jackson Heights, NY 11372
rumalawny@gmail.com
www.rumalawny.com



# কানাডায় ভয়াবহ দাবানল, শহর ছাড়ছে বাসিন্দারা

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : দাবানল দ্রুত কানাডার উত্তরাঞ্চলীয় শহরের দিকে আসতে থাকায় কানাডার ইয়েলোনাইফ শহরের ক্ষুব্ধ অধিবাসীরা উদ্ধারকারী বিমানে আরোহণ করতে পারেনি। বৃহস্পতিবার যারা দীর্ঘ সময় ধরে বিমানে ওঠার জন্য অপেক্ষা করছিল তাদের আবারো শুক্র বা শনিবার চেষ্টা করতে বলেছেন কর্মকর্তারা।

একই সাথে দেশটির বড় দুটি এয়ারলাইন্সও তীব্র সমালোচনার মুখে পড়েছে ভাড়া ও টিকেট পরিবর্তন ফি বাড়িয়ে দেয়ার কারণে।

বৃহস্পতিবার পর্যন্ত দাবানলের অবস্থান ছিল ইয়েলোনাইফের ১৫ কিলোমিটার উত্তর পশ্চিমে। শনিবার এই আগুন শহরের কাছাকাছি চলে আসতে পারে।

পুরো উত্তর-পশ্চিম ভূখণ্ডে অন্তত ২৪০টি দাবানল তৈরি হয়েছে এবং এটি তার একটি। এ কারণে মঙ্গলবার সেখানে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে।

ওই অঞ্চলটি অনেক বড় ও ঘনবসতিপূর্ণ। ইয়েলোনাইফে প্রায় ২০ হাজার মানুষ বসবাস করে। তাদের সবাইকে শুক্রবার সকালের মধ্যে শহর ছাড়তে বলা হয়েছে।

বৃহস্পতিবার উদ্ধারকারী বিমানে ওঠার জন্য যেখানে নাম রেজিস্ট্রেশন করা হচ্ছিল সেখানে দেখা গেছে দীর্ঘ লাইন। স্থানীয় একটি স্কুলের বাইরে ওই কার্যক্রম চলছিল।

হালকা বৃষ্টির মধ্যেই পুলিশ ও সেনাবাহিনীর সদস্যরা লোকজনকে সহায়তা করছিল। তাদের হাতে খাবার ও পানি তুলে দিয়েছে তারা।

তবে স্থানীয় সময় দুপুরের মধ্যে সরকারের কমিউনিকেশন বিভাগের ডিরেক্টর অ্যামি কেনেডি জানান, চার শতাধিক মানুষ শহর ছাড়ার সুযোগ পাচ্ছে না।

তিনি বলেন, 'আমরা বুঝতে পারছি, কয়েক ঘণ্টা ধরে যারা লাইনে অপেক্ষমাণ আছে এবং যাদের কাল আবার লাইনে দাঁড়াতে হবে, তাদের জন্য বিষয়টি হতাশার।'

তিনি জানান, যারা হাঁটতে অক্ষম ও প্রতিবন্ধী তাদের অপেক্ষমাণ লাইন থেকে সরিয়ে নেয়া হয়েছে।

ওদিকে বৃহস্পতিবার সন্ধ্যায় এক ব্রিফিংয়ে স্থানীয় কর্মকর্তারা জানিয়েছেন, শুক্রবার ২২টি ফ্লাইটে করে লোকজনকে সরিয়ে নেয়া হবে এবং তাতে এক হাজার আট শ' মানুষ সুযোগ পাবে।

তাদের মতে অন্তত পাঁচ হাজার মানুষকে বিমানে করে ইয়েলোনাইফ থেকে সরিয়ে নেয়ার দরকার হবে।

তবে স্থানীয় বাসিন্দারা এয়ার কানাডা ও ওয়েস্টজেট বিমান সংস্থার সমালোচনা করছে এর মধ্যে ভাড়া বাড়িয়ে দেয়ার অভিযোগে।

তবে এয়ার কানাডার মুখপাত্র বলেছেন, সরাসরি পরিচালিত ফ্লাইটগুলোর ভাড়া নির্ধারিত আছে এবং শহরটিতে এই বিমান সংস্থাটি তাদের কার্যক্রম দ্বিগুণ করেছে।

কিন্তু 'আগুনের কারণে বিমান উড্ডয়নের কিছু সীমাবদ্ধতা আছে' এবং এর ফলে শনিবারের কিছু ফ্লাইট বাতিল করা হয়েছে।

ওয়েস্টজেট বলছে, ভাড়া বাড়ানো ঠেকাতে তারা দাম সমন্বয় করছে। একই সাথে আগামী পাঁচ দিন যারা ইয়েলোনাইফ শহর থেকে যাত্রা করবে তাদের রিশিডিউল ফি বাতিল করছে।

অন্য বিমান সংস্থাগুলোকেও শহর ছাড়তে আগ্রহী লোকজনকে সহায়তা করতে বলা হয়েছে।

প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো বলেছেন, শহরের মেয়রের সাথে পরিস্থিতি নিয়ে তিনি যোগাযোগ রাখছেন।

সামাজিক যোগযোগমাধ্যম টুইটারে তিনি বলেন, 'এখনো সামনের দিনগুলোতে যথাযথ সহযোগিতা দেয়ার বিষয়ে সরকারের অঙ্গীকারের বিষয়টি আমি পুনর্ব্যক্ত করছি।'

প্রায় ৪৬ হাজার মানুষ উত্তর-পশ্চিমাঞ্চলে বসবাস করে। ওই অঞ্চলের ইতিহাসে বিমান নির্ভর উদ্ধারের ঘটনা এটি সবচেয়ে বড়।

ফোর্ট স্মিথ, হ্যা রিভার, এন্টারপ্রাইজ ও জিন ম্যারি রিভার কমিউনিটিগুলো এভাকুয়েশন আদেশের আওতায় আছে।

হ্যা রিভারের ১৩০ কিলোমিটার দুরে কাকিসা কমিউনিটি আছে যেখানে ৪০ জনের মতো ব্যক্তি আছে সেটিও এই আদেশের আওতায় পড়েছে।

কানাডা এবার সবচেয়ে মারাত্মক দাবানল মৌসুম পার করছে। দেশজুড়ে বৃহস্পতিবার পর্যন্ত বিভিন্ন জায়গায় প্রায় এক হাজার এক শ' দাবানল সক্রিয় আছে।

বিজ্ঞানীরা বলছেন, জলবায়ু পরিবর্তনের কারণে গরম ও শুষ্ক আবহাওয়ার ঝুঁকি বেড়েছে যা দাবানল বাড়িয়ে তুলছে।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন
WIN ZONE Realty Inc.
আমাদের সেবা সমূহঃ
➢ বাড়ি ক্রয়-বিক্রয়
➢ লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
➢ ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
➢ আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
➢ ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
➢ সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
➢ বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।
বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে
MOHAMMED ISLAM (SHAMSU)
81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com



Jumbo Travel, Inc.
Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package
WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস
সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন
Ali A. Chowdhury
Managing Director
Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922
30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com





# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

| Brooklyn | Jackson Heights |
|---|---|
| 20 Arlington Place | 70-17 37th Avenue |
| (Across the Fulton St.) | (Betw. 70 & 71st Street) |
| (Betw. Bedford & Nostrand Ave) | East Side of BQ Express Way |
| Brooklyn, NY 11216 | Jackson Heights, NY 11372 |
| Tel: 718-363-0100 | Tel: 718-363-0100 |
| Fax: 718-636-0112 | Fax: 718-636-0112 |

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট অ্যান্ড ফিস মার্কেট

New Price



**বিশাল মূল্যহ্রাস**

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রোস্ট হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ফ্রোজেন মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



| | |
|---|---|
| লাইভ তেলাপিয়া | $3.49 lb |
| লাইভ বাফেলো | $3.49 lb |
| আমেরিকান ইলিশ | $1.99 lb |
| দেশী রুই | $1.79 lb |
| Herring Fish (চাপিলা মাছ) | $2.49 lb |
| Porgy | $1.49 lb |

লাইভ ক্যাটফিস, স্যামন, স্ট্রাইপ বাস, সীবাস, পোর্গি, হাজি, শ্রিম্প, বাংলাদেশী বাশা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

| | |
|---|---|
| দেশী বাসমতি রাইস | $ 17.99 |
| আমিন বাসমতি রাইস | $ 17.99 |
| আমিন পারবয়েলড রাইস | $ 9.99 |
| কোলার বাসমতি রাইস | $ 18.99 |
| খাবার বাসমতি রাইস | $ 13.99 |
| সুলতানা বাসমতি রাইস | $ 12.99 |

ফ্রি ডেলিভারী
মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সাস্ট) এলামনাই এসোসিয়েশনের বনভোজন

নিউইয়র্কঃ নিউইর্য়কে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন সাস্ট এলামনাই এসোসিয়েশন অব ইউ.এসের উদ্যোগে বনভোজন অনুষ্ঠিত হয়। গত ১৩ ই আগস্ট রোববার "সাস্টিয়ানদের এই মিলন, দূরপ্রবাসে হৃদস্পন্দন" এই স্লোগানে আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা এই আয়োজন করে ।
নিউইর্য়কের অদূরে লংআইল্যান্ডের বেথপেজ স্টেট পার্কে আয়োজিত বনভোজনে নিউইয়র্ক, নিউজার্সি, ভার্জিনিয়ায় বিভিন্ন পেশায় কর্মরত বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা ও তাদের পরিবারপরিজনসহ প্রায় দেড় শতাধিক সদস্য অংশ নেন। ক্যাম্পাসের বিভিন্ন সময়ের স্মৃতিচারণসহ সহপাঠী, সিনিয়র-জুনিয়র ও অতিথিবৃন্দদের আলাপচারিতায় মুখর হয়ে উঠে পুরো অনুষ্ঠান । প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত বেথপেজ স্টেট পার্কের ঈগল প্যাভেলিয়ন যেন এক টুকরো সাস্টে পরিণত হয় ।
সকাল থেকেই নিউইর্য়কের বিভিন্ন বোরো থেকে অংশগ্রহনকারীরা পার্কে জড়ো হতে থাকে। সকাল এগারোটায় নাস্তা পরিবেশনের মাধ্যমে বনভোজনের কর্মকান্ড শুরু হয়। এরপর শুরু হয় মূল পর্ব। এ পর্বে ছিল শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, বিভিন্ন বয়সের বাচ্চাদের দৌড় প্রতিযোগিতা ,মহিলাদের মার্বেল দৌড় , পিলোপাস , পুরুষদের মোরগ লড়াই ও দৌড় প্রতিযোগিতা ইত্যাদি। এতে সাবেক শিক্ষার্থীদের পরিবার ও সন্তানেরা অংশগ্রহণ করেন। খেলাধুলা শেষে পরিবেশন হয় দুপুরের খাবার । মধ্যাহ্ন ভোজের পর পার্কের মনোরম পরিবেশে শুরু হয় বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচ থেকে শুরু করে ২৮তম ব্যাচ পর্যন্ত প্রাক্তন শিক্ষার্থীদের ফটোসেশন ও পরিচয় পর্ব । এর পরপরই শুরু হয় ঐতিহ্যবাহী ফুটবল টূর্ণামেন্ট এবং এতে সাস্টিয়ানরা লাল ও সবুজ জার্সিতে দুই দলে ভাগ হয়ে অংশগ্রহণ করে। খেলায় লাল জার্সি চ্যাম্পিয়ান হয় ।








পুরষ্কার বিতরণের পূর্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্বদ্যিালয়ের বিশ্ববিদ্যালয় তথা অর্থনীতি বিভাগের প্রথম ব্যাচের সাবেক শিক্ষার্থী মোহাম্মদ ফরিদ আলম ও কামাল হোসেন। বক্তব্যে বক্তারা বলেন, ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের সাবেক সিনিয়র এবং জুনিয়র শিক্ষার্থীরা সবাই ঐক্যবদ্ধভাবে কাজ করে আমাদের সাস্টিয়ান বন্ধনকে শক্তিশালী করে তুলবে যা পরবর্তীতে সকলের কাছে একটি মাইলফলক হয়ে থাকবে । তারা বক্তব্যে ক্যাম্পাসের স্মৃতিচারণের সময় আবেগ আপ্লুত হয়ে যান এবং পাশাপাশি আয়োজক কমিটিকে ধন্যবাদ জানান ।
পুরো অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাস্ট এলামনাইয়ের সভাপতি বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী বেলায়েত চৌধুরী এবং সঞ্চালকের দায়িত্বে ছিলেন সাধারণ সম্পাদক জাবেদুর মুনির। সভাপতি বক্তব্যে বেলায়েত চৌধুরী বলেন, আমাদের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হল আমেরিকায় বসবাসরত সকল সাস্টিয়ানদের ইউনিক প্ল্যাটফর্মে এনে সাস্টিয়ান নেটওর্য়াককে আরও মজবুত ও গতিশীল করা। যাতে যুক্তরাস্ট্রে আগত নতুন সাস্টিয়ানদের আবাসন, জবের ব্যবস্থা করার পাশাপাশি কাঙ্কিত ক্যারিয়ার গঠনে ওর্য়াকশপ, কাউসিলিং , জবের রেফারেন্স প্রদানসহ সর্বাত্মক সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পারি। এছাড়া আমাদের আরেকটি অন্যতম লক্ষ্য হল অদূর ভবিষ্যতে শাবিতে অধ্যয়নরত মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের জন্য স্কলারশীপ ব্যবস্থা করে দেয়া যাতে ভাল রেজাল্ট করে দেশের মানব সম্পদে রুপান্তরিত হয়ে দেশের উন্নয়নে বড় অবদান রাখতে পারে ।
বিভিন্ন ইভেন্ট পরিচালনার দায়িত্বে ছিলেন সহ-সাধারণ সম্পাদক মাহবুব আহমেদ মাসুম, আজহার আহমেদ, মইনুল হোসেন বাবু , ইমাম ফাহাদ, ফারহানা ইসলাম, মিসকাত জাহান নিসু, হুমায়রা সুলতানা, সুবিন পুরুকায়স্থ । পিকনিকের রেজিস্ট্রেশনের দায়িত্বে ছিলেন তাসফিক ।
পুরো অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আমিনুল চৌধুরী (ছুট্টি ), টিপু, রাজেশ কুমার শাহা, তিতুমীর আলম, সঙ্গমিত্র দেব মুন্নী, ওবাইদুর ইমন, গোপন দাস, মৌসুমি, জাবেদুল হক, শোয়েব , হুমাইয়ারা সুলতানা, মোঃ আবু বকর সিদ্দিক, নাজনীন আক্তার, আলমগীর হোসেন, ওমর ফারুক, প্রতিভা রাণী দাস, ফাতমো জোহরা প্রমুখ ।
সহ-সাধারণ সম্পাদক মাহবুব আহমেদ মাসুমের উপস্থাপনায় বিভিন্ন ইভেন্ট ও র‍্যাফেল ড্রতে অংশগ্রহণকারী বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেন অনুষ্ঠানের বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী মোহাম্মদ ফরিদ আলম ও কামাল হোসেন, বেলায়েত চৌধুরী, জাবেদুল মুনির, আহমেদুর রহমান রণি, আজহার আহমেদ ।
এদিকে এবারের পিকনিকের অন্যতম আকর্ষণ ছিল বাচ্চাদের জন্য কটন ক্যান্ডি, পপকর্ন এবং আইস কোণ মেশিন কর্ণার। এতে সহযোগিতায় ছিলেন নিউইর্য়ক সিটি ,স্টেট সার্টিফাইড ভূইয়া কনস্ট্রাকশন কোম্পনী, একে কনসাল্টটিং ফার্ম এবং পেস্ট টার্মিনেটর । এছাড়া বিভিন্ন ইভেন্ট ও র‍্যাফেল ড্রয়ের বিভিন্ন পুরুষ্কারের স্পন্সরের মধ্যে মিডোব্রুক ফাইনানসিয়াল মর্টগেজ ব্যাংকার্স কোঃ, সিলেট মটরস, ডাইনামিক ট্যাক্স এন্ড একাউন্টিং সার্ভিসেস, স্টারলিং ডায়াগনস্টিক ব্রঙ্কস, জায়ানাস ফ্যাশন, মাহরিণ মাল্টি সার্ভিস, ব্রাদার্স কন্সট্রাকশন কোম্পানী, কোর মাল্টি সার্ভিসেস, জালালাবাদ ট্রাভেলস, সেলিম বিরানী , সাস্টিয়ান হুমাইয়রা সুলতানা, ফারহানা আহমেদ, মিসকাত জাহান নিশু ।
শেষে সাস্ট এলামনাইয়ের সভাপতি বেলায়েত চৌধুরী অনুষ্ঠান সফল করার জন্য সবাইকে ধন্যবাদ জানানোর পাশাপাশি অদূর ভবিষ্যতে আরো বড় পরিসরে এই ধরনের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান ।



# যুক্তরাষ্ট্রে বয়স স্কাউটের সর্বোচ্চ র‍্যাংক ঈগল স্কাউট অর্জন করলেন বাংলাদেশি বংশোদ্ভুত রেয়ান রেহমান

(শেষের পাতার পর)

নিউজার্সির বাসিন্দা রেয়ান তার দীর্ঘ ১০ বছরের স্কাউটিং যাত্রায় সকল ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব দেখিয়ে এই র   ্যাংক পেলেন। এটি বয় স্কাউটিংয়ে অগ্রযাত্রায় সর্বোচ্চ র   ্যাংক।

রেয়ান বয় স্কাউটস অব আমেরিকার ট্রুপ ১০১ এর সদস্য হিসেবে এই র   ্যাংক পেলেন। গৌরবের বিষয় হচ্ছে, রেয়ানের বড়ভাই আয়মান রেহমানও এর আগে ঈগল স্কাউট র   ্যাংক পান। দুই সহোদরের এমন অর্জন বিরল।

রেয়ান রেহমান তার ঈগল যাত্রায় ২০১৩ সালে স্কাউট হিসেবে যোগ দিয়ে একে একে টেন্ডারফুট, সেকেন্ড ক্লাস, ফার্স্ট ক্লাস, স্টার স্কাউট, লাইফ স্কাউট হয়ে এবার স্কাউটের সর্বোচ্চ র   ্যাংক ঈগল স্কাউটে ভূষিত হলেন। ১৯১২ সাল থেকে দুই মিলিয়নের বেশি বয় স্কাউট এই র   ্যাংক অর্জন করেছে। বিল গেটস, নিল আর্মস্ট্রং, যুক্তরাষ্ট্র প্রেসিডেন্টদের কেউ কেউ অতীতে তাদের বাল্যবেলায় এই ঈগল স্কাউটের তকমা পেয়েছেন।

রবিবার (১৩ আগস্ট) নিউজার্সির মানালাপান ব্যাটলগ্রাউন্ড কান্ট্রি ক্লাবে রেয়ান রেহমানকে ঈগল কোর্ট অব অনার এ ভূষিত করা হয়। সেখানে উপস্থিত ছিলেন স্কাউটস এর উর্ধ্বতনরা। ছিলেন তরুণ স্কাউটস ও পাবলিক অফিসিয়ালসরা। অভ্যাগত অতিথি হিসেবে এসেছিলেন নিউজার্সিতে বাংলাদেশি কমিউনিটির গণ্যমান্যরা। রেয়ান রেহমানের গর্বিত বাবা, যুক্তরাষ্ট্রে স্বনামধন্য বাংলাদেশি আমেরিকান আসিটি উদ্যোক্তা আজিজ আহমদ ও গর্বিত মা পান্না আজিজ ছিলেন এই আয়োজনের হোস্ট। সন্তানের এমন অর্জনকে প্রিয়জনদের সঙ্গে সেলিব্রেট করতে মধ্যাহ্ন ভোজের আয়োজন করেন তারা। ছিলো কেক কাটার আনুষ্ঠানিকতাও।

তবে তার আগে ঈগল কোর্ট অব অনারের নির্ধারিত আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে রেয়ান রেহমানকে ঘোষণা করা হয় ঈগল স্কাউট হিসেবে। যার শুরু হয় ঈগল প্রকল্পের একটি উপস্থাপনার মধ্য দিয়ে। বেটার স্কাউটিং ফর বেটার সিটিজেনশিপই যার মূলমন্ত্র। বলা হয়, একজন ঈগল স্কাউট প্রতিটি দিনই তার সেরাটুকু দিয়ে স্কাউট হিসেবে তার প্রশিক্ষণের প্রমাণ রাখেন।

এসময় রেয়ান রেহমানের হাতে তুলে দেওয়া হয় র   ্যাংক সনদ। বিশেষ প্রক্লেমশন তুলে দেওয়া হয় স্টেট সিনেটর ভিন গোপালের পক্ষ থেকে। মনমাউথ কাউন্টি কমিশনার রস এফ লিস্ট্রো এই সনদ তুলে দেন।

একের পর এক মোমবাতি প্রজ্জ্বলন করে রেয়ান স্কাউটিং আইনের প্রতি তার শ্রদ্ধা ও তা মান্য করে চলার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

প্রতিটি স্কাউটকে আইনের ১২টি দিক মেনে চলতে হয়- বিশ্বাসযোগ্যতা, আনুগত্য, সহ-ায়তাপূর্ণ মনোভাব, বন্ধুভাবাপন্নতা, সাহসিকতা, উদারতা, বাধ্যগত, উৎফুলতা, মিতব্যয়ীতা, বীরত্ব, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সম্মানবোধ। যা মুখে উচ্চারণ করে মোমবাতি জ্বালিয়ে দেন রেয়ান রেহমান।

রেয়ান রেহমান ঈগল স্কাউট হিসেবে দায়িত্ব নেওয়ার আগে তাকে শপথ পড়ান আরেক ঈগল স্কাউট আয়মান রেহমান। আর র   ্যাংক ব্যাজ পরিয়ে দেন তার মা পান্না আজিজ। বাবা আজিজ আহমদ পরিয়ে দেন যুক্তরাষ্ট্রের পতাকার রঙে বিশেষ স্কার্ফ।

বাবা ও মাকে ঈগল পিন পরিয়ে দেন রেয়ান রেহমান।

পরে বক্তৃতায় আজিজ আহমদ বলেন, এই অর্জন একা রেয়ান রেহমানের নয়, গোটা কমিউনিটির। ছেলেকে অভিনন্দিত করে সারাজীবন স্বার্থহীনতাকে মূলমন্ত্র ধরে কাজ করে যাওয়ার আহ্বান জানান। স্কাউট কর্তৃপক্ষকেও বিশেষ কৃতজ্ঞতা জানান তিনি।

টাউনশিপ অব মার্লবোরো কাউন্সিলের ভাইস প্রেসিডেন্ট অ্যান্টোনিতে দিনুজো তার বক্তৃতায় রেয়ান রেহমনাকে অভিনন্দিত করেন। আর বিশেষ বক্তৃতায় মার্লবোরো ওপেন স্পেস কমিটির চেয়ারম্যান ক্যাপ্টেন শীতল রাজন বৈমানিকের পিন ও বিশেষ অভিনন্দন তুলে দেন। কাউন্সিলম্যান মাইকেল স্কালে এসময় উপস্থিত ছিলেন।

ঈগল স্কাউটের শপথ নেওয়ার পর বক্তৃতায় রেয়ান রেহমান তার এই অগ্রযাত্রা ও অর্জনে মা-বাবার সার্বক্ষণিক পরামর্শ ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানান। নতুন এই অর্জনের মধ্য দিয়ে তার ওপর যে দায়িত্ব অর্পিত হয়েছে তা যেনো সুচারুভাবে সম্পন্ন করতে পারেন সে প্রত্যাশা ব্যক্ত করেন। সবশেষে স্কাউটমাস্টার ও বয় স্কাউট অব আমেরিকার মনমাউথ কাউন্সিল ডিস্ট্রিক্ট কমিশনার রে গোডে তার নিজের একটি প্রশংসাপত্র তুলে দেন রেয়ান রেহমানকে। মেন্টর হিসেবে তিনি রেয়ানকে অতি বাধ্যগত, কর্মঠ, দায়িত্বশীল হিসেবে দেখেছেন বলেও মন্তব্য করেন তিনি।

অভ্যাগত অতিথিরা রেয়ান রেহমানের এই অর্জনের ভূয়সী প্রশংসা করেন।

# বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)






# মানারাত স্কুল অ্যান্ড কলেজে শিক্ষামন্ত্রণালয়ের হস্তক্ষেপের প্রতিবাদে শিক্ষার্থী-অভিভাবকদের মানববন্ধন

**ঢাকাঃ** মানারাত ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজে শিক্ষামন্ত্রণালয়ের অযাচিত হস্তক্ষেপের প্রতিবাদে মানববন্ধন করেছে শিক্ষার্থী ও অভিভাবকরা।

রবিবার দুপুর ১২টায় গুলশানের স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসের সামনে তারা এই মানববন্ধন করেন।

মানববন্ধনে অভিভাবকরা দাবি করেন, মানারাাত স্কুল অ্যান্ড কলেজটিকে নিয়ে নানা রকম ষড়যন্ত্র করা হচ্ছে। প্রতিষ্ঠানটিতে হাজার হাজার স্কুল ও কলেজ শিক্ষার্থী অধ্যয়নরত। প্রতিষ্ঠানটি একটি সুন্দর কারিকুলামে সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তারা দাবি করেন বিদ্যমান কারিকুলামে ইসলামী ধারার শিক্ষার যে পদ্ধতি চালু রয়েছে তা অব্যাহত রাখতে হবে।

আরেক নারী অভিভাবক বলেন, মানারাতে আধুনিক ও যুগোপযোগী ব্রিটিশ শিক্ষা কারিকুলামে শিক্ষার ধারা আছে। সেজন্যেই আমরা আমাদের সন্তানদের এই স্কুলে দিয়েছি। পাশাপাশি ইসলামী শিক্ষার যে ধারা আছে তা অব্যাহত রাখতে হবে। প্রতিষ্ঠানটিকে নিয়ে যে ষড়যন্ত্র করা হচ্ছে তা বন্ধ করতে হবে। এজন্য আমরা শিক্ষার্থী ও অভিভাবকরা এখানে জড়ো হয়েছি।

আরেক নারী অভিভাবক বলেন, বাংলাদেশের অন্যান্য ইংলিশ মিডিয়াম স্কুলের তুলনায় মানারাতে ভালো শিক্ষা প্রদান করা হয়ে থাকে। আমার কন্যাকে এই স্কুলে দেয়ার অন্যতম উদ্দেশ্য ছিল, এখানে ইংরেজির পাশাপাশি দেশপ্রেম, দেশকে ভালোবাসা একইসঙ্গে ইসলামী শিক্ষাও সে পাবে, যেটা সবসময় হয়ে আসছিল।

তিনি দুঃখ প্রকাশ করে আরও বলেন, মানারাতে যেভাবে দেশীয় সংস্কৃতিকে তুলে ধরা, বাংলাদেশের দিবসগুলোকে তুলে ধরা হয় তা অনেক বাংলা মাধ্যম স্কুলেও তুলে ধরা হয়না। অথচ এই স্কুলটিকে নিয়ে বারবার ষড়যন্ত্র করা হচ্ছে। তিনি প্রধানমন্ত্রীর কাছে ন্যায় বিচার পাবেন বলে আশা করেন। তিনি আরও বলেছেন অতীতে এই স্কুলটিকে দখল করার জন্য কয়েকবার ষড়যন্ত্র করা হয়েছে। কিন্তু যখনই ষড়যন্ত্র করা হয়েছে, মাঠ দখলের চেষ্টা করা হয়েছে তখনই স্কুলটির শিক্ষার্থী ও অভিভাবকরা তীব্র প্রতিবাদ জানিয়ে রাস্তায় নেমে এসেছে। তিনি আশা করেছিলেন যে সরকার তাদের প্রতি ন্যায় করবেন। তিনি প্রধানমন্ত্রীর কাছেও ন্যায় আশা করেছিলেন বলেও উলেখ করেন। তিনি হতাশা ব্যক্ত করে বলেন, আজকে যদি শিক্ষামন্ত্রণালয় এই ষড়যন্ত্রে হস্তক্ষেপ করেন তাহলে তারা কার দিকে তাকাবেন?

আরেক নারী অভিভাবক বলেন, মানারাত ব্রিটিশ কারিকুলামে পরিচালিত। ইসলামিক আদর্শ ভিত্তিক এজন্য আমরা আমাদের বাচ্চাদের এখানে দিয়েছি। ছেলে ও মেয়েদের ভবন আলাদা।এখানে ছোটবেলা থেকেই ইসলামিক আদর্শ অনুসরণ করে ছোটবেলা থেকে বাচ্চাদের শিক্ষা দেওয়া হয় তা যেন অব্যাহত থাকে। মানারাতে ওপর অন্য কোনো ব্যবস্থা চাপানো না হয়। ষড়যন্ত্রের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাতে আজ এখানে আমরা জড়ো হয়েছি।






মানববন্ধনে অংশ নেয়া শিক্ষার্থীরা প্রতিবাদ জানিয়ে বলেন, আমরা কোনো পরিবর্তন চাই না।আমরা ভালোভাবে বেড়ে উঠছি। আমরা মানারাতকে ভালোবাসি। আমরা মুক্ত পরিবেশে ভালোভাবে বড় হচ্ছি। আরেক মেয়ে শিক্ষার্থী বলেন, মানারাত একটি ইংলিশ মিডিয়াম। স্কুলটির বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত নেয়া উচিৎ হবে না।

অভিভাবকদের দাবি, মানারাত অলরেডি একটি পরিচ্ছন্ন ট্রাস্ট দ্বারা পরিচালিত হচ্ছে তারপরও এ ধরনের বৈঠকের মধ্যে অভিভাবকরা মানারাত ইউনিভার্সিটির মতো করে দখলের ষড়যন্ত্রের গন্ধ পাচ্ছেন। তাই এর প্রতিবাদে অভিভাবক এবং ছাত্র-ছাত্রীরা এই মানববন্ধনের আয়োজন করে।

আবু রায়হান নামের এক অভিভাবক বলেন, আমার বাচ্চা এখানে পড়ে এখানকার পড়াশোনার মধ্যে নৈতিকতার শিক্ষা দেওয়া হয়। ভালো মানুষ হিসেবে গড়ে তোলা হয়। আমরা চাই এটা অব্যাহত থাকুক।

কুলসুম বেগম নামের এক অভিভাবক বলেন, মানারাত ট্রাস্টি বোর্ড যারা আছেন তারা দেশের সর্বোত্তম ভালো মানুষ। সেখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব এবং বিশ্ববিদ্যালয় গণ্যমান্য শিক্ষকবৃন্দ আছেন। তারা তাদের জীবনে ন্যূনতম দুর্নীতির সাথে আপোষ করেননি।প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে কখনোই অনিয়মের কোন অভিযোগ আমরা দেখিনি। তাই প্রতিষ্ঠান পরিচালনার লক্ষ্যে তাদের বাদ দিয়ে যে মিটিং হচ্ছে আমরা মনে করি এটা ঠিক হয়নি। প্রতিষ্ঠান পরিচালনায় তাদেরকে রেখে তাদের সাথে আলোচনা করা উচিত ছিল।

সাবিনা নামের একজন অভিভাবক বলেন, একটার পর একটা ভালো প্রতিষ্ঠান ধ্বংস করা হচ্ছে। এর আগে মানারাত বিশ্ববিদ্যালয় ট্রাস্ট দখল করা হয়েছে। সভ্য সমাজে এভাবে ট্রাস্ট দখল চলতে দেয়া যায় না। চলা উচিত না।

তাছাড়া এর মাধ্যমে সম্মানিত শিক্ষিত এবং সুশীল সমাজকে অপমানিত করা হয়।

উলেখ্য, ১৭ আগস্ট শিক্ষামন্ত্রণালয়ের পক্ষ থেকে বিদেশি মাধ্যমে পরিচালিত মানরাত ঢাকা ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ পরিচালনার জন্য শিক্ষামন্ত্রী ডা. দীপু মনির সভাপতিত্বে একটি সভার আহ্বান করা হয়েছে। আগামী ২৩ আগস্ট সকাল ১১টায় মাতৃভাষা ইনস্টিটিউটে এই সভা ডাকা হয়েছে। এতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গোয়েন্দা সংস্থা, ডিএমপি, সচিবালয়, শিক্ষাবোর্ড, জেলা প্রশাসক, সিটি কর্পোরেশনসহ সংশিষ্ট বিভাগের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়েছে। এর আগে এরূপ একটি সভা ডেকে মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ড পরিবর্তন করে সরকারের মনোনীত লোকদের বসানো হয়।

# এনওয়াইপিডি সার্জেন্ট এরশাদ সিদ্দিককে কমিউনিটি সার্ভিস এওয়ার্ড প্রদান

(শেষের পাতার পর

কমিউনিটি সার্ভিস অ্যাওয়ার্ড পেলেন। গত ১২ ই আগস্ট শনিবার বাংলাদেশ কারেকশন সোসাইসিটি (বিসিএস) আয়োজিত বার্ষিক সম্মাননা ও নৈশভোজ অনুষ্ঠানে তাকে এ সম্মাননা প্রদান করা হয় । বিসিএস এর পক্ষ থেকে তার হাতে এ সম্মাননা তুলে দেন সংগঠনটির বর্তমান সভাপতি কাজী হাসান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউইয়ক সিটির বর্তমান মেয়র এরিক এডামস।

বাংলাদেশি আমেরিকান পুলিশ এসোসিয়েশনের (বাপা) ট্রাস্টি বোড্রের সদস্য এনওয়াইপিডি ডিটেকটিভ মাসুদুর রহমান জানান, চট্টগ্রামের কৃতি সন্তান সার্জেন্ট সিদ্দিক বিগত ২০ বছর ধরে নিউইয়র্ক ফাইনেস্ট হিসেবে বাংলাদেশি কমিউনিটিকে বিভিন্নভাবে সেবা দিয়ে আসছেন। তিনি ২০০3 সালে এনওয়াইপিডিতে পুলিশ অফিসার হিসেবে যোগদান করেন এবং ম্যানহাটনের ১৯ প্রিসিংক্টে তার কর্মজীবন শুরু করেন। ২০১৬ সালে সার্জেন্ট হিসেবে পদোন্নতি পান । পরে তাকে ২০১৭ সালে কমিউনিটি অ্যাফেয়ার্স ব্যুরোতে নিয়োগ দেওয়া হয়। তিনি কমিউনিটি অ্যাফেয়ার্স ব্যুরোতে অভিবাসী আউটরিচ ইউনিটের দায়িত্বে ছিলেন। তিনি বাংলাদেশী কমিউনিটির সেবা প্রদানে বয়স্কদের অপব্যবহার, অপরাধ প্রতিরোধ এবং বাংলাদেশি অভিবাসীদের অধিকার বিষয়ক উলেখযোগ্য কয়েকটি কর্মশালার উপস্থাপনা ও পরিচালনার দায়িত্বে ছিলেন। বর্তমানে তিনি ইন্টেলিজেন্স ব্যুরো মেয়রের নির্বাহী সুরক্ষা ইউনিটে কম্রত। তিনি বাংলাদেশী আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) সহ-প্রতিষ্ঠাতা এবং সংগঠনটির বর্তমান এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট।




এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে সার্জেন্ট সিদ্দিক তার বক্তব্যে বলেন, বাংলাদেশি কমিউনিটিকে সেবা প্রদানে উলেখযোগ্য অবদান রাখার জন্য এ বিরল সম্মাননা পেয়ে আমি সত্যিই গর্বিত। কমিউনিটিকে সেবা করা শুধু দায়িত্ব না এটি একটি অনন্য সুযোগ যা আমাকে সহানুভূতি, ঐক্য এবং জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে প্রভাবক হিসেবে কাজ করেছে। আমি মেয়র এরিক এডামসকে ধন্যবাদ জানাতে চাই বাংলাদেশি কমিউনিটির প্রতি তার অকুণ্ঠ সমর্থনের জন্য। তিনি বাংলাদেশি কমিউনিটির পুরনো বন্ধু।

নিউইয়র্ক সিটি কারেকশন কমিশনার মলিনা কারেকশন বিভাগে আরও বাংলাদেশি নিয়োগের জন্য নিয়োগ বিভাগে বাংলাদেশি কারেকশন কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করে এ বিভাগে এক অনন্য নজির সৃষ্টি করেছেন বলে সার্জেন্ট সিদ্দিকী তার বক্তব্যে উলেখ করেন।

বক্তব্যে শেষে তিনি সভাপতি কাজী হাসানের নেতৃত্বে বাংলাদেশী কারেকশন সোসাইটির কার্যনির্বাহী সদস্যদের কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ জানান।

# নিউইয়র্কে শ্রমিক লীগের উদ্যোগে দোয়া মাহফিল ও খাবার বিতরণ

(শেষের পাতার পর)

ইয়র্কের জ্যাকসন হাইটসে এই কর্মসূচি পালন করা হয়। এ সময় নেতৃবৃন্দরা শোক দিবস উপলক্ষে বন্ধুবন্ধুর ছবি-সম্বলিত পোশাক পরিধান করে কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জাতীয় শ্রমিক লীগ যুক্তরাষ্ট্র শাখার সভাপতি কাজী আজিজুল হক, সহ সভাপতি এম এ আলম বিপব, সহ সভাপতি হোসেন সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জুয়েল আহমেদ।

এ সময় ৭৫ এর ১৫ ই আগস্ট এর কাল রাতে ইতিহাসের নৃশংসতম হত্যাকাণ্ডের শিকার বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

জাতীয় শ্রমিক লীগ যুক্তরাষ্ট্রের শাখার বিপবী সহ-সভাপতি এম এ আলম বিপব বলেন, ৭৫ এর ১৫ আগস্ট এর কাল রাতে ইতিহাসের নৃশংসতম হত্যাকাণ্ড সংঘটিত হয়ে করেছিল পরাজিত শক্তির দোসরা। এই হত্যাকাণ্ডের মধ্য দিয়ে বাঙালির তিলকে কলঙ্কের রেখা লেপে দিয়েছিল। দীর্ঘদিন এক কলঙ্ক আর চাপা গভীর শোক বহন করে চলেছে কোটি বাঙালি।



পাঁচ খুনিদের বিচারের আওতায় আনার দাবি জানিয়ে এই নেতা বলেন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পরে বঙ্গবন্ধু হত্যার বিচারের প্রক্রিয়া শুরু করেন। শত শত প্রতিকূলতা মোকাবেলা করে জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে একটি মর্যাদা পূর্ণ অবস্থানে নিয়ে যেতে সক্ষম হয়েছেন কিন্তু দুঃখের বিষয় বঙ্গবন্ধু আত্মস্বীকৃত পাঁচখুনি এখনো বিদেশে পলাতক। এদেরকে অনতিবিলম্বে দেশে ফিরে এনে ফাঁসি কার্যকরের দাবী জানাচ্ছি।

এছাড়া ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ যুব মহিলা লীগ এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

**PIER TAX AND EXECUTIVE SERVICES**
37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com



# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**








# মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

## OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA
KUWAIT AIRWAYS




ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

**We Accept**
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ ষ্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

# গোবাল জালালাবাদ এসোসিয়েশনে উদ্দ্যোগে জাতীয় শোক দিবস পালিত

(শেষের পাতার পর)

জনাব এ এম বদরোদ্দোজার সভাপতিত্বে ও সাধারন সম্পাদক ইন্‌জিনিয়ার মহিব উদ্দিন ও সহ সভাপতি মোহাম্মদ শামস্ উল ইসলাম এর পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন

গোবাল জালালাবাদ এসোসিয়েশনের কেন্দ্রীয় সভাপতি মহিবুর রহমান মুহিব, কেন্দ্রীয় সেক্রেটারি ময়নুল হক চৌধুরী হেলাল, কেন্দ্রীয় সহ সভাপতি সাংবাদিক মোহাম্মদ মকিস মনসুর, বীর মুক্তিযোদ্ধা প্রফেসর অরুপ রতন চৌধুরী, আব্দুল মোনায়েম নেহরু, ও এনামুল হক চৌধুরী জালাল, প্রফেসার ডা.মামুন আল মাহতাব সপ্নীল, কোষাধ্যক্ষ জিসনু রায় চৌধুরী, সাবেক রাষ্ট্রদূত বেলাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মো:শামিম আলম কোরেশী, বদরুল ইসলাম সুয়েব, মো:এ বি সিদ্দিক, মো: মুক্তাদীর ইবনে সালাম, ড.সৈয়দ শাহ এমরান সহ দেশে বিদেশে বসবাসকারী সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ ।

সভার একমাত্র এজান্ডা শোক দিবসের আলোচনায় সকলে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের স্মৃতিচারন ও সপরিবারে ঘাতকদের হাতে শহীদ সকলশহীদানদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় । পরিশেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।







ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class), Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law, NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA, Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine
Geriatrics,
Hospice & Palliative Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি ।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"



যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com













# ভাটেরার কৃতি সন্তান যুক্তরাজ্য প্রবাসী ড. মোহাম্মদ নুরুল ইসলামকে আমেরিকায় নাগরিক সংবর্ধনা প্রদান

**নিউইয়র্কঃ** গত ১৩ আগস্ট ২০২৩ রবিবার আমেরিকা নিউইয়র্ক জালালাবাদ ভবন্থ এ ভাটেরার কৃতি সন্তান যুক্তরাজ্য প্রবাসী জনাব ড. মোহাম্মদ নুরুল ইসলাম আমেরিকায় আগমন উপলক্ষে ভাটেরা স্কুল এন্ড কলেজ এর ৯৭ ব্যাচ কর্তৃক আয়োজিত ব্যাচের অন্যতম ইউ এস সমন্বয়ক আব্দুল জব্বার সিদ্দিকী, শামিম আহমদ ও মোঃ সাইফুদ্দীনের তত্তাবধানে এক নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

এম এ কাইয়ুম এর সভাপতিত্বে এবং আব্দুল লতিফ খান সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজনগর ডিগ্রী কলেজের সাবেক প্রভাষক জনাব আব্দুল মালিক, বিশিষ্ট কমিউনিটি নেতা ও সাবেক শিক্ষক জনাব শেখ আব্দুল মতিন, ভাটেরা সাইফুল তাহমিনা আলিম মাদরাসার প্রতিষ্ঠাতা জনাব শেখ সাইফুল আলম সিদ্দিকী, জালালাবাদ এসোসিয়েশন আমেরিকার সভাপতি জনাব শাহীন কামালী, কুলাউড়া এসোসিয়েশন নিউজার্সির সভাপতি রাজা মিয়া তালুকদার, কুলাউড়া এসোসিয়েশন ইউএসএ এর সাবেক সাধারণ সম্পাদক এনায়েত হোসেন জালাল, টাইম টেলিভিশন এর সিও মোঃ আবু তাহের, ভাটেরার বিশিষ্ট মুরব্বি আশিদ খান, আবুল কালাম সিদ্দিকী সহ আমেরিকায় বসবাসরত ভাটেরার যুব সমাজ এবং বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ ।


বাংলা পত্রিকা পড়ুন, লিখুন এবং বিজ্ঞপিন দিন।
ফোনঃ ৭১৮-৪৮২-৯৯২৩

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

# শিশুর লিভারেও সমস্যা হতে পারে

(শেষের পাতার পর)

আর তাও যদি হয় লিভার সমস্যা, তাহলে তো শুধু মা-বাবারই নয় সবারই শরীর শিউরে ওঠে। কিন্তু মেনে নিতে কষ্টদায়ক হলেও, আজকাল অনেক শিশুই বেশ কিছু কারণে লিভার সমস্যায় ভুগে থাকে। তাই শিশুর লিভারের সমস্যা বোঝার উপায়, কারণ ও কিছু চিকিৎসা সম্পর্কে অবগত থাকুন।

লক্ষণ : সাধারণত শিশুর হজমে সমস্যা থেকেই লিভারে সমস্যার সূত্রপাত হয়। এ ছাড়াও আনুষঙ্গিকভাবে দেখা যায় জন্ডিসজনিত নানা লক্ষণ।

আশঙ্কাজনকভাবে এ সময় শিশুর ওজন কমে যায়। লিভারে সমস্যা হলে, শিশুর শরীরে ফ্লুইড জমে শরীর ফুলে যায়। খুব ছোট শিশুদের ক্ষেত্রে, ব্যাকটেরিয়া, ভাইরাস ও বিভিন্ন প্যারাসাইটের সংক্রমণের মাধ্যমে শরীরে হেপাটাইটিস বি, নন এল, নন বি থেকে লিভারে সমস্যা হতে পারে। অনেকসময় ম্যালেরিয়া জ্বর থেকেও লিভারে সমস্যা হতে পারে। আজকালকার শিশুরা প্রচুর ফাস্ট ফুড খেতে পছন্দ করে। অতিরিক্ত ফাস্ট ফুড থেকেও লিভারে ফ্যাট জমে, লিভার সমস্যা দেখা দিতে পারে।

চিকিৎসা : লিভারের সমস্যার লক্ষণগুলো পরিলক্ষিত হলে, অবশ্যই দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্লাড টেস্ট করে লিভারের অবস্থা ও চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। সহজেই হজম হয়, শিশুকে এমন খাবার খাওয়াতে হবে। অতিরিক্ত ফ্যাট-জাতীয় খাবার বাদ দিতে হবে। শিশুকে কম তেল, কম মসলাযুক্ত খাবার খাওয়াতে হবে। বেশি করে ডাবের পানি, শরবত, গ্লুকোজ দিতে হবে। ফাস্ট ফুড-জাতীয় খাবার বন্ধ করতে হবে।

# যুক্তরাষ্ট্রের আড়াই কোটি মানুষের

(শেষের পাতার পর)

খাচ্ছেন যা 'ফরএভার কেমিক্যালস'-এ দূষিত। পেনসিলভ্যানিয়ার ছোট্ট শহর কলেজভিলে থেকে ক্যালিফোর্নিয়ার ফ্রেসনো সব জায়গাতেই একই দৃশ্য পরিলক্ষিত হয়েছে বলে দাবি করেছে ইপিএ।

ইপিএ জানিয়েছে, 'ফরএভার কেমিক্যালস' একেকটি যৌগ যা বিভিন্ন বাণিজ্যিক প্রডাক্টে দীর্ঘদিন ধরে ব্যবহার হয়ে আসছে। যেমন পিএফওএ, পিএফওএস ইত্যাদি। এখন জানা গেছে সেগুলো খুবই ক্ষতিকর। এর থেকে ক্যান্সার, ইমিউনোডেফিশিয়েন্সি, প্রজননগত সমস্যা ও শিশুদের সার্বিক বিকাশে সমস্যা সৃষ্টি করতে পারে।

সমীক্ষায় দেখা যাচ্ছে, যুক্তরাষ্ট্রে বসবাসকারী প্রতিটি মানুষের শরীরে পিএফএএস জাতীয় ক্ষতিকর যৌগের উপস্থিতি মিলেছে, তা যে পানীয় জল থেকে হয়েছে সেটি বিস্তারিত ভাবে সমীক্ষা শুরুর পরে জানা যায়।

বৃহস্পতিবার ইপিএ প্রথম রাউন্ডের রিপোর্ট করতেই দেশজুড়ে শোরগোল পড়ে গেছে। জানা যায়, এই পর্যায়ে তারা ২০০০ ওয়াটার সিস্টেম পরীক্ষা করে দেখেছেন। পরবর্তীতে এই সংখ্যাটা হবে ৩৩০০।

সমীক্ষায় আরও দাবি করা হয়েছে, ২২০টি ওয়াটার সিস্টেমে কোনও না কোনও ক্ষতিকর যৌগের সন্ধান মিলেছে। অর্থাৎ প্রতি ১০টি ওয়াটার সিস্টেমে ১টি-তে অন্তত দু'টো 'ফরএভার কেমিক্যালস' আছে।

# ‘আমরা ভালো আছি, ঠিকঠাক আছি’

(শেষের পাতার পর)

রাজ বলেছেন, ‘এ জীবনে আমি অনেক ঝামেলা ফেস করেছি। আর করতে চাই না। জীবনটা স্বাভাবিক চাই, শান্তি চাই। আর কোনো ঝামেলায় জড়াতে চাই না।’

তিনি আরও বলেন, ‘বাচ্চার জন্য হলেও আমার জীবনটা ঠিকঠাক করতে হবে। সে এখন বড় হচ্ছে। আরও পাঁচ-ছয় বছর পরে সে ভালোভাবে চলাফেরা করবে, কথা বলবে। তার একটা সুন্দর জীবন দিতে চাই।’

রাজ আরও বলেন, ‘রাজ্যের সঙ্গে খেলা করছি, সময় দিচ্ছি। অনেক দিন পর ওকে ভালোমতো কাছে পেয়েছি। রাজ্যও আমাকে কাছে পেয়ে খুবই মজা করছে, হাসছে, খেলছে।’

রাজ জানান, ‘আমি এখন বসুন্ধরার বাসায়। আমি ও পরীমনি একসঙ্গেই আছি। গত রাতে বাসায় ফিরেছি। ঠিকঠাক আছি, ভালো আছি। বাবুকে সময় দিচ্ছি। এ কারণে এখন বেশি কথা বলতে পারছি না। পরে কথা বলব এ বিষয়ে।’


প্রসঙ্গত, গত ২০ মে পরীমনিকে রেখে নিজের সব জিনিসপত্র নিয়ে বাসা থেকে বেরিয়ে যান রাজ। তারপর থেকে দুজন আলাদা ছিলেন।

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.
Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু
প্যাকেজ -১
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00
প্যাকেজ-২
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00
প্যাকেজ-৩
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00
প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00
148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

## থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।

যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

## বেবি সিটার আবশ্যক

Columbia medical Hospital এর ডাক্তার আফসানা রহমানের ৯ মাসের মেয়েকে দেখাশুনার জন্য বৃহস্পতি ও শুক্রবারের একজন বেবি সিটার দরকার বাসার দুই বকের ভিতর Train আছে ।

Address:709 W 169th Street.1st floor.Manhattan, New York.

যোগাযোগ :-(347) 944-2284, 347 475 7554

## ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।

যোগাযোগঃ উদ্দিন

**929-519-5139**



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**Dr. Tahera Nasreen, MD**

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

**Dr. Ataul Osmani, MD**

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

## MAMUN'S TUTORIAL

: Directed by :



SHEIKH AL MAMUN, Certified School Teacher
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*

**Our Programs:**

**Summer Program will start from July 5th**

**SAT**
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

**SHSAT**
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

**COMMON CORE MATH & ENGLISH**
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

**Admission going on**
K-6 & Common Core Regents Classes

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management), LL.B

## জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

### আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয় ।




# পূণ্যভুমি সিলেটের বন্যা চিরতরে বন্ধ হবে

(শেষের পাতার পর)

আগস্ট সিলেটে প্রত্যন্ত হাওরাঞ্চল সুনামগঞ্জের ছাতকে বিভিন্ন শ্রেনীপেশার মানুষের অংশগ্রহণে বর্ণাঢ্য এক সংবর্ধনা অনুষ্ঠান হয়েছে।

সেখানে উপস্থিত সিলেট বিভাগের তৃণমূল মানুষের উদ্দেশ্যে স্যার ড. আবু জাফর মাহমুদ বলেছেন, আমরা সবাই এক দেশের এক পরিবারের মানুষ। আমাদের এখানে শুয়ে আছেন, হযরত শাহজালাল (র.)সহ তার সঙ্গীয় ৩৬০জন ধর্ম প্রচারক। তারা আমাদেরকে যে নৈতিকতা শিখিয়েছেন, এই নৈতিকতার প্রথমটাই হচ্ছে ভালোবাসা। তাদের সেই শিক্ষাই আজ এই ভূমির সাধারণ মানুষ অনুসরণ করেছে। এই জন্য আপনারা সেরা মানুষ। কেবল ডিগ্রি থাকলেই শ্রেষ্ঠ মানুষ হয়ে যায় না। অনেক বড় বড় ডিগ্রি অর্জন ও অনেক ক্ষমতা পাবার পরও গ্রামের মানুষের মতো এই চেতনা অর্জন করতে পারে না। আপনাদেরকে ভালোবাসা ও আত্ম মর্যাদাবোধে কেউ উদ্বুদ্ধ করেনি, আপনারা জন্ম থেকেই এই শক্তি লাভ করেছেন, সেটিই অনুশীলন করে চলেছেন।

সুনামগঞ্জের ছাতক উপজেলার প্রত্যন্ত গ্রাম আলীগঞ্জ বাজারে ওই সংবর্ধনা সমাবেশ অনুষ্ঠিত হয়। সেখানে সিলেট বিভাগের বিভিন্ন জেলা তথা দুর্গম হাওরের বিভিন্ন গ্রাম থেকে তৃণমূল জনগোষ্ঠি উপস্থিত হন। ছাতকের সাধারণ জনগণের প্রাণের মানুষ জননেতা কবীর মিয়ার সভাপতিত্বে সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, এলাকার তরুণ সমাজের প্রতিনিধি আবু বকর, রফিক মিয়া, এলাকার প্রবীনতম ব্যক্তিত্ব হাজী মোখলেসুর রহমান প্রমুখ।

আবু জাফর মাহমুদ সিলেটের দক্ষিণ ছাতকের সমাবেশ স্থলকে প্রানপ্রিয় বাংলাদেশের উলেখযোগ্য একটি জনপদ উলেখ করে বলেন, আলাহ এখানে আমাকে আপনাদের মাঝে নিয়ে এসেছেন, এটা আমার কোনো পরিকল্পনার অংশ নয়। গত বন্যায় আপনাদের সাথে মহান আলাহ তায়ালা যে আত্মীয়তা গড়ে দিয়েছেন, আমি খুব চেয়েছি আমার এই আত্মীয়দের সঙ্গে দেখা করতে। আমি বরাবরই বিশ্বাস করি, ভালোবাসার দায়িত্বের ওপরে কোনো দায়িত্ব নেই। আপনাদের সঙ্গে যে সম্পর্কটা গড়ে উঠেছে এই সম্পর্কটা হচ্ছে ভালোবাসার।

আপনাদের জন্য যে ভালোবাসা। সেই ভালোবাসার সঙ্গে কোনো পক্ষ বিপক্ষ নেই। আমি দেশকে ভালোবাসি। একাত্তরে যেভাবে ভালোবেসেছিলাম। এখন আমি আমেরিকান। পৃথিবীর সবচেয়ে শক্তিধর পরাক্রমশালী ইউনাইটেড স্টেটস অফ আমেরিকা। তারা যদি সারা পৃথিবীর নেতা হয়, তাহলে আমিও নেতা। আমি সাক্ষ্য দিচ্ছি। নিজের কণ্ঠে বলছি, পূণ্যভূমি সিলেটের বন্যা চিরতরে বন্ধ হবে। দোয়া করবেন, যাতে ত্রাণ দিতে না হয়। এক্ষেত্রে আপনাদের মধ্যকার ভালোবাসার একতাটি আরো বাড়াতে হবে। বন্যা প্রতিরোধ ও মোকাবিলার জন্য আমাদের একটি স্থায়ী পদক্ষেপ নিতে হবে।

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের ১ নং সেক্টরের মাউন্টেন ব্যাটালিয়ন কমা-ার আবু জাফর মাহমুদ বলেন, বঙ্গবীর জেনারেল ওসমানী সাহেবের কমা-, পরিকল্পনায় ও নির্দেশে মহান মুক্তিযুদ্ধ হয়েছে। এই যুদ্ধের আমি একজন সৈনিক। আমি মনে করি মুক্তিযুদ্ধ যেমন কোনোদিন শেষ হয় না, একজন মুক্তিযোদ্ধারও কোনো অবসর নেই। যতক্ষণ জীবিত ততক্ষণই যুদ্ধ চলবে। এই যুদ্ধ হচ্ছে প্রেমের যুদ্ধ, সম্পর্কের যুদ্ধ। যদি আমার মধ্যে ভালোবাসা থাকে আপনাদের সঙ্গে, আমার প্রিয় মানুষের সঙ্গে দেখা হবেই।

ড. মাহমুদ ২০২২ সালের বন্যায় ছাতকের জনগোষ্ঠির দুর্ভোগের কথা উলেখ করে বলেন, বন্যা শুরু হওয়ার দু'দিন আগে আমি কবীর ভাইয়ের মাধ্যমে তাৎক্ষণিক যা কিছু সম্বল ছিল পাঠিয়ে দিয়েছিলাম। বন্যা শুরুর অনেক আগেই বুঝেছিলাম, হাওরের মানুষের অনেক কষ্ট হবে। আমার কাছে সংবাদ ছিল, এই সিলেটে উপরের অঞ্চল থেকে পানি পাঠানো হবে, দরজাটা খুলে দেয়া হবে। যারা জেনেছিলেন তাদের অনেকেই হয়তো জেনেও চুপ করে ছিলেন। আমি জেনেই আমার সাধ্যমত ব্যবস্থা নিয়েছি, এখানেই পার্থক্য। আমার সঙ্গে আপনাদের এই যে প্রেম ও সম্পর্ক আর অন্যদের সম্পর্কের পার্থক্যটাও এখানে। এই পার্থক্য দেখানোর স্পর্ধা আমার আছে তাই আমি এসেছি। আমাদের মধ্যে যে প্রেম সেটি হচ্ছে রিজিক। রিজিক শুধু টাকা পয়সা নয়। শ্রেষ্ঠ রিজিক হচ্ছে, একজন মানুষ আরেকজন মানুষের মধ্যে ভালোবাসা। এটিই আমি আমার জীবন থেকে শিখেছি। এটির চর্চা করেই আমি আনন্দ পাই, সুখ পাই, সমৃদ্ধ হই। তিনি বলেন, আল-াহতায়ালা যখন বাড়তি কিছু দেন তখন মনে করি, বাড়তি দায়িত্বটা, আমাকে যতটুকু উপহার দেয়া হলো তার চেয়ে অনেক বেশি।

আবু জাফর মাহমুদ বলেন, শ্রেষ্ঠ মানুষগুলো আমাদেরকে অনেক কিছু শেখান। অনেকেই মনে করেন, যারা মারা গেছেন, তাদের কাছ থেকে কী পাওয়া যাবে। কিন্তু আল-াহ জানিয়ে দিয়েছেন, ওদেরকে মৃত বলো না। আমি নিজেই তাদের রিজিক দিই। সিলেটে হযরত শাহজালাল (র.) তার সকল সঙ্গীয় ধর্মপ্রচারকসহ এখানে শার্য়িত রয়েছেন। আমি বিশ্বাস করি তারা আছেন, তারাই আমাদের ভালোবাসা শিখিয়েছেন। তারা এখানে ইসলাম জারি করেছেন। যুদ্ধ করে তা করেননি। কাউকে ধমকিয়ে শাসন করেও করেননি। ভালোবেসে করেছেন। আপন-ারাই হচ্ছেন, সেই ভালোবাসার উত্তরসুরী। যেখানে আল-াহ রাব্বুল আল আমীনের ভালোবাসা আছে, সেখানে আমি কেন সেই ভালোবাসা গ্রহণের জন্য উদগ্রিব হব না।

স্যার আবু জাফর মাহমুদ ছাতকের জনগণের প্রিয় মানুষ জননেতা কবীর মিয়ার প্রসঙ্গ তুলে ধরে বলেন, একজন সৎ মানুষ পেয়েছি। যোগ্য মানুষ। উপযুক্ত নেতা। কর্মঠ মানুষ। আমি তার মাধ্যমেই শীতের সময় মানুষগুলোর পাশে দাঁড়িয়েছি। আমি একা ছিলাম কিন্তু পরে তা হয়ে উঠলো একটি পরিবার। আস্তে আস্তে যুক্ত হয়ে গেল কবীর ভাইয়ের আরেক ভাই লিলু মিয়া, জিতু মিয়া, বোন শিউলী বেগমসহ সবাই। একসঙ্গে মিলেই কাজটি করছি। ভালোবাসর এ এক অভ'তপূর্ব দৃষ্টান্ত। এক অস-াধারণ ও স্পন্দিত ভালোবাসা।

আবু জাফর মাহমুদ বলেন, আমার এখানে শেকড় হয়ে গেছে। প্রত্যন্ত হাওড়ের মানুষ বুক-সমান পানির ভেতর যখন অসহনীয় জীবন পার করছে, তখন একত্রিত হয়ে এই এলাকাবাসী একযোগে তাদের পাশে ঝাঁপিয়ে পড়েন। আমি তখন আপনাদের মাঝে আমাকে নতুন করে খুঁজে পেয়েছি। কারণ, আমার কৈশোর, তারুণ্য ও যৌবনের সময়গুলো কেটেছে ঠিক এই রকম। আমি সন্দ্বীপের মানুষ। বন্যা, জলোচ্ছ্বাস, তুফান ছোটোবেলা থেকে দেখে আসছি।

আবু জাফর মাহমুদ জাতির রাজনৈতিক বিভক্তির প্রসঙ্গ তুলে ধরে বলেন, তিনি বলেন, আমি কোনো রাজনীতিবীদ নই। যে সমস্ত রাজনৈতিক দল বা রাজনীতিবিদ আমাদের বিভক্ত করেছে তাতে আমাদের কোনো লাভ হয়নি। তাদের কী লাভ হয়েছে, এটি তারাও বোঝে আমরাও বুঝি। '৭০-এ আমরা বিভক্ত না হয়ে একতাবদ্ধ হয়েছিলাম, তখন শোগান দিতাম 'জয় বাংলা'। ছাত্রজীবনে তখন উপলব্ধি করতাম বাংলা ভাষাভাষীরা আমরা সবাই এক। কিন্তু যখন একতাবদ্ধ আন্দোলন করতে করতে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ জন্ম দিয়েছি। তখন আমার শোগান হওয়া প্রয়োজন ছিল 'জয় বাংলাদেশ'। আমি শোগান দেই 'জয় বাংলাদেশ'। আমার জয় বাংলার পথ ধরেই এসেছে 'জয় বাংলাদেশ'। যদি দেশকে ভালোবাসি তবে এই একটিই শোগান হতে হবে। যদি ভালোবাসার অভিনয় করি, তাহলে অনেক রকমের শোগান দিতে পারি।

ড. আবু জাফর মাহমুদ আমারে রাজনৈতিক বিভক্তি ও অন্যান্য প্রসঙ্গে বলেন, একাত্তরের যুদ্ধের সময়, যারা বিরোধীতা করেছিল যুদ্ধ জয়ের পর তাদের ক্ষমা করে দিয়েছি। আমরা বিজয়ী। বিজয়ীরা কখনো শত্রুকে চিরকাল ঘৃণা করে না। এটি পরাজিতদের কাজ। যে বিজয়ী সে বীর। তার বিজয় অর্জিত। তার মর্যাদা সর্বোচ্চ। সর্বোচ্চ যার আছে সে আর কি চায়? যেসব মানুষের কোনো সঠিক নিশানা থাকে না, চেতনা থাকে না, তারা বিজয়ী হবার পরেও সুস্থির হতে পারে না। নিজের ভেতরেই পরাজয়টা কাজ করে। আমার তা করে না। আমরা সবাই একতাবদ্ধভাবে বাংলাদেশের মানুষ। আমরা একে অপরকে ভালোবাসি।

ড. মাহমুদ ছাতক বাসীর উদ্দেশ্যে বলেন, আমি কোনো রাজনৈতিক দলের নই। আপনাদের কারো সঙ্গে আমার কোনো পারিবারিক সম্পর্ক নেই। তিনি বলেন, পরিবেশ ও প্রকৃতি যারা ধংস করছে, তারা আমাদের নিঃশ্বাস নেবার শক্তিকে কেড়ে নিচ্ছে। অক্সিজেন পাওয়ার উৎস্যগুলো ধংস করে দিচ্ছে। একজন মানুষকে গুলি করে হত্যা করলে সে ঘাতক হয়, তাহলে যারা শত শত মানুষকে হত্যা করে পরিবেশ ধংস করে তারা কী? তার এই প্রশ্নের জবাবে উপস্থিত দর্শকরাই সমস্বরে বলেন 'গণ হত্যাকারী'। 'তারা গণহত্যাকারী'। ড. মাহমুদ বলেন, সেই গণহত্যাকারী মানুষ সংখ্যায় বেশি নয়। মাত্র কয়েকজন। আপনারা এমন পরিবেশ পরিস্থিতি গড়ে তুলুন, যাতে কেউ কোনো গাছ না কটে। হাওরের ভেতর দিয়ে রাস্তা না করে। শহরের ভেতরের পানি নিষ্কাশন ব্যবস্থা ধংস না করে। আপনারা এ ব্যপাারে আবু জাফর মাহমুদ ফাউন্ডেশনকে সব সময় পাশে পাবেন।

# 'আল্লাহু আকবার' এর মর্মকথা

(শেষের পাতার পর)

কুল্লি সাই'ইন অর্থাৎ আল্লাহ সব কিছু থেকে মহান। ইসলামে অধিক উচ্চরিত একটি বাক্য যাকে তাকবীর বলা হয়। সকাল-বিকাল আল্লাহর যিকর ছাড়াও দিনে অন্তত: পাঁচবার মুয়াজ্জিন সালাতের জন্য যে আযান দেন তার প্রথম ও প্রধান বাক্য হলো, 'আল্লাহু আকবার"। অর্থাৎ পৃথিবীর সকল কাজ-কর্ম তা যতই মহান হোক, আল্লাহু আকবার' মানে এই সব কিছু থেকে আল্লাহ মহান। ইমাম সাহেব সালাত শুরু করেন আল্লাহু আকবার বলে এবং সালাতের বিভিন্ন স্তরে আল্লাহু আকবার চলতে থাকে। অর্থাৎ ইমাম যেন বার বার স্মরণ করিয়ে দিচ্ছেন যে, খুশু-খুজু ফেলে আপনার মন অজানা কোন স্থানে চলে গেছে, সেখান থেকে মনকে আল্লাহর যিকরে ফিরিয়ে আনুন, কারণ যাঁর সামনে দাঁড়িয়েছেন তিন সব কিছু থেকে মহান। উপড়ে উঠার সময় আপনি আল্লাহু আকবার বলেন, তার অর্থ হলো, যত উপড়েই উঠুন না কেন, মহান আল্লাহ তা'আলা তার চেয়েও উপড়ে, তার চেয়েও মহান। তাকবীর ধ্বনি মুসলমানদের রক্তের সাথে মিশ্রিত হয়ে তাদের আবেগকে উদ্বেলিত করে। তাকবীর ধ্বনির মাধ্যমে ইসলামের বীর মুজাহিদ তার শরীরের শীতল রক্তকে গরম করে এবং রক্ত চলাচলকে স্বাভাবিক করে। এটি ইসলামের চেতনা সমৃদ্ধ বাক্য। মানুষের ঘুম ভাঙ্গে আল্লাহু আকবার ধ্বনিতে। মানুষের জীবনধারা শুরু হয় আল্লাহু আকবার দিয়ে। মানুষের কাজ-কর্ম হঠাৎ থেমেও যায় আল্লাহু আকাবর ধ্বনিতে। আল্লাহ আকবার এর মূল চেতনা হলো, পৃথিবীতে শক্তিমত্তার দিক থেকে যা-ই আবিস্কার হোক, আল্লাহ তার চেয়ে মহান, আকার-আকৃতিতে যত বড় বস্তুই আবিস্কৃত হোক, আল্লাহ তার চেয়েও মহান। অলৌকিক যত বড় অপ্রাকৃতিক কিছুই প্রদর্শিত হোক, আল্লাহ তার চেয়েও মহান। তিনি সবার উপড়ে, তাঁর উপর কেহ নেই।

"হে বস্ত্র মুড়ি দিয়ে শয়নকারী! ওঠোন এবং সাবধান করুন এবং আপনার রবের শ্রেষ্টত্ব ঘোষনা করুন।"(সুরা মুদ্দাসসির:১-৩) এখানে 'ইয়া আয়্যুহাল মুদ্দাসসির' বলে রাসুলুল্লাহ সা: কে সম্বোধন করে নির্দেশ দেয়া হয়েছে। অর্থাৎ "হে বস্ত্র মুড়ি দিয়ে শয়নকারী! ওঠো এবং সাবধান করে দাও তোমার রবের শ্রেষ্টত্ব ঘোষনা করো। এই একই নির্দেশ দেয়া হয়েছিল হযরত নুহ আ: কেও। তাঁকে নবুয়তের মর্যাদায় অভিসিক্ত করার সময় যে আদেশ দেয়া হয়েছিল, এটিও সেই ধরণের আদেশ। হযরত নুহ আ: কে বলা হয়েছিল, "তোমার নিজের কওমের লোকদের ওপর এক ভীষণ কষ্টদায়ক আযাব আসার আগেই তাদের সাবধান করে দাও।"(সুরা নুহ:১) সুরা মুদ্দাসসির-এর এ কয়েকটি আয়াতে মর্মাথ হচ্ছে, যে বস্ত্র আচ্ছাদিত হয়ে শয়নকারী, তুমি ওঠো। তোমার চারপাশে আল্লাহর যে সব বান্দারা অবচেতন পড়ে আছে, তাদের জাগিয়ে তোল। যদি এ অবস্থায়ই তারা থাকে তাহলে যে অবশ্যম্ভাবী পরিণতির সম্মুখীন তারা হতে যাচ্ছে সে সম্পর্কে তাদের সাবধান করে দাও। তাদের জানিয়ে দাও, তারা "মগের মুল্লুকে" বাস করছে না যে, যা ইচ্ছা তাই করে যাবে, অথচ কোন কাজের জন্য জবাবদিহি করতে হবে না। তিনিই মহান তিনিই সর্বশ্রেষ্ট। এ পৃথিবীতে এটা একজন নবীর সর্বপ্রথম কাজ। এখানে এ কাজটি তাঁকে আঞ্জাম দিতে হয়। তাঁর প্রথম কাজই হলো, অজ্ঞ ও মূর্খ লোকেরা এ পৃথিবীতে যাদের শ্রেষ্ঠত্ব ও প্রতাপ মেনে চলছে তাদের সবাইকে অস্বীকার করবে এবং গোটা পৃথিবীর সামনে উচ্চ কণ্ঠে এ কথা ঘোষণা করবে যে, এ বিশ্ব-জাহানে এক আল্লাহ ছাড়া আর কারো কোন শ্রেষ্ঠত্ব ও প্রতাপ নেই। যারা নবীর মিশণ অনুযায়ী পৃথিবীতে আল্লাহর শ্রেষ্ঠত্ব এবং তাঁর দেয়া দীন তথা জীবন ব্যবস্থা কায়েম করতে চায় বা কায়েম রাখতে চায় তাদেরকেও যে কোন পরিবেশে আল্লাহর শ্রেষ্ঠত্বের ঢংকা বাজিয়েই যেতে হবে। এ জন্য শরীর নিস্তেজ হবে না, মুখও অবসন্ন হবে না। আরো ভালো করে মনে রাখতে হবে, যাদের সামনে আল্লাহর মহানত্ব ও শ্রেষ্টত্ব ঘোষনা করা হচ্ছে, তারা যদি পৃথিবীর সুপার পাওয়ারও হয়, তাতে কিছুই যায় আসে না। কারণ তাদের চেয়ে আল্লাহ মহান ও অত্যন্ত ক্ষমতাধর।

আর এ কারণেই ইসলামে "আল্লাহ আকবার"(আল্লাহই শ্রেষ্ট) কথাটাকে সবচেয়ে গুরুত্ব দেয়া হয়েছে। "আল্লাহ আকবার" ঘোষনার মাধ্যমেই সালাতের জন্য ডাকা হয়, আল্লাহু আকবার বলে সালাত শুরু করা হয় এবং বার বার আল্লাহু আকবার বলে সালাতে ওঠে ও বসে। কোন পশুকে জবাই করার সময় "বিসমিল্লাহি আল্লাহু আকবার" বলে জবাই করা হয়। তাওয়াফ শুরু করার সময় হাজরে আসওয়াদকে ঈশারা করে বিসমিল্লাহি আল্লাহু আকবার বলে শুরা করা হয়। এর দ্বারা এ কথা প্রকাশ করা হয় যে, হাজরে আসওয়াদ নয়, বাইতুল্লাহ নয় বরং এ দু'টোর মহান মালিককে কেন্দ্র করে আমাদের জীবন ধারা আবর্তিত হচ্ছে। কারণ তিনি মহান ও সর্বশ্রেষ্ট। তাকবীর ধ্বনি বর্তমান বিশ্বে মুসলমানদের সর্বাধিক স্পষ্ট ও পার্থক্যসূচক প্রতীক। কারণ ইসলামের মহানবী সা: আল্লাহর বড়ত্ব ও শ্রেষ্টত্ব ঘোষনা মাধ্যমেই কাজ শুরু করেছিলেন।

এখানে আরো একটি সুক্ষ্ম বিষয় আছে যা ভালভাবে বুঝে নেয়া দরকার। এ সময়ই প্রথমবারের মত রাসুলুল্লাহ সা: কে যে নবুয়াতের বিরাট গুরুদায়িত্ব পালনের জন্য তৎপর হতে নির্দেশ দেয়া হয়েছে এ আয়াতগুলোর শানেনুযুল থেকেই সে বিষয়ই জানা গিয়েছে। এ কথা তো স্পষ্ট যে, যে শহর, সমাজ ও পরিবেশে তাঁকে এ উদ্দেশ্য ও লক্ষ্য নিয়ে কাজ করার জন্য তৎপর হওয়ার নির্দেশ দেয়া হচ্ছিল তা ছিল শিরকের কেন্দ্রভূমি বা লীলাক্ষেত্র। সাধারণ আরবদের মত সেখানকার অধিবাসীরা যে কেবল মুশরিক ছিল, তা নয়। বরং সে সময় গোটা আরবের মুশ-রিকদের সবচেয়ে বড় তীর্থ ক্ষেত্রের মর্যাদা লাভ করেছিল। আর কুরাইশরা ছিল তার ঘনিষ্ঠতম প্রতিবেশী, সেবায়ত ও পুরোহিত। এমন একটি জায়গায় কোন ব্যক্তির পক্ষে শিরকের বিরুদ্ধে এককভাবে তাওহীদের পতাকা উত্তোলন করা জীবনের ঝুঁকি গ্রহণ করার শামিল। তাই "ওঠো এবং সাবধান করে দাও" বলার পরপরই "তোমার রবের শ্রেষ্টত্ব ঘোষনা করো" বলার অর্থই হলো যে সব বড় বড় সন্ত্রাসী শক্তি তোমার এ কাজের পথে বাধা হয়ে দাঁড়াতে পারে বলে মনে হয় তাদের মোটেই পরোয়া করো না। বরং স্পষ্ট ভাষায় বলে দাও, যারা আমার এ আহবান ও আন্দোলনের পথে বাধা হয়ে দাঁড়াতে পারে আমার 'রব' তাদের সবার চেয়ে অনেক বড়। আল্লাহর দীনের কাজ করতে উদ্যত কোন ব্যক্তির হিম্মত বৃদ্ধি ও সাহস যোগানের জন্য এর চাইতে বড় পন্থা বা উপায় আর কি হতে পারে। আল্লাহর বড়ত্ব ও শ্রেষ্টত্বের নকশা যে ব্যক্তির হৃদয়-মনে খোদিত সে আল্লাহর জন্য একাই গোটা দুনিয়ার বিরুদ্ধে লড়াই করতে সামান্যতম দ্বিধা-দ্বন্ধও অনুভব করবে না।

আল্লাহ তা'আলা বলেন,"আর বলো, সেই আল্লাহর প্রশংসা, যিনি কোন পুত্রও গ্রহণ করেননি। তাঁর বাদশাহীতে কেউ শরীকও হয়নি এবং তিনি এমন অক্ষমও নন যে, কেউ তাঁর সাহায্যকারী ও নির্ভর হবে। আর তাঁর শ্রেষ্ঠত্ব বর্ণনা করো, চূড়ান্ত পর্যায়ের শ্রেষ্ঠত্ব।"(সুরা বনী ইসরাইল:১১১) অর্থাৎ যেসব মুশরিক বিভিন্ন দেবতা ও জ্ঞানী-গুণী মহামানবদের সম্পর্কে বিশ্বাস করতো যে, আল্লাহ নিজের সার্বভৌম কর্তৃত্বের বিভিন্ন বিভাগ এবং নিজের রাজত্বের বিভিন্ন এলাকা তাদের ব্যবস্থপনায় দিয়ে দিয়েছেন তাদের এ বিশ্বাসের বিরুদ্ধে এ আয়াতে রয়েছে সূক্ষ্ম বিদ্রুপ। এ অর্থহীন বিশ্বাসটির পরিস্কার অর্থ হচ্ছে এই যে, আল্লাহ নিজে তাঁর সার্বভৌম কর্তৃত্বের বোঝা বহন করতে অক্ষম। তাই তিনি নিজের জন্য কোন সাহায্যকারী ও নির্ভর তালাশ করে বেড়াচ্ছেন। তাই বলা হয়েছে আল্লাহ অক্ষম নন। তাঁর কোন ডিপুটি, সহকারী ও সাহায্যকারীর প্রয়োজন নেই। তিনি মহান ও শ্রেষ্ঠ এবং চুড়ান্ত পর্যায়ের শ্রেষ্ঠ। আল্লাহ তা'আলা বলেন, "তাঁর কর্তৃত্ব আকাশ ও পৃথিবী ব্যাপী। এগুলোর রক্ষণাবেক্ষণে তাঁকে ক্লান্ত পরিশ্রান্ত করে না। মূলত: তিনিই এক ও মহান ও শ্রেষ্ঠ সত্তা।"(সুরা বাক-ারা:২৫৫)

মুর্খতা নিজের কল্পনা ও ভাববাদিতার জগতে বসে যত অসংখ্য উপাস্য, ইলাহ ও মাবুদ তৈরী করুক না কেন আসলে কিন্তু সার্বভৌম ক্ষমতা প্রতিপত্তি ও শাসন কর্তৃত্ব নিরংকুশভাবে একমাত্র সেই অবিনশ্বর সত্তার অংশীভূত, যাঁর জীবন কারো দান নয় বরং নিজস্ব জীবনী শক্তিতে যিনি স্বয়ং জীবিত এবং যাঁর শক্তির ওপর নির্ভর করে গড়ে উঠেছে এই বিশ্ব জাহানের সমগ্র ব্যবস্থাপনা। নিজের এই বিশাল সীমাহীন রাজ্যের যাবতীয় শাসন কর্তৃত্ব ও ক্ষমতার একচ্ছত্র মালিক তিনি একাই। তাঁর গুণাবলীতে দ্বিতীয় কোন সত্তার অংশীদারিত্ব নেই। তাঁর ক্ষমতা, কতৃত্ব ও অধিকারেও নেই দ্বিতীয় কোন শরীক। কাজেই তাঁকে বাদ দিয়ে বা তাঁর সাথে শরীক করে পৃথিবীতে বা আকাশে কোথাও আর কাউকে মাবুদ ইলাহ ও প্রভু বানানো হলে তা একটি নিরেট মিথ্যা ছাড়া আর কিছুই হয় না। এভাবে আসলে সত্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হয়।

আল্লাহ তা'আলা সমস্ত কিছুর চেয়ে বড় ও মহান। তিনি ইলম(জ্ঞান), কুদরত(ক্ষমতা), শ্রবণ, দর্শন এবং কর্তৃত্বে সমস্ত কিছুর চেয়ে বড়। সত্তাগত দিক থেকেও তিনি সবচেয়ে বড়। সাত আসমান ও সাত যমীন আল্লাহর হাতের তালুতে কিসের মতো? যেন আমাদের কারো হাতের তালুতে একটি সরিষার দানার মতো। আল্লাহ তা'আলা বলেন," আল্লাহকে যে মর্যাদা ও মূল্য দেয়া দরকার এসব লোক তা দেয়নি।(তাঁর অসীম ক্ষমতার অবস্থা এই যে) কিয়ামতের দিন গোটা পৃথিবী তাঁর মুঠির মধ্যে থাকবে আর আসমান তাঁর ডান হাতে পেঁচানো থাকবে। এবং লোক যে শিরক করছে তিনি তা থেকে পবিত্র ও অনেক উর্ধে।"(সুরা আয-যুমার:৬৭)

সুতরাং আল্লাহু আকবার মানে আল্লাহ সবকিছুর চেয়ে বড়। আর আল্লাহর বড়ত্ব ও মহত্বের পরিমাপ করা বা এর বাস্তবতা অনুধাবন করা কোন সৃষ্টিলোকের পক্ষে অসম্ভব। তিনি জ্ঞান, শক্তিমত্তা, প্রজ্ঞা ও সমস্ত কাজ পরিচালনার দিক থেকে সবচেয়ে মহান, অনুরূপভাবে তিনি নিজে সমস্ত কিছুর চেয়ে বড়। আল্লাহর আরশ কত বড় সেটা মানুষের পক্ষে নির্ণয় করা সম্ভব না, তাহলে চিন্তা করে দেখুন, আরশের সৃষ্টিকর্তা কত বড় সেটা বুঝা মানুষের পক্ষে কতটা অসম্ভব।


বদলে দেই পৃথিবী
ধাঁপে ধাঁপে
শুভকাজে
R
RENAISSANCE
HOME HEALTH CARE
নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন
আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য
আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
ছুটির দিনে দ্বিগুণ বেতন
বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
গুগল-এ ৪.৫ স্টার রেটিং
রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন
(718) 649-3670
1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462
www.renaissancehomehc.com

# ভারী বর্ষণ-ধসে হিমাচলে নিহত বেড়ে ৭৪

**ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট :** ভারতের হিমাচলে ভারী বৃর্ষণে প্রাণহানির সংখ্যা বেড়ে ৭৪ জনে দাঁড়িয়েছে। গত ২৪ জুন বর্ষা শুরু হওয়ার পর থেকে হিমাচল প্রদেশে বৃষ্টি-সম্পর্কিত ঘটনায় অন্তত ২১৭ জনের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সবশেষ উদ্ধারকর্মীরা সিমলায় শিব মন্দির থেকে একজনের মরদেহ পেয়েছে। অন্যদিকে চাম্বায় আরও দুজনের প্রাণহানি ঘটেছে। সিমলায় তিনটি বড় ভূমিধসে ২১ জনের মৃত্যু হয়েছে, যার মধ্যে একটি সামার হিলের শিব মন্দিরের ভূমিধস। বর্ষা শুরু হওয়ার পর ৫৫ দিনে রাজ্যে ১১৩টি ভূমিধসের ঘটনা ঘটেছে। এতে গণপূর্ত বিভাগের দুই হাজার ৪৯১ কোটি রুপির ক্ষতি হয়েছে। আর ভারতের জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষের ক্ষতির পরিমাণ হাজার কোটি টাকা। সিমলার সামার হিলে রেললাইনের একটি অংশ ভেসে গেছে, ট্র্যাকগুলো বাতাসে ঝুলছে। হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু বলেন, সাম্প্রতিক ভূমিধসের ফলে ক্ষতিগ্রস্ত অবকাঠামো পুনঃনির্মাণ পাহাড়সম চ্যালেঞ্জ।



# যুক্তরাষ্ট্রে ভয়াবহ মাংসভুক ব্যাক্টেরিয়ার আবির্ভাব : মৃত ৩

**ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট :** মাংসভুক ব্যাকটেরিয়ার শিকার হয়ে নিউ ইয়র্ক ও কানিকটিকাটে তিন ব্যক্তি মারা যাওয়ার পর নিউ ইয়র্কেল স্বাস্থ্য বিভাগ নতুন বিধিনিষেধ জারি করেছে।

বিভাগটি জানিয়েছে, ভাইব্রোও ভালনিফিকাস ব্যাকটেরিয়ার আক্রান্ত হয়ে নিউ ইয়র্কে একজন ও কানিকটিকাটে দুই ব্যক্তির মারা যাওয়ার খবর পাওয়া গেছে।

এ ধরনের ব্যাকটেরিয়া চামড়ায় ক্ষত সৃষ্টি করে সংক্রমণ সৃষ্টি করে। এগুলো প্রধানত শামুক বা সাগরের পানিতে পাওয়া যায়।

গভর্নর ক্যাথি হোকুল মাংসভুক ব্যাকটেরিয়অকে 'ভয়াবহ রকমের বিপজ্জনক' হিসেবে অভিহিত করে এর বিরুদ্ধে সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, দুর্ভাগ্যজনকভাবে এই ব্যাকটেরিয়া এখানে দেখা গেছে। নিউ ইয়র্কবাসীর উচিত হবে এ ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।

তিনি বলেন, সাধারণত মে থেকে অক্টোবর পর্যন্ত গরমের সময়ে এই ব্যাকটেরিয়াটি বেশি দেখা যায়।

এই ব্যাকটেরিয়ার শিকার হলে ডায়রিয়া, পেটের মাংসপেশীতে সঙ্কোচন, বমি, জ্বর ও কাঁপুনি দেখা যায়। অনেক সময় কানেও সংক্রমণ দেখা দেয়, আর তা থেকে প্রাণহানিকর ক্ষতের সৃষ্টি হতে পারে।

নিউ ইয়র্কে এই ব্যাকটেরিয়ায় যে ব্যক্তিটি মারা গেছে, তিনি সাফোক কান্ট্রিতে বাস করতেন। তার মৃত্যুর কারণ আরো ভালোভাবে খতিয়ে দেখা হচ্ছে বলে হোকুল জানিয়েছেন।

নিউ ইয়র্কের স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, যকৃতের রোগ, ক্যান্সারে আক্রান্ত লোকজন, যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম এবং যারা পাকস্থলীর অ্যাসিডের মাত্রা কমিয়ে আনতে ওষুধ ব্যবহার করেন, তাদের এই ব্যাকটেরিয়ায় বেশি ক্ষতির শিকার হওয়ার শঙ্কা থাকে।

এই ব্যাকটেরিয়ার আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য যাদের দেহে কাটা-ছেঁড়া আছে কিংবা সাম্প্রতিক সময়ে দেহে টাট্টু লাগিয়েছেন, তাদের প্রতি বেশি সতর্ক হওয়ার আহ্বান জানানো হয়েছে। বিশেষ করে তারা যদি উপকূলীয় পরিবেশে উষ্ণ সাগরের পানিতে যান, তখন তাদের ক্ষত যাতে সুরক্ষিত থাকে, সে ব্যাপারে সতর্ক থাকতে হবে বলে জানানো হয়েছে।

এছাড়া যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, তাদেরকে কাঁচা বা অর্ধসেদ্ধ শামুক ও ঝিনুক খাওয়া থেকে বিরত থাকার জন্য আহ্বান জানানো হয়েছে।

অধিকন্তু, কাঁচা শামুক নাড়াচাড়া করার সময় গ্লাভস পরা এবং এরপর সাবান দিয়ে ভালোমতো হাত ধোয়ার পরামর্শও দেওয়া হয়েছে।

# পাকিস্তানে অন্তর্বর্তী সরকারের শপথ, নির্বাচনে বিলম্ব

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : পাকিস্তানে শপথ নিলেন দেশটির নবনিযুক্ত তত্ত্বাবধায়ক প্রধানমন্ত্রী আনোয়ার-উল-হক কাকার। একসঙ্গে শপথ গ্রহণ করেন তার মন্ত্রিসভার সদস্যরাও। বৃহস্পতিবার ইসলামাবাদে প্রেসিডেন্টের বাস-ভবন আইওয়ান-ই-সদরে এ আয়োজন করা হয়।

রাষ্ট্রপতি আরিফ আলভি ১৯ সদস্যের অন্তর্বর্তী ফেডারেল মন্ত্রিসভাকে শপথবাক্য পাঠ করান। প্রেসিডেন্ট কার্যালয়ের বিবৃতি অনুসারে, ১৬ জন ফেডারেল মন্ত্রী এবং ৩ জন উপদেষ্টা মন্ত্রী নিয়োগ দেওয়া হয়। ফেডারেল মন্ত্রী হিসাবে শপথ নেন সিনেটর সরফরাজ আহমেদ বুগতি, জলিল আব্বাস জিলানি, শামশাদ আখতার, লেফটেন্যান্ট জেনারেল



(অব.) আনোয়ার আলী হায়দা, মুর্তজা সোলাঙ্গী, সামি সাইদ, শহিদ আশরাফ তারার, আহমদ ইরফান আসলাম, মোহাম্মদ আলী, গোহর এজাজ, উমর সাইফ, নাদিম জান, খলিল জর্জ, আনেক আহমদ এবং জামাল শাহ মাদাদ আলী সিন্ধি।

প্রধানমন্ত্রীর উপদেষ্টার দায়িত্বে থাকবেন এয়ার মার্শাল (অব.) ফারহাত হোসেন খান, আহাদ খান চিমা এবং ওয়াকার মাসুদ খান। একইদিনে দেশটির নির্বাচন কমিশন (ইসিপি) জানায়, সারা দেশে নির্বাচনি এলাকার নতুন সীমানা নির্ধারণ সম্পর্কে চলতি বছরের ডিসেম্বরে জানানো হবে। ইসিপি তফশিল বলছে, নতুন সীমানা নির্ধারণে প্রায় ৪ মাস সময় লাগবে। কেননা প্রাদেশিক এবং জাতীয় সংসদ ভেঙে দেওয়ার ৯০ দিনের মধ্যে দেশে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে না।

ইসিপি এও জানিয়েছে, ৮ সেপ্টেম্বর থেকে ৭ অক্টোবর পর্যন্ত সারা দেশে নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ করা হবে। নির্বাচনি এলাকাসংধক্রান্ত প্রস্তাবনা ১০ অক্টোবর থেকে ৮ নভেম্বর পর্যন্ত জমা দেওয়া হবে। ৫ থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচনি এলাকার কোটা বরাদ্দ করা হবে। নির্বাচনি এলাকা সম্পর্কিত প্রশাসনিক বিষয়গুলো ৩১ আগস্টের মধ্যে সম্পন্ন হবে। ইসলামাবাদসহ চারটি প্রদেশের নির্বাচনি কমিটি ২১ আগস্টের মধ্যে হবে। নির্বাচনি আইন অনুযায়ী, ইসিপি সারা দেশে শতাধিক প্রাদেশিক ও জাতীয় সংসদ নির্বাচনি এলাকার জন্য নতুন সীমানা নির্ধারণ করতে বাধ্য।

# ইউক্রেনে এফ-১৬ পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র

**ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট :** নেদারল্যান্ডস ও ডেনমার্ক থেকে ইউক্রেনে এফ-১৬ যুদ্ধবিমান পাঠানোর বিষয়টি অনুমোদন করেছে যুক্তরাষ্ট্র। রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে ইউক্রেনের পাইলটদের এফ-১৬ যুদ্ধবিমান প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্র এই সিদ্ধান্ত নিয়েছে বলে এক কর্মকর্তা বৃহস্পতিবার জানিয়েছেন।

রুশ বিমানবাহিনীকে মোকাবেলার জন্য ইউক্রেন বারবার যুক্তরাষ্ট্রের তৈরী এফ-১৬ যুদ্ধবিমান দাবি করে আসছিল। ইউক্রেনের পাইলটরা যাতে এফ-১৬ যুদ্ধবিমান পায়, সেজন্য ডেনমার্ক ও নেদারল্যান্ডসকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুমোদন করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র।

উল্লেখ্য, ইউক্রেনের পাইলটদের প্রশিক্ষণ কার্যক্রমে ডেনমার্ক ও নেদারল্যান্ডসও সহায়তা করেছিল।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি ব্লিনকেন তার ড্যানিশ ও ডাচ প্রতিপক্ষদের চিঠির মাধ্যমে বলেছেন যে তারা ইউক্রেনে এফ-১৬ পাঠানোর বিষয়টি অনুমোদন করবেন।

ব্লিনকেন বলেন, রুশ আগ্রাসনের মুখে ইউক্রেনের তার দেশকে রক্ষা করাটা গুরুত্বপূর্ণ ব্যাপার।

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন মে মাসে ইউক্রেনের পাইলটদের এফ-১৬ বিমানের প্রশিক্ষণ গ্রহণের বিষয়টি অনুমোদন করেন। তবে এখন পর্যন্ত এফ-১৬ যুদ্ধবিমান সরবরাহের সময়সীমা নির্ধারণ করেননি।

এর আগে বৃহস্পতিবার ইউক্রেনের বিমানবাহিনীর মুখপাত্র ইউরি ইহনাত বলেন, তার দেশ চলতি বছরের মধ্যেই এফ-১৬ যুদ্ধবিমান পাবে বলে আশা করছে।










# বস্টনে বেইনের নির্বাচনে খোকা-কে সভাপতি দেখতে চান প্রবাসীরা

(শেষের পাতার পর)অ্যাসোসিয়েশন অব নিউ ইংল্যান্ড (বেইন)-এর হারানো ইতিহাস ও ঐতিহ্যকে ফিরিয়ে আনতে নতুন নেতৃত্ব খুঁজছেন ম্যাসাচুসেটসের বোষ্টন প্রবাসী বাংলাদেশিরা। বোষ্টনের তরুণ প্রজন্মের প্রিয়মুখ মাহাবুব-ই খোদা ওরফে খোকাকে পুনঃরায় সভাপতি পদে নির্বাচন করার আহবান জানিয়েছেন কমিউনিটির নেতারা। যুক্তরাষ্ট্রের বাংলা সংবাদমাধ্যম বাংলা প্রেস এ খবর জানিয়েছে।

গত ২০১৯ সালের বেইনের নির্বাচনে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করে স্বল্প ভোটে পরাজিত হয়েছিলেন। উক্ত ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ নির্বাচনে ব্যাপক ভোট কারচুপির অভিযোগ উঠলেও খোকা ও তার প্যানেল ফলাফল মেনে নিয়েছিলেন। এবারের ২০২৩ সালের আসন্ন নির্বাচনে বোষ্টন প্রবাসী বাংলাদেশিরা আবারও সভাপতি প্রার্থী মাহাবুব-ই খোদা (খোকা) নির্বাচন করার আহবান জানান।

এ উপলক্ষে গত ১৩ আগষ্ট এক সভায় বোষ্টনের বাংলাদেশি কমিউনিটির সকলস্তরের নেতারা একত্রিত হয়ে মাহাবুব-ই খোদা (খোকা) কে পুনঃরায় সভাপতি পদে নির্বাচন করার জন্য পূর্ণ সমর্থন দিয়ে তাদের মতামত প্রদান করেন।

সভায় পৃথক পৃথক বক্তব্যে কমিউনিটি নেতারা বলেন, যে কোন মূল্যে বোষ্টন প্রবাসীদের প্রিয় সংগঠন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব নিউ ইংল্যান্ড (বেইন)-এর হারানো ইতিহাস ও ঐতিহ্যকে ফিরিয়ে আনতে হবে। আপাতত খোকার বিকল্প কাউকে খুঁজে পাওয়া যাচ্ছে না। তাই তাকে নতুন একটি প্যানেল তৈরি করে এবারের নির্বাচনে অংশ নেবার জন্য প্রবাসীরা বিশেষভাবে আহবান জানান। সকলের আশ্বাস পেয়ে প্যানেল তৈরির কাজ করছেন বলে জানিয়েছেন খোকা।

উলেখ্য, ম্যাসাচুসেটস ও পার্শ্ববর্তী অঙ্গরাজ্যের প্রবাসী বাংলাদেশিদের জন্য এক সময় বেইন ছিল একমাত্র বিনোদন কেন্দ্র। প্রতি বছরে ৫/৬টি সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান, জমজমাট বনভোজনের শত শত বাংলাদেশিদের সমাগম ঘটতো। কিন্ত গত চার বছর ধরে বোষ্টন প্রবাসী বাংলাদেশিরা বেইন থেকে প্রায় বিমুখ হয়ে পড়েন। কমিউনিটির বিশিষ্টজন ও নেতারা বেইনের কোন কর্মকান্ডেই আর যেতে চান না। সেই হারানো ঐতিহ্যকে ফেরাতে আগামী নভেম্বরে আসন্ন নির্বাচনে নতুন মুখ ও তরুণ নেতৃত্বকে খুঁজছেন বোষ্টন প্রবাসী বাংলাদেশিরা।

সভায় উপস্থিত ছিলেন বেইনের সাবেক সভাপতি যথাক্রমে-বামন দাস বসু, আবু কালাম আজাদ, শাহীন খান, শহীদুল ইসলাম প্রিন্স, মোহাম্মদ বেলাল, নোমান চৌধুরী, সাবেক সহ-সভাপতি-জাহাঙ্গীর কবির, সাবেক সা. সম্পাদক নাহিদ সেতারা, তরুন বড়ুয়া, মেহেদী ইমাম ও ওমর এফ সামী।

ব্যক্তিগত কারণে সভায় উপস্থিত না থেকেও যারা সমর্থন জানিয়ছেন তারা হলেন- সাবেক সভাপতি তামান্না করিম, সহ সভাপতি ইসকন্দার আলম, সাবেক সা সম্পাদক জয়নাল মাহমুদ, জানে আলম ও বজলুল ওহাব শাহীন, কমিউনিটি নেতাদের মধ্যে যারা সমর্থন জানিয়েছেন তারা হলেন-ওসমান গনি, আনন্দ চৌধুরী, সোহেল চৌধুরী, মাহফুজুর রহমান, রহমান, সায়মন সাব্বির (সিপিএ), পিন্টু চৌধুরী, ড. দুলাল, বাবুল রেজা, পারভেজ চৌধুরী, ডিউক, মোস্তফা, হুমায়ুন মোর্শেদ, মহিউদ্দিন, ওয়াহিদি, মিতু, নাছিরুল, মনিরুল, ইমন, সাকী, সাহাবুদ্দিন, শিশির সিরাজুম মনির, ইদ্রিস ও আনোয়ার।

বোস্টন বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশন (বিবিবিএ) পরিচালক মন্ডলী-মোশারফ হোসেন হক, ইলিয়াস মাসুদ, তোফাজ্জল হোসেন মিলন, শেখ মাসুম, শেখ বাহাউদ্দিন, কলোল বড়ুয়া, আল আজাদ ও আবদুল মতিন। প্যানেল মেম্বারদের মধ্যে- সাধারন সম্পাদক প্রার্থী- রাজিবুর রহমান, সহ-সাধারন সম্পাদক প্রার্থী আশিকুর রহমান ও প্যানেল সদস্য রাজা।






TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA




# বস্টনে বেইনের নির্বাচনে খোকা-কে সভাপতি দেখতে চান প্রবাসীরা

**নিউ ইয়র্ক:** যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের বোষ্টন প্রবাসীদের প্রিয় সংগঠন বাংলাদেশ **(বাকি অংশ ৪৭ পাতায়)**



# এনওয়াইপিডি সার্জেন্ট এরশাদ সিদ্দিককে কমিউনিটি সার্ভিস এওয়ার্ড প্রদান

**বাংলা পত্রিকা ডেস্কঃ** নিউইয়র্ক পুলিশে বাংলাদেশি বংশোদ্ভূত সার্জেন্ট এরশাদুর সিদ্দিক **(বাকি অংশ ৩৭ পাতায়)**

# বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ৩৬ পাতায়)**



*মুনা কনভেনশনে বক্তব্য রাখছেন ড. মিজানুর রহমান আজহারী*

# বর্ণাঢ্য আয়োজনে শেষ হলো ৩ দিনের মুনা কনভেনশন

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** যুক্তরাষ্ট্রে উৎসবমূখর আয়োজনে অনুষ্ঠিত হলো তিনদিনব্যাপী মুনা কনভেনশন। ফিলাডেলফিয়ার পেনসিলভেনিয়া কনভেনশন সেন্টারে এ কনভেনশনের আয়োজন করে মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা)। ষষ্টবারের মতো এ আয়োজনে উত্তর আমেরিকার বিভিন্ন দেশসহ মুসলিম বিশ্ব থেকে বিশ হাজারের মত মানুষ যোগ দেন। আয়োজকরা জানান, **(বাকি অংশ ১৩ পাতায়)**

## নিউইয়র্কে শ্রমিক লীগের উদ্যোগে দোয়া মাহফিল ও খাবার বিতরণ

**নিউইয়র্কঃ** হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। শোক দিবস উপলক্ষে জাতীয় শ্রমিক লীগ যুক্তরাষ্ট্র শাখার উদ্যোগে দোয়া মাহফিল ও খাবার বিতরণ করা হয়েছে। ১৫ আগস্ট মঙ্গলবার যুক্তরাষ্ট্রের নিউ **(বাকি অংশ ৩৭ পাতায়)**

## যুক্তরাষ্ট্রের আড়াই কোটি মানুষের ভাগ্যে দূষিত পানি

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের আড়াই কোটি মানুষের ভাগ্যে মিলছে দূষিত পানি। ১৭ আগস্ট, বৃহস্পতিবার 'এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি' (ইপিএ) তাদের একটি সমীক্ষায় এমনই দাবি করেছে। সমীক্ষায় বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের অন্তত ২৬ মিলিয়ন মানুষ অর্থাৎ ২ কোটি ৬০ লক্ষ মানুষ দূষিত পানি **(বাকি অংশ ৪১ পাতায়)**

## ছাতকে বর্ণাঢ্য সংবর্ধনায় ড. আবু জাফর মাহমুদ পূণ্যভুমি সিলেটের বন্যা চিরতরে বন্ধ হবে

**বাংলা পত্রিকা ডেস্ক :** গোবাল পিস অ্যামব্যাসেডর স্যার ড. আবু জাফর মাহমুদ ভিয়েতনাম থেকে নাইট অফ সেন্ট জন অফ জেরুজালেম উপাধি গ্রহণের পর সরাসরি জন্মভূমি বাংলাদেশে গেলে সেখানে বিভিন্ন পর্যায় থেকে তিনি সংবর্ধিত হয়েছেন। গত ১০ **(বাকি অংশ ৪৪ পাতায়)**



## যুক্তরাষ্ট্রে বয়স স্কাউটের সর্বোচ্চ র‍্যাংক ঈগল স্কাউট অর্জন করলেন বাংলাদেশি বংশোদ্ভুত রেয়ান রেহমান



**বাংলাপত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্রে বাংলাদেশি বংশোদ্ভুত তরুণ রেয়ান রেহমান বয় স্কাউট অব আমেরিকারওঈগল স্কাউট্ র র‍্যাংক অর্জন করেছেন। **(বাকি অংশ ৪১ পাতায়)**

## গ্লেবাল জালালাবাদ এসোসিয়েশনে উদ্দ্যোগে জাতীয় শোক দিবস পালিত

**নিউইয়র্কঃ** গোবাল জালালাবাদ এসোসিয়েশন বাংলাদেশ ইউনিটের পক্ষ থেকে গতকাল এক ভ্যাচূয়ালি আলোচনা সভা ও দোয়া মহফিলের আয়োজন করা হয়েছে। গোবাল জালালাবাদ এসোসিয়েশন এর বাংলাদেশ ইউনিটের ইউনিটের সভাপতি বাংলাদেশ সরকারের সাবেক সচিব **(বাকি অংশ ৩৯ পাতায়)**



## 'আল্লাহু আকবার' এর মর্মকথা

**জাফর আহমাদ**

আল্লাহ আকবার মানে আল্লাহ মহান, এর ভাবার্থ হলো, আল্লাহ সর্বশ্রেষ্ট। আমরা যখন আল্লাহু আকবার বলি, তখন একটি বাক্য উহ্য থাকে তাহলো, আল্লাহু আকবারু মিন **(বাকি অংশ ৪৪ পাতায়)**

### খেলার খবর

## টাইব্রেকার জিতে ইতিহাস গড়ল মেসির মায়ামি

ঢাকা ডেস্ক, ২০ আগস্ট : লিওনেল মেসির হাত ধরে প্রথমবার লিগস কাপের শিরোপা জিতল ইন্টার মায়ামি। ন্যাশভিলের বিপক্ষে নির্ধারিত **(বাকি অংশ ১৮ পাতায়)**

### হেলথ টিপস

## শিশুর লিভারেও সমস্যা হতে পারে

**ঢাকা ডেস্ক:** সন্তানের সুস্বাস্থ্যের জন্য বাবা-মা সর্বদাই উদগ্রীব হয়ে থাকেন। সন্তানের সামান্য অসুস্থতাও মা-বাবার কাছে আতঙ্কের বিষয়। **(বাকি অংশ ৪১ পাতায়)**

### বিনোদন

## 'আমরা ভালো আছি, ঠিকঠাক আছি'

ঢাকা ডেস্ক, ১৮ আগস্ট : প্রায় তিন মাস পর দ্বন্দ্ব ভুলে এক ছাদের নিচে ফিরলেন নায়ক শরীফুল রাজ ও স্ত্রী পরীমনি। তাদের সম্পর্ক স্বাভাবিক হওয়ার পথে। গত বুধবার রাতে সন্তানসহ রাজ ও পরীমনিকে একসঙ্গে দেখা গেছে। **(বাকি অংশ ৪১ পাতায়)**


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

## বাংলাদেশ আমেরিকার যৌথ প্রযোজনার ছবি "ফ্লাশ ইট"



**নিউইয়র্কঃ** প্রথম সিনেমা 'মৃধা বনাম মৃধা' দিয়েই দর্শকের আস্থা অর্জন করেন নির্মাতা রনি ভৌমিক। এ সিনেমাটি জাতীয় চলচ্চিত্র পুরস্কার এনে দেয় নায়ক সিয়াম আহমেদকে। প্রথম সিনেমার দেড় বছর পর নতুন খবর দিলেন নির্মাতা। জানালেন, 'ফ্ল্যাশ ইট' শিরোনামে সিনেমা নির্মাণ করছেন **(বাকি অংশ ১২ পাতায়)**

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com


জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্জব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE POARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM


Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com